উত্তরবঙ্গ

১৬ পাতার সংখ্যা

দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 38 ■ Issue No. 33 ■ 16th August 2025 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



ভেতরের পাতায় —

- নৌবাহিনীতে ২৫০ অফিসার
- ব্যাঙ্ক অফ বরোদায় ১৪২ অফিসার
- ইন্ডিয়ান অয়েলে ৪৭৫ অ্যাপ্রেন্টিস
- স্কুল সার্ভিসের বাংলা ও ইতিহাস বিষয়ের সম্ভাব্য প্রশ্নোত্তর


৭৯তম স্বাধীনতা দিবসে

কর্মসংস্থান পত্রিকার পাঠক, বিজ্ঞাপনদাতা, সংবাদপত্র বিক্রেতা ও শুভানুধ্যায়ীদের জানাই শুভ ইচ্ছা।

**স্কুলে ক্লার্ক ও গ্রুপ-ডি পদে মোট শূন্যপদ : ৮,৪৭৭টি**

গ্রুপ-সি পদে ২,৯৮৯ টি ও গ্রুপ 'ডি' পদে ৫,৪৮৮টি

## রেলে ৪৩৪ প্যারামেডিক্যাল পদে চাকরি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : কলকাতা, মালদহ, শিলিগুড়ি, গুয়াহাটি, পাটনা, রাঁচি, চণ্ডীগড়, ভোপাল, মুম্বই, চেন্নাই, ভুবনেশ্বর, বিলাসপুর, আহমেদাবাদ, আজমীর, এলাহবাদ, বেঙ্গালউরু, গোরক্ষপুর, জম্মু-শ্রীনগর,

এরপর ২ পাতায়

# স্কুলে ৮ হাজার গ্রুপ 'ডি', ক্লার্ক, লাইব্রেরিয়ান

**গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হল**

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন রাজ্যের সরকার পোষিত স্কুলে ক্লার্ক, গ্রুপ-ডি ও লাইব্রেরিয়ান পদে নিয়োগের জন্য ৪ আগস্ট গেজেট বিজ্ঞপ্তি (No. 1127-SL/5S/241/2025, Date: 04.08.2025) বের করেছে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ও নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য নিচে দেওয়া হল :

গ্রুপ-ডি : কোনো স্বীকৃত স্কুল, পর্ষদ বা, সংসদ কিংবা সমতুল প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২৫'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।

ক্লার্ক : মাধ্যমিক বা, স্কুল ফাইনাল কিংবা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। স্কুল ফাইনাল বা, মাধ্যমিকের বদলে 'পুরনো কোর্সে উচ্চমাধ্যমিক (ওল্ড এইচ.এস.)' পাশ হলেও যোগ্য। সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১-১-২০২৫'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থী বাছাইয়ের সময়

এরপর ১১ পাতায়


COMBINED POLICE Group C & D

প্রস্তুতির সঠিক ঠিকানা

FCA Monthly Fees

বারাসাত : 9433327850

নলহাটি : 95639 81048



এবছর ৩০ নভেম্বরের রাজ্য পুলিশের কনস্টেবল পদের অনলাইন পরীক্ষার কমন প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :

6291684943

সফল সাথী


# স্বাস্থ্য দফতরে ৫,৩৬৮ নার্স, ফার্মাসিস্ট

## ২,৪৩৬ জি.এন.এম নার্স

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতর 'স্টাফ নার্স, গ্রেড।। (জি.এন.এম.)' পদে ২,৪৩৬জন ছেলেমেয়ে নিচেছ। জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.) কোর্স পাশ বা, বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশ

এরপর ৬ পাতায়

## ২,৫৮২ বি.এসসি নার্স

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতর 'স্টাফ নার্স, গ্রেড।। (বেসিক বি.এসসি নার্সিং, পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং)' পদে ২,৫৮২ জন মেয়ে নিচেছ। বেসিক

এরপর ৬ পাতায়

## ৩৫০ ফার্মাসিস্ট

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : পশ্চিমবঙ্গ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ 'ফার্মাসিস্ট গ্রেড-।।।' পদে ৩৫০ জন লোক নিচেছ। ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বা, অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ফার্মাসির

এরপর ৬ পাতায়

# স্টেট ব্যাঙ্কে ৬,৫৮৯ ক্লার্ক

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : কেন্দ্রীয় সরকারি সংস্থা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'জুনিয়র অ্যাসোসিয়েটস (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস)' পদে ৬,৫৮৯ জন ছেলেমেয়ে নিচেছ। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এবছর যাঁরা ডিগ্রি কোর্সে ফাইনাল বর্ষের পরীক্ষা দিয়েছেন, তাঁরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায়

এরপর ১০ পাতায়

## ব্যাঙ্কে ২৫০ অফিসার

নিজস্ব প্রতিনিধি, মুম্বই : ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'ওয়েলথ ম্যানেজার' পদে ২৫০ জন লোক নিচেছ। এম.বি.এ., পি.জি.ডি.এম., পি.জি.পি.এম., পি.জি.ডি.বি.এ., এম.এম.এস. কোর্স পাশরা

এরপর ৭ পাতায়






# ২ বিমা সংস্থায় ১,০৫০ অ্যাসিস্ট্যান্ট ও অফিসার

দ্য ওরিয়েন্টাল ইনসিওরেন্স কোম্পানিতে ৫০০ ও দ্য নিউ ইন্ডিয়া অ্যাসিওরেন্স কোম্পানিতে ৫৫০

কর্মসংস্থান ব্যুরো, নয়াদিল্লি ও মুম্বই : দ্য ওরিয়েন্টাল ইনসিওরেন্স কোম্পানি লিমিটেড 'অ্যাসিস্ট্যান্ট' পদে ৫০০ জন লোক নিচেছ। যেকোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন

এরপর ১০ পাতায়

কলকাতার ১০৫টি আইটি কোম্পানিতে

# ৩২,০১৮ AI বেসড ওয়েব ডিজাইনার

সৈকত হালদার, সল্টলেক : কলকাতার ১০৫টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ৩২,০১৮ AI বেসড ওয়েব ডিজাইনার লাগবে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। সঙ্গে লাগবে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং। এই পদে

এরপর ৪ পাতায়

ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কে

# ৭৫০ অ্যাপ্রেন্টিস

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্ক অ্যাপ্রেন্টিস হিসাবে ৭৫০ জন ছেলেমেয়ে নিচেছ। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৮-২০২৫'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের

এরপর ৮ পাতায়


GENEX SUPTENNDU GROUP

সায়েন্স নেই? আমরা আছি তোমার পাশে!!

এখন আর্টস ও কমার্সের ছাত্রছাত্রীরাও নার্সিং ও ফার্মেসি করার সুযোগ পাবে।

D.PHARMA

- Genex College of Pharmaceutical Science & Technology
- Suptendu Pharmacy Institute
- Lakshmi Pharmacy Institute

(PCI স্বীকৃত ও WBSCTVE & SD অনুমোদিত)

B.Ed

মাত্র 50,000/- টাকা

GENEX B.Ed. College

(NCTE স্বীকৃত ও WBUTTEPA অনুমোদিত)

D.El.Ed. ভর্তির শেষ সুযোগ

মাত্র 20,000/- টাকা

Suptendu Memorial D.El.Ed. College

(NCTE স্বীকৃত ও WBBPE অনুমোদিত)

5 minute from Chuchura Station, Sugandha, Hooghly

6290094671 / 9748305453

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com


## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
MP, HS, UG, PG, Nursing, B.Ed, D.Pharm অন ডিমান্ডে 70% গ্যারান্টি। হুগলি- 7003156422
R

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), ECG কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রিট, কলি-9 (M)- 7980637213
CM

10th / H.S, / B.A. / B.Ed / I.T.I. / B.Tech./ LL.B. / Ph.D, পাশ করুন অতি অল্প সময়ে। Back year available, M: 9332833022
SH

## কর্মখালি

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। এক্স সার্ভিসম্যানদের অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (22000–49000) OT-সহ অন্যান্য সুবিধা। 9831809024
SP

Req. 3 Tech. person B.Com or B.Tech, B.Sc. For rolling Mill near Jaisawal, Liluha. 9903459551/9830146330
K

**PNB BANK DSA-তে আর্জেন্ট জব**
যোগ্যতা অনুযায়ী সরাসরি নিয়োগ। All WB M/F মোট 227 জন। বেতন: 17K–43K. বয়স: 18–55. PF, ESI, OT. M : 9073454165
SA

**জরুরি চাকরির শূন্যপদ**
WBSEDCL বিভাগ: কম্পিউটার টেকনিক্যাল বিভাগ। কন্ট্রাক্টরের অধীনে বেতন : 26,000/-–56,000/-, কম্পিউটার টেকনিক্যাল বিভাগে তাৎক্ষণিক নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের দরখাস্ত আহ্বান করছে। চমৎকার ক্যারিয়ার বৃদ্ধি ও সরকারি নিয়মের সুযোগ-সুবিধা। যোগাযোগ : 7364046076. এখনই আবেদন করুন - সীমিত পদ খালি।
SP

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆ 7890135514

## স্কুল-কলেজ-শিক্ষা

**মুক্ত বিশ্ববিদ্যালয়**
একচান্সে Online ও Distance-এ 10th, 12th, BA, MA, BSC, MBA পাশ করুন। ভর্তির জন্য : 8479953999, 8582933222
MS

**প্যারামেডিকেল ও নার্সিং**
ECG, DPT (ফিজিওথেরাপি) CMS&ED (এলোপ্যাথি), DHMH (হোমিও), DMLT (প্যাথলজি) এবং ANM (নার্সিং) কোর্সে জুলাই সেশনে ভর্তির শেষ তারিখ 24শে আগস্ট। ক্লাস শনি ও রবিবার। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সাইন্স। (30 বছরের বিশ্বস্ত প্যারামেডিকেল কলেজ) গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84. 45A বাসস্ট্যান্ডের বিপরীতে। 7439213900 / 8272911322
D

Regular/Distance/Online Mode-এ আপনার মূল্যবান ডিগ্রি অর্জন করুন এবং কর্মক্ষেত্রে সুবিধা নিন — ভর্তি চলছে UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে B.A, M.A, M.Sc, LLB, B.Ed, M.Ed, M.B.A, Diploma, B.Tech, M.Tech, P.Hd – Bright Future, আরামবাগ, বর্ধমান, কোলকাতা-8373010007
S

## কর্মখালি

**আর্জেন্ট জব ভ্যাকান্সি**
কোলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন স্থায়ী পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S.–স্নাতক ও উর্দ্ধে। বেতন : (21500-65900), বয়স : (18-45), PF, ESI, মেডিকেল, বোনাস, প্রমোশন-সহ থাকা ও খাওয়া ফ্রি। M : 9051034232
SA(A)

WBSEDCL – কন্ট্রাক্টরের অধীনে নিজের জেলায় আর্জেন্ট জব। স্যালারি : 28K–86K, মোট আসন : 3586, PF, ESI, বোনাস। M/F নিয়োগ। যোগ্যতা : 8th–স্নাতক। এক্স আর্মিদের বিশেষ সুবিধা। M : 8293656248
SA

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## ব্যবসা

বিনামূল্যে সিভিল স্কোর ঠিক করে ব্রান্ডেড কোম্পানির প্রোডাক্ট বাকি নিয়ে স্বাধীন ব্যবসা করুন। আনলিমিটেড আয়। 8981780787
R

## কর্মখালি

**বন্ধন BANK DSA-তে**
21টি জেলায় নিয়োগ। যোগ্যতা : SF–উর্দ্ধে, বেতন : (22K–48K), ইনসেনটিভ, ইনক্রিমেন্ট, T.A, ST, SC, OBC-দের ছাড় আছে। বিশদ জানতে ফোন করুন : 8327483664
SP

ব্যাঙ্ক DSA অধীনে সমগ্র পশ্চিমবঙ্গে কয়েক হাজার পুঃ/মহিলা স্টাফ চাই। '0' ব্যালেন্স অ্যাকাউন্ট, সিভিল স্কোর রিপেয়ারিং ও লোনের কাজের জন্য - 9903079857.
R

স্থায়ীপদে টেকনিশিয়ান কাজের জন্য 22 জন (18-28 মধ্যে) M/F চাই। কাজের সময় 10.30-6.30 (বেতন 8000/+TA) M- 9800045661
MS

বিনামূল্যে কাজের পোষাক দিয়ে শপিংমল-এর বিভিন্ন পদে 8 ঘণ্টার স্থায়ী কাজে পুজোর আগে কর্মী চাই। বেতন : 14K–26K, 9144545228
SA

**অল ইন্ডিয়া রিক্রুটমেন্ট**
এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে গ্রাউন্ড স্টাফ, ট্রলিবয়, অ্যানাউন্সার, পিওন, রিসেপশনিস্ট, পদে M/F চাই। মাধ্যমিক-উর্দ্ধে, বেতন : 19K–56K OT-সহ PF, ESI. 7583907006
SP

**আর্জেন্ট ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে কোলকাতা মেট্রোরেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S.–স্নাতক ও উর্দ্ধে। বয়স : (18-45), বেতন : (21500-65700), থাকা, খাওয়া ফ্রি সহ OT, PF, ESI, ছুটি, বোনাস ও প্রমোশন-এর সুবিধা পাবেন। 8583803445
SA(A)

এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে ট্রলিবয়, অ্যানাউন্সার, গ্রাউন্ডস্টাফ, ফুড প্যাকিং বিভিন্ন পদে M/F চাই। বেতন : (22K–48K), OT-সহ অন্যান্য সুবিধা। M : 9038103014
SP

## কর্মখালি

**ব্যাঙ্কে পার্মানেন্ট জব নিজ জেলায় পোস্টিং**
প্রাইভেট ব্যাঙ্কে নিজের জেলায় যোগ্যতা অনুযায়ী পার্মানেন্ট চাকরির সুবর্ণ সুযোগ। 10 পাশ + যোগ্যতায় মোট 198 জন M/F নেওয়া হবে। বেতন : 22400+, প্রমোশন আছে। PF, ESI পাবে। যোগাযোগ M : 8653663610
SA

AXIS ব্যাঙ্কে DSA আর্জেন্ট জব। যোগ্যতা : 8th–স্নাতক। সরাসরি নিয়োগ। মোট 980 জন। বেতন : 24K–82K, বয়স : 18–56, PF, ESI, বোনাস। এক্স আর্মিদের বিশেষ সুবিধা। M : 7384692808
SA

**Airport Job**
যোগ্যতানুযায়ী এয়ারপোর্টে বিভিন্ন কাজে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P, স্নাতক ও উর্দ্ধে। বেতন : (21500–65900), থাকা খাওয়া-সহ সব রকম সুবিধা পাবেন। যোগাযোগ - M : 8583880443
SA(A)

প্যাকিং-এর কাজের জন্য অল্পবয়স্ক (২০-৩০) কর্মঠ ছেলে ও কিচেন চিমনি রিপিয়ারিং এর কাজ আউটডোর টেকনিশিয়ান ও কম্পিউটারে Tally-এর কাজ জানা মহিলা কর্মী চাই। উত্তরপাড়া-শ্রীরামপুর অগ্রগণ্য। বেতন- ৮৫০০/-১২,০০০/- + অন্যান্য সুবিধা। M: 8585882184
MS

হাওড়া ও বর্ধমানে বিভিন্ন হসপিটালে 50টি GNM (WBNC ও Others) M/F নার্স প্রয়োজন। বেতন : 5-15 হাজার। Call : 7439388392
R

**নিয়োগ বিজ্ঞপ্তি**
বিনা ডোনেশনে এয়ারপোর্টে যোগ্যতানুযায়ী বিভিন্ন কাজের জন্য সরাসরি M/F নিয়োগ। যোগ্যতা : M.P.–স্নাতক ও উর্দ্ধে। বয়স : (18-50), বেতন : (21500-62900), PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা, খাওয়া ফ্রি। 9051878773
SA(A)

**দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।**

**I.T.I Training করে বিভিন্ন Industry তে চাকরি করুন**
National Council for Vocational Training (N.C.V.T Govt. Of India) & D.I.T (Govt. of West Bengal) দ্বারা অনুমোদিত

**রবীন্দ্র পাঠ ভবন®**
ITI
Skill India
100% চাকরির সহায়তা | সরাসরি ভর্তি চলছে

**Electrician, Fitter**
**Civil Draughtsman, Surveyor**

BELGHARIA, 24 PGS. (N), KOL- 49

**সরকারি Teachers training**
মন্তেশ্বরি বেস (প্রাইমারি ও প্রি-প্রাইমারি)
N.C.V.T, Govt. of India অনুমোদিত

English Medium School এ চাকুরির ব্যবস্থা
Belgharia, Kalyani, Arambagh, Gorubathan

**সরকারি ITI-এ ভর্তির সুযোগ**
**Govt. ITI কলেজে Management Seats**

সরাসরি ভর্তি চলছে
**Government ITI Arambagh (Hooghly)**
**Government ITI Gorubathan (Kalimpong)**
• SC, ST, OBC Scholarship • Education Loan
• Hostel Facility • Course Fees অন্যান্য ITI থেকে কম

**8335047935**
**9007760530**
Rabindra Path Bhaban Technical Institute

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এমনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা বা বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

# রেলে ৪৩৪ প্যারামেডিক্যাল

১ পাতার পর

মজঃফরপুর, সেকেন্দরাবাদ ও তিরুনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের বিভিন্ন জোনে ডায়াটেশিয়ান, নার্সিং সুপারিন্টেন্ডেন্ট, ডায়ালিসিস টেকনিশিয়ান, হেলথ অ্যান্ড ম্যালেরিয়া ইন্সপেক্টর গ্রেড-II, ল্যাবরেটরি সুপারিন্টেন্ডেন্ট গ্রেড-III, ফার্মাসিস্ট, রেডিওগ্রাফার এক্স-রে টেকনিশিয়ান, ই.সি.জি. টেকনিশিয়ান, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট গ্রেড-II পদে ৪৩৪ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কোন পদের জন্য কারা আবেদনের যোগ্য :

**ক্যাটেগরি নং ১: নার্সিং সুপারিন্টেন্ডেন্ট** : জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স পাশরা নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। দৃষ্টিশক্তি দরকার C-1. বয়স হতে হবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০ টাকা। শূন্যপদ : **(1) RRB Kolkata** – ER : 21 (UR : 5, SC : 9, ST : 3, OBC : 2, EWS : 2); SER : 10 (UR : 5, SC : 1, OBC : 3, EWS : 1), CLW : 25 (UR 16, SC-2, ST-3, OBC-3, EWS-1). **(2) RRB Siliguri** – NFR : 10 (UR : 4, SC : 2, OBC : 3, EWS : 1), **(3) RRB Malda** – ER : 5 (UR : 2, ST-1, OBC : 1, EWS : 1). **(4) RRB Patna** – ECR : 23 (UR :9, SC-3, ST-2, OBC : 7, EWS : 2), **(5) RRB Ranchi** – ECR : 5 (UR : 2, SC-1, OBC : 1, EWS : 1), SER-4 (UR-2, SC-1, OBC-1). **(6) RRB Guwahati** – NFR : 7 (UR : 4, OBC : 2, EWS : 1)

**ক্যাটেগরি নং ২ : ডায়ালিসিস টেকনিশিয়ান** : বি.এসসি. কোর্স পাশরা হেমোডায়ালিসিসের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ২০ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-1. মূল মাইনে : ৩৫,৪০০ টাকা। কোন কোন রেলে শূন্যপদ আছে তা ওয়েবসাইটে পাবেন।

**ক্যাটেগরি নং ৩ : হেলথ অ্যান্ড ম্যালেরিয়া ইন্সপেক্টর গ্রেড-II** : কেমিস্ট্রি প্রধান বিষয় বা, ঐচ্ছিক বিষয় হিসাবে নিয়ে বি.এসসি. কোর্স পাশরা কোনো স্বীকৃত ইনস্টিটিউট থেকে হেলথ /স্যানিটারি ইন্সপেক্টরের ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ কিংবা হেলথ /স্যানিটারি ইন্সপেক্টরের ১ বছরের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশরা C-1 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : **(1) RRB Siliguri** – NFR : 1 (UR).

**ক্যাটেগরি নং ৪: ফার্মাসিস্ট** : সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত ইনস্টিটিউট থেকে ফার্মাসির ডিপ্লোমা কোর্স পাশ আর C-2 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন। ফার্মাসির ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০ টাকা। শূন্যপদ : **(1) RRB Kolkata** – ER : 5 (UR : 1, SC : 2, EWS : 2).

☞ এরপর ১০ পাতায়

# প্রতি ৩ মাসে কয়েকশো চাকরি দিয়ে অনন্য নজির গড়ল ডিসান অ্যাকাডেমি

তারকনাথ দাস, কলকাতা : 'সবাই বলছে চাকরি নেই। কিন্তু আমি বলছি চাকরি করার মতো যোগ্যতা নেই। মেবার ওয়েলফেয়ার মিনিস্ট্রির গত ৩ মাসের ডেটাবেস অ্যানালিসিস করে আমি নিরপেক্ষভাবে বলছি যে আজকের নতুন ভারতবর্ষের ছেলেমেয়েদের মধ্যে ঠিকঠাক যোগ্যতা না থাকায় বেশিরভাগ লোকই বেকার রয়েছে। উদাহরণ হিসাবে যদি আমাদের মতো বহুজাতিক কোম্পানিকেই ধরি, তাহলে আমি বলব প্রতি ৩ মাস অন্তর আমরা আইটি সেক্টরে প্রায় ৫,০০০ থেকে ৬,০০০ যোগ্য লোক খুঁজি। কিন্তু ঠিকঠাক প্রফেশনালসদের পাই না।' গত সপ্তাহে মাদ্রাজ আইআইটির সমাবর্তন উৎসবে যোগ দিয়ে ওয়েলকাম স্পিচ দিতে গিয়ে এই উক্তি করেন ইনফোসিসের সহ প্রতিষ্ঠাতা নাগাভারা রামারাও নারায়ণা মূর্তি সংক্ষেপে আইটি সাম্রাজ্যের অবিসংবাদি কিংবদন্তি 'নারায়ণ মূর্তি'। অর্থাৎ, এখন যে একটি প্রচার চলছে যে চাকরি নেই। আদপে তা কিন্তু সত্যি নয়। আসল সত্যিটা হল, রিক্রুটাররা অর্থাৎ চাকরি যাঁরা দেবে, তাঁরা যে ধরনের যোগ্যতা চাকরি প্রার্থীর মধ্যে খোঁজে অর্থাৎ 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড কাস্টমাইজড ট্রেনিং' — তাঁর অভাবের জন্যই ছেলেমেয়েরা চাকরি পায় না। এই অবস্থায় দাঁড়িয়ে আমাদের রাজ্যেরই একটি আইটি সংস্থা যুগান্তকারী বিপ্লব ঘটাচ্ছে। রাজ্য জুড়ে যেখানে চাকরির উপযোগী ঠিকঠাক শিক্ষার ঘাটতি প্রকট, সেখানে যে সংস্থা গত কয়েক বছর ধরে আইটি বা সফটওয়্যার ক্ষেত্রে কয়েকশো চাকরি দিয়ে এক অনন্য নজির তৈরি করেছে — সেটি হল ডিসান অ্যাকাডেমি (Desun Academy)। সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য আশার আলো জ্বালিয়েছে এই সংস্থা। সাধারণ উচ্চ মাধ্যমিক যোগ্যতার ছেলেমেয়েরা বিশেষত যাঁদের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই, এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে তাঁরা দেশের নামি দামি আইটি সংস্থায় মোটা পে-প্যাকেজে কর্মরত। কিভাবে এই অসম্ভবকে, সম্ভবে পরিণত গেল? উত্তরে সংস্থার সিইও অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন আমাদের প্রতিষ্ঠানের একটাই লক্ষ্য। যোগ্য কিন্তু ঠিকঠাক মতো সুযোগ পাচ্ছে না, এমন ছেলেমেয়েদের খুঁজে, তাদের চাকরির উপযোগী ট্রেনিং দিয়ে ভালো মাইনের প্লেসমেন্ট দেওয়া। এই উদ্দেশ্যেই ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation)-এর পথ চলা শুরু। চাকরি মানুষ পায় দক্ষতা, আত্মবিশ্বাস ও ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং-এর মাধ্যমে। আজ এককথা নির্দ্বিধায় এই সবকটি বিভাগেই, আমরা দেশের মধ্যে অন্যতম সেরা। তাই এখান থেকে পাশ করলে কেউ বসে থাকে না। একসঙ্গে ২ থেকে ৩টি অফার লেটার পায়। এটাই এখানকার ট্রেন্ড।' ডিজিটাল মার্কেটিং বিভাগে এখানকার ছেলেমেয়েদের সাফল্য প্রশ্নাতীত। কয়েকটি উদাহরণ দিলেই সহজেই তা বোঝা যাবে। যেমন, এখানকার ছাত্র প্রণব ঘোষের কথাই ধরা যাক। সাধারণ কমার্স গ্র্যাজুয়েট। ৪ বছর ধরে বিভিন্ন ধরনের কোর্স করে যখন চাকরি পাওয়ার আশা একদম ছেড়েই দিয়েছে তখন ডিসানে আসে। ভর্তি হয় UI / UX Web Design-এ। কোর্স ছিল ৯ মাসের। বললে বিশ্বাস করবেন না, আজকে ছেলেটি একটি বহুজাতিক সংস্থায় বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি করছে। অর্থাৎ একটা জিনিস পরিষ্কার আইটিতে চাকরি পেতে গেলে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো বাধ্যবাধকতা নেই। আবার এখানকার আরেকটি ছেলে অরন্যাভ পাত্র। আর্টস ব্যাকগ্রাউন্ড। এখানে যখন প্রথম কাউন্সেলিং করাতে এসেছিল, তখন কাউন্সিলারদের এটা বোঝাতে হিমসিম খেতে হয়েছিল যে 'পাতি আর্টস ব্যাকগ্রাউন্ড' হলেও অরন্যাভ আইটি কোম্পানির জন্য একদম ঠিকঠাক 'মেটেরিয়াল'। ডিসানের আশা সত্যি করে আজকে অরন্যাভ ওয়েব ডেভেলপার হিসাবে মাসে ৩২,০০০ টাকা মাইনের চাকরি করছে। আবার এখানকার ছাত্রী অমর্ত্যা সেন, গ্র্যাজুয়েট হওয়ার পর সবকটি চাকরির ইন্টারভিউতেই ব্যর্থ হয়। তারপর ভর্তি হয় ডিসানে। এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে মাসে ১৮,৫০০ টাকার স্যালারি প্যাকেজ পাচ্ছে সে। ডিসান অ্যাকাডেমির এইরকম অজস্র সাফল্যের রহস্য কী? উত্তরে অর্ঘ্য জানালেন, '(১) এখানে ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা প্রফেশনালসদের কাছ থেকে সরাসরি ট্রেনিং পায়, (২) প্রতিটি কোর্সের শেষে থাকে পেইড ইন্টার্নশিপ, (৩) এই প্রতিষ্ঠান চাকরির আশ্বাস নয় — গ্যারান্টি দেয়। তাই এখানে ভর্তির সময় সরাসরি বলে দেওয়া হয় আপনার কমিটমেন্ট থাকলে, চাকরি না পেলে মানিব্যাক গ্যারান্টি দেওয়া হবে, (৪) এখানে সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য স্কলারশিপের ব্যবস্থা আছে। এই স্কলারশিপ দেওয়া হয় ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation) এর তরফ থেকে, (৫) AI বেসড আপডেটেড ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড কোর্স কারিকুলাম, (৬) এখানে সফটস্কিলের ওপর আলাদাভাবে গুরুত্ব দেওয়া হয়।' জি২৪ ঘন্টার, 'এক্সিলেন্স ইন হাই পে ইন জব ইন আইটি অ্যাকাডেমি - ২০২৫' পুরস্কার বা টিভি৯ বাংলা থেকে 'ব্যান্ডস অফ বেঙ্গল এক্সিলেন্স ইন জব ওরিয়েন্টেড স্কিল বেসড এডুকেশন' বা 'বেঙ্গল বিজনেস এক্সিলেন্স অ্যাওয়ার্ড - এক্সিলেন্স ইন ট্রেনিং অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট' এর মতো প্রথম সারির পুরস্কার পাওয়া এই প্রতিষ্ঠান আজ দেশের মধ্যে আইটি ও সফটওয়্যার ক্ষেত্রে ট্রেনিং প্রোভাইডার হিসাবে অন্যতম সেরা। উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ করে যাঁরা বসে আছেন, বা যাঁরা ভাবছেন তাঁদের দ্বারা কিছু হবে না বা পয়সার অভাবে যাঁরা কি করবেন ভেবে পাচ্ছেন না, তাঁরা সময় নষ্ট না করে সুনিশ্চিত চাকরি পেয়ে নিজের পায়ে দাঁড়াতে আজই ডিসান অ্যাকাডেমির সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে : 9429691888.

# RKM শিল্পমন্দির কমিউনিটি ট্রেনিং সেন্টার, বেলুড় মঠে প্রযুক্তিগত প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি : RKMS কমিউনিটি ট্রেনিং সেন্টারে ১৮ থেকে ৩০ বছর বয়সী পুরুষ প্রার্থীদের ভর্তি চলছে। প্রতিটি ট্রেডে হাতেকলমে প্র্যাক্টিক্যাল প্রশিক্ষণ দেওয়া হয়। **১ বছরের জন্য যেসব ট্রেডে ভর্তি চলছে** — (১) ফিল্ড টেকনিশিয়ান রেফ্রিজারেশন ও হোম অ্যাপ্লায়েন্স রিপেয়ারিং, (২) ফিল্ড টেকনিশিয়ান — মোটর মেকানিক, (৩) ইলেক্ট্রনিক্স টেকনিশিয়ান, (৪) ইলেক্ট্রিক্যাল টেকনিশিয়ান, (৫) ইন্ডাস্ট্রিয়াল ফিটার, (৬) ফিল্ড টেকনিশিয়ান — মেকানিক্যাল। **৬ মাসের জন্য যেসব ট্রেডে ভর্তি চলছে** — (১) মেশিনিস্ট, (২) স্মার্ট ফোন ও টিভি রিপেয়ারিং, (৩) ওয়েল্ডিং, (৪) ফিটার ও পাইপ ফিটার, (৫) ইলেক্ট্রিশিয়ান, (৬) অটোমোবাইল মেকানিক, (৭) রেফ্রিজারেশন ও এসি, (৮) ইলেক্ট্রিক ভেহিকল টেকনিশিয়ান, (৯) সোলার ইনস্টলেশন অ্যান্ড অ্যাপলায়েন্সেস রিপেয়ারিং, (১০) সি.এন.সি অপারেটর (২ মাস)। **সুযোগ-সুবিধা :** (১) অত্যাধুনিক ওয়ার্কশপ, (২) **কোর্সের শেষে কাজের সুযোগ**, (৩) ইন্ডাস্ট্রি পরিদর্শন। **প্রশিক্ষণ সহায়ক হিসাবে যুক্ত :** ব্লু স্টার, মাহিন্দ্রা রাইজ, ওয়েকার মেট্রোআর্ক কেমিক্যালস প্রা. লি.। **ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক পাশ।** যোগাযোগের ঠিকানা : ৩১৩ জিটি রোড, বেলুড় মঠ, হাওড়া- ৭১১২০২। ফোন : (০৩৩) ২৬৫৪-৭৩৫০/৮০১০, ৭৬৮৫০৭৩৮০৪।

**স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল'এর যে পরীক্ষা ১৩ আগস্ট থেকে হওয়ার কথা ছিল, তা পিছিয়ে সেপ্টেম্বরে হবে। কবে থেকে পরীক্ষা শুরু হবে তা পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.gov.in**

# পশ্চিমবঙ্গ সরকারের ডায়মন্ডহারবার ওম্যান ইউনিভার্সিটি স্বীকৃত

## ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্স করে প্রচুর সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ সহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

**উচ্চমাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য**

নিজস্ব সংবাদদাতা : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় ডায়মন্ডহারবার ওম্যান ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ শীঘ্রই আসলে ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্সে ভর্তি চলছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাস এ রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও স্বনামধন্য পূর্ণকালের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও নিজেদের রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীদের জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির এপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েকহাজার ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) পাশ ছাত্র- ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুন বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় গুরুকুল এডুটেক কলেজ, লাঙলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 7059918186, 8981611881 ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in


ADMISSION OPEN - 2025 | ভর্তি চলিতেছে - ২০২৫

CHINSURAH COLLEGE OF EDUCATION (A COMPOSITE UNIT)
Recognized by : NCTE (Govt. of India) & Affiliated to : BSAEU & WBBPE (Govt. of W.B.)
B.ED 2 YEARS | D.EL.ED 2 YEARS
www.chinsurahcollegeofeducation.org
+91 93304 12319

CHINSURAH PRIVATE ITI
Approved by NCVT (Govt. of India), DGET & DIT (Govt. of W.B.)
ELECTRICIAN 2 YEARS | FITTER 2 YEARS | SOLAR TECHNICIAN 1 YEAR
SMARTPHONE TECHNICIAN CUM APP TESTER 6 MONTHS
www.chinsurahiti.org +91 93303 28732

CHINSURAH NURSING INSTITUTE
Recognized by : Swasthya Bhawan, Govt. of West Bengal & Affiliated to : WBNC & INC (Govt. of India)
GNM NURSING (3 YEARS) (FEMALE)
www.cni.org.in
+91 75508 80866

CHINSURAH PHARMACEUTICAL INSTITUTE OF SCIENCE*
Affiliated to : WBSCTVESD & PCI
D. PHARM 2 YEARS
www.cpis.org.in
+91 75508 80866

CHINSURAH PARAMEDICAL INSTITUTE*
Recognized by : Swasthya Bhawan, Govt. of West Bengal & Affiliated to : WBUHS
BHA (3 YEARS) B.SC. OTT (3 YEARS) BMLT (3 YEARS) B.SC. CCT (3 YEARS) B.SC. RIT (4 YEARS)
www.cpi.org.in +91 75508 80866 | 62901 91249

State of Art Infrastructure
Hostel Facility
Placement Assistance
Student Credit Card
For more information :
Call / WhatsApp :
9732552726
9433535299 | 9674238947



Jagannathbati, Chinsurah Station Road (West), Near PHE Water Tank, P.O.- Sugandhya, P.S.- Polba, Dist.- Hooghly, WB-712102
N.B.: * Upcoming in 2025

# কম কোর্স ফী তে হোটেল ম্যানেজমেন্ট

## নামি হোটেলে ইন-সার্ভিস ট্রেনিং • শুরু থেকেই স্টাইপেন্ড ১০,০০০ টাকা

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** এখন প্রত্যেক অভিভাবকই ছেলেমেয়েদের এমন কোর্সে ভরতি করতে চান, যেখানে কোর্স চলার মধ্যেই নানান নামি সংস্থার ইন্টার্নশিপ করার সুযোগ থাকে আর মাসে অন্তত ১০,০০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যায়। অর্থাৎ, নিশ্চিত চাকরি শুধু নয়, উন্নতির সিঁড়িও স্পষ্ট দেখা যায়। পশ্চিমবঙ্গের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট -এর চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল এ প্রসঙ্গে জানান, 'আমাদের কোর্স পাশ করে কেউ বসে থাকে না। চাকরি পাবেই। কারণ : (১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রির সেরা রুম মেন্টেন্যান্স ল্যাব, মডার্ন হাউসকিপিং, ফাইভ স্টার রিসেপশন সেট আপ, (২) হোটেল ম্যানেজমেন্টে নূনতম ১০ বছরের অভিজ্ঞ ফ্যাকাল্টি, (৩) কোর্সের প্রথম দিনেই এখানের ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে পাঠানো হয় যাতে অন জব ট্রেনিং (OJT) এমনভাবে হয় যে, সেখান থেকেই তারা সরাসরি চাকরির অফার পেয়ে যায়, (৪) প্রতিটি কোর্সের ক্ষেত্রে ভরতির সময় জব বন্ড লেটার আবশ্যিক, (৫) কোর্স শুরুর ১ সপ্তাহের মধ্যে কলকাতার সেরা সেরা পাঁচতারা হোটেলে এখানের ছেলেমেয়েরা ইন্টার্নশিপ করে। এই সময় স্টাইপেন্ড হিসাবে মাসে ৫,০০০ থেকে ১০,০০০ টাকা পাওয়া যায়। (৬) ন্যাশনাল ও ইন্টারন্যাশনাল হোটেলিয়ারদের সঙ্গে কাস্টমাইজড ইন্ডাস্ট্রিয়াল ব্রিজিং যাতে এখানের ছেলেমেয়েরা মুম্বই, পুনে, ব্যাঙ্গালোর, ম্যাঙ্গালোর, হায়দরাবাদ, কলকাতা সহ গ্রেড-এ শহরের সেরা হোটেল ব্র্যান্ডে খুব সহজেই চাকরি পেতে পারে। এছাড়া দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র, জার্মানিতে ইন্টারন্যাশনাল প্লেসমেন্টের জন্য আলাদা সেল, (৭) এখান থেকে পাশ করে শুরুতেই মাইনে হয় বছরে ২,১০,০০০ টাকা থেকে ২,২০,০০০ টাকা পর্যন্ত, যা এই সেক্টরে অত্যন্ত বিরল। (৮) সমাজে পিছিয়ে পড়া ছেলেমেয়েদের সহজ কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুবিধা, (৯) গ্যারান্টার ছাড়া ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়ার সুবিধা। এছাড়াও স্কলারশিপের ব্যবস্থাও আছে।

> **এখান থেকে কোর্স পাশ করলে চাকরি পাবেই। গড় মাইনে বছরে ২,১০,০০০ টাকা**

কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়নের এক সার্ভে রিপোর্টে দেখা গেছে, উচ্চমাধ্যমিক পাশের পর সবচেয়ে বেশি চাকরি হয় হোটেল ও ট্যুরিজম সেক্টরে। কারণ, প্রতি মাসে সারা দেশে ৩০ থেকে ৪০টি নতুন হোটেল তৈরি হচ্ছে, অর্থাৎ এই সেক্টরে সারা দেশে প্রতি ৩ মাসে ৫০ থেকে ৬০ হাজার ছেলেমেয়ের চাকরি হয়। আর এই ধরনের কোয়ালিটি প্লেসমেন্ট দেওয়ার ব্যাপারে অনন্য নজির গড়ল কলকাতার নিউটাউনের কাছে থাকা BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট। কিন্তু এই ধরনের চাকরির জন্য কী যোগ্যতা লাগে? ওই ইনস্টিটিউটের চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল জানান, 'দেখুন, আমাদের দেশের সবচেয়ে গ্রোয়িং সেক্টর হল হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট। এখানে সারা বছর ধরে নিয়োগ লেগেই থাকে। কিন্তু ঠিকঠাক প্রফেশনালদের অভাব সবসময় রয়েছে। কারণ আমাদের রাজ্যে খুব কম প্রতিষ্ঠানই আছে যেখান থেকে ট্রেনিং নিলে দেশ বা বিদেশের যেকোনো বড়ো ব্র্যান্ডের হোটেলে সহজেই চাকরি পাবে। আমাদের ইনস্টিটিউট এক্ষেত্রে ব্যতিক্রম। এখান থেকে পাশ করে সবচেয়ে বেশি মাইনের চাকরি হয় দেশের অন্যতম সেরা হোটেল গ্রুপ The Oberoi Group, Marriot, ITC, Taj, Radisson, Hyatt Regency, Trident, The Lalit, The Leela, Hillton, Park Inn, Ibis, Sheraton-এ। এটি এমন এক প্রতিষ্ঠান যেখানে অ্যাডমিশনের প্রথম দিন থেকেই ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে ট্রেনিংয়ের (৬ মাস থেকে ১ বছরের) মাধ্যমে আয় করে। এখানে সার্টিফিকেট, ডিপ্লোমা, ভোকেশনাল ও হোটেল ম্যানেজমেন্টের ওপর বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স পড়ানো হয়। নূনতম যোগ্যতা দরকার উচ্চমাধ্যমিক পাশ। আর বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে চুপচাপ ঘরে বসে না থেকে, দেশের সেরা সেরা হোটেলে বিভিন্ন পদে চাকরি পেয়ে নিজেদের ভবিষ্যৎ নিজের হাতে গড়ার ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 8777468438 / 9674062259 অথবা চলে আসুন সরাসরি এই ঠিকানায় : BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, সেক্টর-৫, সল্টলেক, কলকাতা।

# Environmental Analyst কোর্স করে নিশ্চিত চাকরির সুযোগ

বিশ্ব উষ্ণায়ণ ও পরিবেশ দূষণের পরিপ্রেক্ষিতে বিগত কয়েক দশক ধরে পরিবেশ রক্ষা হয়ে উঠেছে ভারত সরকারের বিশেষ অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়গুলির মধ্যে অন্যতম। ফলে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে পরিবেশ সংক্রান্ত বিষয়ে বিশেষজ্ঞ ও পেশাদারদের চাহিদা ক্রমবর্ধমান। স্কুল কলেজের পাঠ্যক্রমে পরিবেশবিদ্যা আবশ্যিক বিষয়রূপে অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলতঃ পরিবেশবিদ্যা বা পরিবেশ সংক্রান্ত কোর্স করলে সরকারি ও বেসরকারি নানান প্রতিষ্ঠানে বিপুল কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

**কোথায় পড়বেন :** কলকাতার Sea Explorers' Institute বিগত ৩০ বছর ধরে Environmental Analyst এর স্বল্প মেয়াদী কোর্স পড়াচ্ছে। ১৯৮৭ সালে প্রতিষ্ঠিত এই সংস্থা কেন্দ্রীয় সরকারের ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তর ও জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর স্বীকৃতিপ্রাপ্ত।

**কী পড়বেন :** পশ্চিমবঙ্গ সরকারের কারিগরী শিক্ষা দপ্তর কর্তৃক স্বীকৃত Environmental Analyst কোর্সটির মেয়াদ ৬ মাস। কর্তৃপক্ষের তরফ থেকে জানানো হয়েছে, এখানে ছাত্রছাত্রীদের প্র্যাক্টিক্যালের ওপর বিশেষ জোর দেওয়া হয়, যাতে কর্মক্ষেত্রে তাদের আত্মবিশ্বাস ও অভিজ্ঞতা বাড়ে। সোম থেকে শুক্র সপ্তাহে পাঁচ দিন ক্লাস।

কোর্স শেষে পরীক্ষা নেওয়া হয় এবং সফল প্রার্থীদের certificate দেয় পশ্চিমবঙ্গ কারিগরী শিক্ষা দপ্তর।

**কারা পড়বেন / পড়ার খরচ :** বিজ্ঞান নিয়ে উচ্চমাধ্যমিক পাস প্রার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। বয়স : ১৮ থেকে ৪০ এর মধ্যে হতে হবে। কোর্স ফি ১৬,০০০ টাকা।

**চাকরির সুযোগ :** ইনস্টিটিউটের সেক্রেটারি জেনারেল ডঃ সুদেষ্ণ চ্যাটার্জীর সঙ্গে কথা বলে জানা গেল, কোর্স শেষে সফল ছাত্রছাত্রীরা ১০০% চাকরির সুযোগ পেয়ে থাকেন। কোর্স শেষে Pollution Control Board, NEERI, Public Health Engineering, Drinking Water sector (সরকারি-বেসরকারি বিভিন্ন ল্যাবরেটরি) ইত্যাদি ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ আছে।

**যোগাযোগ :** Sea Explorers' Institute, Outram Ghat, Kolkata- 700021. Ph. 9836530290, 9073848158, 8777016869. E-mail: seaexplo@yahoo.co.in, Website: www.seiindia.org

**পশ্চিমবঙ্গ সরকারের ডায়মন্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে**

# ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স করে প্রচুর সরকারি বেসরকারি চাকরির সুযোগসহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

> **উচ্চমাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য**

**নিজস্ব সংবাদদাতা :** এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীরা ২ বছরের এই ডিপ্লোমা কোর্সটি করে ১০০% গ্যারান্টেড ও সুনিশ্চিত কেরিয়ার গড়ে তুলতে পারেন স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে বিভিন্ন হসপিটাল, নার্সিংহোম, ডায়াগনস্টিক সেন্টারে ম্যানেজমেন্ট স্টাফ হিসাবে। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরনো এবং স্বনামধন্য একটি কলেজ যার হাজার হাজার পাশ করা ছাত্রছাত্রীরা আজ কলেজ থেকে ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমে চাকরি পেয়ে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্রছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজে রয়েছে অত্যাধুনিক ল্যাব, অভিজ্ঞ ও প্রাজ্ঞ সেরা প্রফেসরদের কাছে শিক্ষা লাভের সুযোগ। প্রথম সেমিস্টার থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন হসপিটাল ও স্বাস্থ্যক্ষেত্রে হাতে-কলমে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং (অন দ্য জব ট্রেনিং) যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে আছে ইন্টার্নশিপ ও কোর্স শেষে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা স্বাস্থ্যক্ষেত্রের সংস্থাতে চাকরির অ্যাপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতেই হসপিটাল ম্যানেজমেন্টে ডিপ্লোমা পাশ করা কয়েক হাজার স্কিল্ড ম্যানেজার দরকার হসপিটালগুলিতে। যা আগামী দিনে আরো কয়েক গুণ বাড়বে। তাই স্বাস্থ্যক্ষেত্রে নিজের জীবন ও সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন — গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা-১৪৫। ফোন : 7059918186, 8981611881. ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

# ৩২,০১৮ AI বেসড ওয়েব ডিজাইনার

১ পাতার পর

আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। সম্প্রতি জানা গেছে যে, পৃথিবীর অন্যতম সেরা কনসালটেন্সি ফার্ম কেপজেমিনি (Capgemini)-র ভারতীয় শাখা তাঁদের ওয়ার্ক ফোর্সের প্রায় ৪৫% নিয়োগ করবে AI বেসড ওয়েব ডিজাইনিংয়ে। এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কি কিভাবে নিজেকে তৈরি করলে সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (এপ্রিল-জুন) এইক্ষেত্রে রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৪২,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **AI based Web Designer** পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্রাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **Web Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ (fonts) ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **Web Designer.** এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ 'ইউজার ইন্টারফেজ (UI)' (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (২) একমাত্র এখানেই শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় আর কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে এই ট্রেনিং নিতে পারবে। (৩) একমাত্র এখানেই AI বেসড ওয়েব ডিজাইনিং এর ওপর ৬ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফাইড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৫) এছাড়াও এখানে একমাত্র এখানেই AI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT, Gemini মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৬) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এছাড়াও এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউল যেমন Shopify, Wix বা Webflow-র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে উন্নত Drag & Drop HTML Builder শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৭) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই AI বেসড ওয়েব ডিজাইনিং শিখতে পারে। (৮) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (৯) আইটি ইন্ডাস্ট্রি ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালউরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১০) আমাদের এখানে সেরা সেরা **Web Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১১) ওয়েব ডিজাইনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা ওয়েব ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১২) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৩) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৪) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, DN-10, Sector-V, Salt Lake, 700091.

> **শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় ও কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,২০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে ২,০০০ থেকে ৩,০০০ চাকরি হয়।**

# ডেটা সায়েন্স ও অ্যানালিটিক্সে বছরে ৪৮,০০০ চাকরি



অরিজিৎ মণ্ডল
সেন্টার হেড
technoGlobe

সারা বিশ্বে যেকোনো কোম্পানি বা কোনো বিজনেস এনটিটি, কোনো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার আগে সবচেয়ে বেশি যে বিষয়ের ওপর জোর দেয় সেটি হল সেই ক্যাটাগরির সংশ্লিষ্ট ডেটাবেস। আর এই ডেটাবেস বৈজ্ঞানিকসম্মত উপায়ে কিভাবে মেইনটেইন করতে হয় বা ঠিক কোন পদ্ধতিতে এই ডেটাবেস অ্যানালিসিস করলে, ম্যানেজমেন্ট ঠিকঠাক সিদ্ধান্ত নিতে পারবে, সেই ব্যাপারে সবচেয়ে গুরুত্বপূর্ণ ডিপার্টমেন্ট হল ডেটা সায়েন্স ও ডেটা অ্যানালিটিক্স। একটা উদাহরণ দিলে খুব সহজেই বোঝা যাবে, বর্তমানযুগে ডেটা সায়েন্সের কতটা গুরুত্ব? TCS, IBM, Infosys, Wipro, L&T, Capgemini-এর মতো গ্লোবাল টেকনিক্যাল বা কনসালটেন্সি ফার্মগুলো সবচেয়ে বেশি লোক নিচ্ছে ডেটা সায়েন্স ও ডেটা অ্যানালিটিক্স বিভাগে — যা তাঁদের মোট নিয়োগের প্রায় ৫৫%। আমাদের রাজ্যে প্রতি তিন মাস অন্তর ৫,০০০ থেকে ৭,০০০ ছেলেমেয়ের নিয়োগ হয় সল্টলেকের আইটি ফার্ম সহ দুর্গাপুর-আসানসোল ইন্ডাস্ট্রিয়াল বেল্টের বিভিন্ন কোম্পানিতে। আর দেশের মধ্যে সবচেয়ে বেশি নিয়োগ হয় বেঙ্গালুরুতে। ওখানকার বিভিন্ন কোম্পানিতে ডেটা সায়েন্স ও অ্যানালিটিক্স বিভাগে প্রতি ৩ মাসে প্রায় ১২,০০০ থেকে ১৪,০০০ ছেলেমেয়ে লাগে। সাধারণ মেধার যেকোনো ছেলেমেয়ে ন্যূনতম উচ্চমাধ্যমিক যোগ্যতায় এই ট্রেনিং নিতে পারে। তবে গ্র্যাজুয়েট হলে শুরুতেই ভালো পে-প্যাকেজ পাওয়া যায়। কারণ, গ্র্যাজুয়েটদের প্লেসমেন্ট হয় মূলত আইটি ও সফটওয়্যার রিলেটেড কোম্পানিতে। এই ধরনের ট্রেনিং ঠিক কোথা থেকে নিলে ৬ মাসের মধ্যে চাকরি পাবো তা জানতে আমরা যোগাযোগ করেছিলাম রাজ্যের অন্যতম সেরা আইটি সলিউশন প্রোভাইডার 'টেকনোগ্লোব আইটি সলিউশন প্রাইভেট লিমিটেড'-এর সেন্টার হেড অরিজিৎ মণ্ডলের সঙ্গে। "ডেটা সায়েন্সে সারা বছর প্রায় ৪৮,০০০ থেকে ৫০,০০০ ছেলেমেয়ে লাগে। এই বিপুল নিয়োগ মূলত হয় মধ্য মেধার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েদের মধ্যে থেকে। শুধুমাত্র ঠিকঠাক মতো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং পেলেই একটি সাধারণ মেধার ছেলে বা মেয়ে কোথায় যেতে পারে তাঁর সবচেয়ে বড় উদাহরণ হল ডেটা সায়েন্স। গাল্ফ কান্ট্রি থেকে শুরু করে আমাদের দেশের সিলিকন ভ্যালি তথা বেঙ্গালুরু, তেলেঙ্গানা, হায়দরাবাদ-এর মতো আইটি হব গুলিতে সর্বোচ্চ চাহিদা যদি কোনো সেক্টরে থেকে থাকে — তা হল ডেটা সায়েন্স ও ডেটা অ্যানালিটিক্স। অথচ এত বড় নিয়োগের ব্যাপারে এখানকার ছেলেমেয়েরা কিছুই জানে না। গ্র্যাজুয়েট বা উচ্চমাধ্যমিক পাশ করে ৬ মাসের ইন্টিগ্রেটেড ট্রেনিং নিয়ে কেরিয়ারের শুরুতেই মাসে ৩০,০০০ থেকে ৪০,০০০ টাকা মাইনের চাকরি পাওয়া যায় এই সেক্টরে।" তাহলে ঠিক কোথা থেকে ট্রেনিং নিলে ঠিকঠাক মতো প্লেসমেন্ট পাওয়া যাবে? উত্তরে টেকনোগ্লোবের সেন্টার হেড জানালেন, "এই মুহূর্তে রাজ্য তথা দেশের মধ্যে ডেটা সায়েন্স ও অ্যানালিটিক্স বিভাগে সবচেয়ে বেশি নিয়োগ হচ্ছে যে আইটি ট্রেনিং প্রোভাইডরের মাধ্যমে সেটি হল *technoGlobe*. এর পেছনে কারণ কি?

উত্তরে অরিজিৎ জানালেন যে, "(১) আমাদের সঙ্গে TCS, IBM, Infosys ও Wipro-র মতো প্রথম সারির আইটি কোম্পানিগুলির ডেটা অ্যানালিটিক্স বিভাগের অফিসারদের (HOD) সাথে আলাদাভাবে ট্রেনিং অ্যান্ড এডুকেশন টাই-আপ করা আছে। ফলে এখানকার ছেলেমেয়েরা ফ্যাকাল্টি হিসাবে যাঁদের পায় তাঁরা এই ইন্ডাস্ট্রির সবচেয়ে উঁচুপদে রয়েছে। ফলে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং আমাদের মতো ভালো কেউ দিতে পারবে না। (২) একমাত্র আমরাই রাজ্যের মধ্যে (সল্টলেক, দুর্গাপুর ও আসানসোলের ইন্ডাস্ট্রিয়াল বেল্ট) সবচেয়ে বেশি কোম্পানির সাথে স্ট্র্যাটেজিক-টাই-আপ করেছি। ফলে এখান থেকে পাশ করলে ৬ মাসের মধ্যে এই রাজ্যেই প্রথম সারির কোম্পানিতে বাঁধা চাকরি। (৩) এছাড়া, আমাদের সাথে বেঙ্গালুরুর সিলিকন ভ্যালির আইটি ফার্মগুলির সাথে প্লেসমেন্ট টাই-আপ আছে। যা অন্য কোনো সংস্থার নেই। (৪) একমাত্র এখানেই ইন্ডাস্ট্রির সবচেয়ে আপডেটেড সফটওয়্যারে (যেমন Python, MS Excel-Advance, PowerBI, Apache Spark, SAS, SQL, R, Julia, Tableau) কাজ শেখানো হয়। যাতে এখান থেকে পাশ করলে ছেলেমেয়েরা সবচেয়ে ভালো প্লেসমেন্ট পায়। (৫) এখান থেকে ৬ মাসের ট্রেনিং নেওয়ার পর সরাসরি প্লেসমেন্ট দেওয়া হয়। রাজ্যের প্রথম সারির কোম্পানিগুলিতে শুধুমাত্র ডেটা সায়েন্স বিভাগে শুরুতেই মাইনে হয় মাসে ৩০,০০০ টাকা আর ডেটা সায়েন্স ও অ্যানালিটিক্স বিভাগে পে-প্যাকেজ শুরু হয় মাসে ৩৫,০০০ থেকে ৪০,০০০ টাকা। আর বেঙ্গালুরুতে প্লেসমেন্ট হলে ডেটা সায়েন্স বিভাগে মাইনে হয় শুরুতেই মাসে ৭০,০০০ টাকা আর ডেটা সায়েন্স ও অ্যানালিটিক্স বিভাগে পে-প্যাকেজ হয় মাসে ৮০,০০০ টাকা — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এছাড়াও আমাদের আন্তর্জাতিক প্লেসমেন্টের (গাল্ফ কান্ট্রি) ব্যবস্থা আছে। তখন পে-প্যাকেজ হয় মাসে ১,৫০,০০০ টাকা — যা এই রাজ্যের কোনো কোম্পানিতে ভাবাই যায় না। (৭) ডেটা সায়েন্সে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা ডেটা সায়েন্টিস্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে। (৮) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (৯) এখানকার ট্রেনিং ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' তাই মধ্য মেধার যে কেউ উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ৩০,০০০ থেকে ৪০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9831909898 / 9609580357 বা চলে আসুন এই ঠিকানায় — technoGlobe, 49/1, Baidya Para, Garia Station Road, Kolkata - 700084.

> শুধুমাত্র উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট যোগ্যতায় ৬ মাসের মধ্যে বছরে ৩,৬০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। এই বিভাগে প্রতি ৩ মাস অন্তর আমাদের রাজ্যেই ৫,০০০ থেকে ৭,০০০ চাকরি হয়।

*অনুলিখন : দীনেশ নস্কর*

B. P. PODDAR HOSPITAL
NABH Accredited Multispeciality Hospital



স্বাস্থ্যক্ষেত্রে চাকরি নিশ্চিত

» GNM Nursing » BSc. Nursing
(WBUHS, WBNC ও INC দ্বারা অনুমোদিত)

Bachelor In Hospital Administration (BHA)

- Bachelor In Physiotherapy (BPT)
- Bachelor In Medical Laboratory Technology (BMLT)
- Bachelor In Critical Care Technology (BCCT)
- Bachelor In Operation Theatre Technology (BOTT)
- Bachelor In Physician Assistant (BPA)

(WBUHS দ্বারা অনুমোদিত)

100% PLACEMENT GUARANTEED

For any queries please contact
9147317764

Opportunity for admission to M.Tech & M.Pharm and MBA & MCA Degree Courses through Common Entrance Examination

» CEE-AMPAI-MASTERS-WB-2025 «

Under the supervision Dept. of Higher Education, Technical Branch, Govt. of West Bengal
Vide Order No. No - 172-Edn(T)/ HED - 16016(11)/1/2021- JD(DTED)-DTED issued by Department of Higher Education, Technical Branch, Govt. of WB.

EXAMINATION DATE
24TH AUGUST 2025

LAST DATE OF ONLINE APPLICATION
20TH AUGUST 2025

Accreditations, Affiliations & Approvals
UGC | NIRF | AICTE | PCI | NAAC | NBA | MAKAUT

TEST FEE ₹ 200/- TO BE PAID ONLINE

| INSTITUTES UNDER AMPAI | COURSES OFFERED* |
|---|---|
| JIS COLLEGE OF ENGINEERING<br>86977 43363 \| www.jiscollege.ac.in | M.TECH \| MBA \| MCA |
| NARULA INSTITUTE OF TECHNOLOGY<br>89024 96651 \| www.nit.ac.in | M.TECH \| MCA |
| GURU NANAK INSTITUTE OF TECHNOLOGY<br>90733 22523 \| www.gnit.ac.in | M.TECH \| MCA |
| DR. SUDHIR CHANDRA SUR INSTITUTE OF TECHNOLOGY & SPORTS COMPLEX<br>90733 22508 \| www.surtech.edu.in | M.TECH |
| GURU NANAK INSTITUTE OF PHARMACEUTICAL SCIENCE & TECHNOLOGY<br>94330 35582 \| www.gnipst.ac.in | M.PHARM |

EXAMINATION CENTRES

93309 06153 | 90733 70470

All information related to CEE-AMPAI-MASTERS-2025-WB is avaliable on www.ampai.in along with Application Form, Eligibility Criteria, Information Brochure & Examination Schedule.

*For courses & intake available in specific institutes, visit www.ampai.in

SCAN HERE

## দমকল, আমিন এবং হেল্‌থ কেয়ার সেক্টরে বিপুল কর্মসংস্থানের সুযোগ

**কৃষ্ণনগরে WBSCT&VE&SD অনুমোদিত সুশ্রীজ ইনস্টিটিউট অফ স্কিল ডেভেলপমেন্টে একগুচ্ছ কর্মমুখী কোর্সে ভর্তি চলছে**

পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য কারিগরি শিক্ষা ও বৃত্তিমুখী শিক্ষা ও দক্ষতা বিকাশ (West Bengal State Council of Technical & Vocational Education and Skill Development) দপ্তরের অনুমোদনে এবং সুশ্রীজ ইনস্টিটিউট অফ স্কিল ডেভেলপমেন্টের ব্যবস্থাপনায় Krishnagar Webel IT Park-এ Advanced Diploma in Fire Safety Management (Part Time) Course-এ নতুন সেশনে ভর্তি শুরু হয়েছে। সমগ্র কোর্সটির সময়সীমা দেড় বছর। Courseটিতে ভর্তি হওয়ার যোগ্যতা যে কোনো শাখার স্নাতক। এছাড়া যেকোনো শাখায় মাধ্যমিক পাশ ছাত্রছাত্রীদের জন্য আমিন ও হেল্‌থ কেয়ার বিভাগে নিম্নলিখিত আরো চারটি কর্মমুখী কোর্সে খুব কম খরচে ভর্তি চলছে —

(A) Amin Surveyor (অটোক্যাড-সহ), সময়সীমা — ১২০০ ঘন্টা। যোগ্যতা : মাধ্যমিক পাশ।
(বি. দ্র : অষ্টম শ্রেণী উত্তীর্ণরাও শর্তসাপেক্ষে ভর্তি হতে পারবে। সেক্ষেত্রে তাদের যেকোনো রেজিস্টার্ড প্রতিষ্ঠানে জমি জরিপ সংক্রান্ত কাজের ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।)
(B) Medical Lab Assistant, সময়সীমা : ৭২০ ঘন্টা। যোগ্যতা : মাধ্যমিক পাশ।
(C) Blood Collection Assistant, সময়সীমা : ৭২০ ঘন্টা। যোগ্যতা : মাধ্যমিক পাশ।
(D) ECG Technician Assistant, সময়সীমা : ৭২০ ঘন্টা। যোগ্যতা : মাধ্যমিক পাশ।

ওপরের কোর্সগুলিতে ভর্তির ক্ষেত্রে বয়সের কোনো উর্ধসীমা নেই। স্বাস্থ্য ক্ষেত্রে কর্মরতদের জন্য রয়েছে বিশেষ সুযোগ। স্বাস্থ্য ক্ষেত্রে কর্মরতরা কাজ করতে করতেই কোর্স সম্পন্ন করতে পারবেন। তবে সেক্ষেত্রে প্রয়োজনীয় নথি ভর্তির সময় প্রদান করতে হবে।

প্রতিটি কোর্সের আসন সংখ্যা সীমিত। বহিরাগত ছাত্র ও ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। রয়েছে শীতাতপ নিয়ন্ত্রিত আধুনিক শ্রেণীকক্ষ এবং উন্নত মানের ল্যাবরেটরি। অভিজ্ঞ শিক্ষক মণ্ডলীর তত্ত্বাবধানে Course সফলতার সাথে সম্পূর্ণ করার শেষে সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থায় আকর্ষণীয় মাইনে-সহ চাকরির সুযোগ আছে। রয়েছে স্বাধীন ব্যবসার মাধ্যমে সম্মানের সঙ্গে স্বনির্ভর হওয়ার সুযোগ। আবেদনের শেষ তারিখ ২২ সেপ্টেম্বর। Online এবং Offline দুটোতেই ভর্তি হওয়া যাবে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায়:

**Susrijo Institute of Skill Development** (Affiliated to **W.B.S.C.T&V.E. &S.D)**
**KRISHNAGAR WEBEL IT PARK** (IT & E Deptt. Govt. of W.B.), Vill. – Dey Para, P.O - Krishnagar, Dist. - Nadia (চারগেট, কোম্পানি বাগানের নিকট)। **Ph. No. : 8101291268, 9332789958.**

# উচ্চ শিক্ষার জন্য জেআইএস গ্রুপের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা



সাংবাদিক বৈঠকে হাজির ছিলেন সিইই-অ্যাম্পাই-এর সচিব সর্দার সোহন সিং ও জি.আই.এস গ্রুপের ডেপুটি ডিরেক্টর বিদ্যুৎ মজুমদার

সবুজ সেন, কলকাতা : ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স বোর্ড যখন নির্ধারিত সময়ের মধ্যে ফলাফল বার করতে পারল না, সেই টালমাটাল সময়ে দাঁড়িয়ে রাজ্যের ছেলেমেয়েদের জন্য সুখবর শোনাল দেশের অন্যতম সেরা এডুকেশন গ্রুপ-জেআইএস। প্রতি বছরের মতো এবারেও নির্ধারিত সময়, এই গ্রুপের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার (সিইই এমপাই মাস্টার্স ২০২৫ ডব্লুবি এক্সামিনেশন) ঘোষণা সম্প্রতি হয়ে গেল। যেসব ছেলেমেয়ে উচ্চ শিক্ষা যথা এমটেক, এম ফার্ম, এমবিএ ও এমসিএ-র মতো প্রথম সারির প্রফেশনাল পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা রাজ্যেরই মধ্যে থেকে অথচ প্রথম সারির কলেজে পড়েই পেতে চাইছে, তাঁদের জন্য এ এক অনন্য সুযোগ। গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদনের যোগ্য। শিখ সম্প্রদায়ের ছেলেমেয়ে হলে অগ্রাধিকার পাবে। এবারের পরীক্ষা হবে ২৪ আগস্ট। আসানসোল, জামশেদপুর, আগরতলা, শিলিগুড়ি ও পাটনাতে। পরীক্ষা দেওয়ার জন্য অনলাইনে আবেদন করতে হবে ২০ আগস্টের মধ্যে। আবেদন করার জন্য এই লিঙ্কে ক্লিক করতে হবে : https://www.ampai.in/ampai-pg/eligibility.php তখন পরীক্ষা ফিজ বাবদ অনলাইনে ২০০টাকা জমা দিতে হবে। রাজ্যের প্রথম সারির যেসব কলেজে এই এন্ট্রান্স পরীক্ষা দিয়ে ভর্তি হওয়া যাবে, তার মধ্যে উল্লেখযোগ্য হল (১) জেআইএস কলেজ অফ ইঞ্জিনিয়ারিং, (২) গুরুনানক ইনস্টিটিউট অফ টেকনোলজি, (৩) নারুলা ইনস্টিটিউট অফ টেকনোলজি, (৪) ড. সুধীর চন্দ্র সুর ইনস্টিটিউট অফ টেকনোলজি অ্যান্ড স্পোর্টস কমপ্লেক্স, (৫) গুরুনানক ইনস্টিটিউট অফ ফার্মাসিউটিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি। যদিও এই পরীক্ষায় শিখ সম্প্রদায়ের ছেলেমেয়েকে আলাদাভাবে প্রাধান্য দেওয়া হয়, তবুও আজকের দিনে দাঁড়িয়ে বাকি অসংরক্ষিত সিটের জন্য এই পরীক্ষা এখন রাজ্যের মধ্যে খুবই জনপ্রিয়। এই পরীক্ষা সম্বন্ধে বলতে গিয়ে সিইই অ্যাম্পাই-এর সচিব সর্দার সোহন সিং জানালেন, "এই পরীক্ষা শুধুমাত্র উচ্চ শিক্ষার জন্য একটি গেটওয়ে নয়, বরং শিক্ষার ক্ষমতায়নের জন্য আমাদের গ্রুপের একটি বড় পদক্ষেপ। আমাদের লক্ষ্য মেধাবী কিন্তু সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলেমেয়েরা যাতে টেকনিক্যাল এডুকেশনের ক্ষেত্রে কারো থেকে পিছিয়ে না পড়ে সেই ব্যাপারে সজাগ দৃষ্টি রাখা।" জেআইএস-এর ডেপুটি ডিরেক্টর বিদ্যুৎ মজুমদার বলেন, 'আজকের দিনে দাঁড়িয়ে আমাদের এই প্রচেষ্টা রাজ্যের সব কলেজের কাছেই একটি দৃষ্টান্ত হতে চলেছে। আমাদের রাজ্যের সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলেমেয়েরা যাতে এখানে থেকেই ঠিকঠাক উচ্চ শিক্ষার সুযোগ পায়, তা সুনিশ্চিত করা আমাদের কর্তব্য।' পরীক্ষার ব্যাপারে বিশদে জানতে যোগাযোগ করুন এই নম্বরে : 9330906153 / 9073370470.

# বেঙ্গালুরুর টেক সামিটে প্যানেলিস্ট হিসাবে ওয়েবস্কিটার্সের গৌরবপূর্ণ যোগদান



পারমী দেওয়ান, সল্টলেক : রাজ্যের তথ্য-প্রযুক্তি সেক্টরের অন্যতম স্তম্ভ তথা দেশের প্রথম সারির আইটি সলিউশনস প্রোভাইডার ওয়েবস্কিটার্স টেকনোলজি সলিউশনস প্রাইভেট লিমিটেডের প্রতিষ্ঠাতা ও চিফ এক্সিকিউটিভ অফিসার অতনু সরকার সম্প্রতি বেঙ্গালুরুতে অনুষ্ঠিত 'টেক ই সামিট ২০২৫'-এ 'সাকসেসফুল অন্ট্রাপ্রিউরশিপ স্টোরিস ফ্রম হোমগ্রোন টু গ্লোবাল' শীর্ষক আলোচনায় অন্যতম প্রধান বক্তা হিসাবে উপস্থিত থেকে রাজ্যের মুখ উজ্জ্বল করলেন। দেশের সিলিকন ভ্যালি হিসাবে পরিচিত বেঙ্গালুরুর এই 'টেক সামিট' আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা ইভেন্ট। এই সামিটের অন্যতম উদ্দেশ্য — যাঁরা উদ্যোগী, যাঁরা উদ্যমী, যাঁরা 'বড় করে স্বপ্ন দেখতে ভালোবাসেন আর সর্বোপরি সেই স্বপ্ন সত্যি করার সাহস দেখাতে পারেন' তাঁদেরকে মোটিভেট করার জন্যই প্রতি বছর এই সামিট হয়। প্যানেল স্পিকার হিসাবে ওয়েবস্কিটার্সের সিইও অতনু নিজের জার্নির কথা সবার সামনে তুলে ধরেন। এছাড়াও, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রাজ্য সরকারের আইটি ও ইলেক্ট্রনিক্স দফতরের ক্যাবিনেট মন্ত্রী বাবুল সুপ্রিয়। "পশ্চিমবঙ্গে আইটি ইন্ডাস্ট্রির অবস্থা আগের থেকে অনেক ভালো। এখানে এখন মাইক্রোসফট, আইবিএম, কেপজেমিনি, অ্যাকসেঞ্চার-এর গ্লোবাল টেক জায়েন্টরা নিয়মিত সফটওয়্যার আপগ্রেডেশন ও আউটসোর্সিং-এর কাজ করাচ্ছে। ফলে কাজের কোনো অভাব নেই। ফলে প্রত্যেক মাসে এখানে আরো বেশি করে প্রোজেক্ট পাওয়া যাবে— যা আমাদের রাজ্যের আইটি ইন্ডাস্ট্রির পক্ষে সুখবর।" জানালেন ওয়েবস্কিটার্সের সিইও অতনু। প্রসঙ্গত উল্লেখ্য, আজকের দিনে দাঁড়িয়ে 'গ্লোবাল ডিজিটাল পাওয়ারহাউস' হিসাবে দৃষ্টান্ত স্থাপন করেছে রাজ্যেরই গর্ব ওয়েবস্কিটার্স টেকনোলজি সলিউশনস প্রাইভেট লিমিটেড। এখনও পর্যন্ত এই কোম্পানির ৫,০০০-এর বেশি গুরুত্বপূর্ণ আইটি ও সফটওয়্যার সলিউশন প্রোজেক্ট সফল ভাবে সম্পূর্ণ করেছে। সারা বিশ্ব জুড়ে প্রায় ১,৫০০-র বেশি গুরুত্বপূর্ণ ক্লায়েন্টেল নিয়ে রাজ্যের মধ্যে ওয়েবস্কিটার্সের মতো প্রফেশনাল প্রোফাইল এই মুহূর্তে আর কারো নেই। ২০২২ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর হাত থেকে পাওয়া 'ন্যাশনাল এমএসএমই অ্যাওয়ার্ড (প্রথম পুরস্কার)' এই কোম্পানির কাজের প্রতি দায়বদ্ধতাকে নির্দেশ করে।

## ২,৫৮২ বি.এসসি নার্স ১ পাতার পর

বি.এসসি. (নার্সিং), পোস্ট বেসিক বি.এসসি (নার্সিং) পাশ তরুণীরা আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিলে ও ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা বা, নেপালী ভাষায় লিখতে ও পড়তে জানতে হবে। বয়স হতে হবে ১-১-২০২৫' র হিসাবে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বেসিক পে : ৩৯,৫০০ টাকা। শূন্যপদ : ২,৫৮২টি। এর মধ্যে বেসিক বি.এসসি. নার্সিং পাশ মেয়েদের জন্য ২,৩০৩টি (জেনাঃ ৪৩১, তঃজাঃ ৮৮৩, তঃউঃজাঃ ২৮৩, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৪২১, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১২৫, ই.ডব্লু.এস. ১০৩, জেনাঃ প্রতিবন্ধী ৭৪, তঃজাঃ প্রতিবন্ধী ১০)। পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং পাশ মেয়েদের জন্য ২৫২টি (জেনাঃ ৯৬, তঃজাঃ ৭৩, তঃউঃজাঃ ২১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৩৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১৬, ই.ডব্লু.এস. ৬, জেনাঃ প্রতিবন্ধী ৪, তঃজাঃ প্রতিবন্ধী ১)। দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের টেস্ট বা, ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় থাকবে ১০০ নম্বর। এর মধ্যে শিক্ষাগত যোগ্যতায় থাকবে ৭৫ নম্বর, অভিজ্ঞতার জন্য ১০ নম্বর আর ইন্টারভিউয়ের জন্য থাকবে ১৫ নম্বর। শিক্ষাগত যোগ্যতায় ৭৫ নম্বর দেওয়া হবে এইভাবে : উচ্চমাধ্যমিক যোগ্যতার জন্য ২৫ নম্বর, বেসিক বি.এসসি. নার্সিং যোগ্যতার জন্য থাকবে ৪০ নম্বর কিংবা পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং যোগ্যতার জন্য ৪০ নম্বর, এম.এসসি. নার্সিংয়ের জন্য ৫ নম্বর, ক্লিনিক্যাল স্পেশালিটির ডিপ্লোমা কোর্সের জন্য ৫ নম্বর, অভিজ্ঞতার জন্য ১০ নম্বর (অভিজ্ঞতার বছর অনুযায়ী)। ইন্টারভিউয়ের জন্য ১৫ নম্বর। এই পদের বিজ্ঞপ্তি নং : R/Staff Nurses, Gr-II/Basic & Post Basic B.Sc. Nursing /8/ 2025, Dated: 07-08-2025.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ আগস্ট থেকে ৩ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhrb.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পরীক্ষা ফী বাবদ ২১০ টাকা অনলাইনে জমা দেবেন এই শিরোনামে : GRPS (Govt. Receipt Portal System)'. তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

# ইন্ডিয়ান অয়েলে ৪৭৫ অ্যাপ্রেন্টিস

নিজস্ব প্রতিনিধি, চেন্নাই: ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের সাউদার্ন রিজিয়ন মার্কেটিং ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর)' ও 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর-স্কিল সার্টিফিকেট হোল্ডার)' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ৪৭৫ জন লোক নিচ্ছে।

কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন-ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -সিভিল :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন-ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স :** ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন-ইলেক্ট্রনিক্স :** ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ফিটার :** আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রিশিয়ান :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রনিক্স মেকানিক :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইন্সট্রুমেন্ট মেকানিক :** আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস-মেশিনিস্ট :** আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস) :** মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার ডিগ্রি পাশরা যোগ্য।

**কোন রাজ্যে ক'টি শূন্যপদ তা ওয়েবসাইটে পাবেন।**

সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-৮-২০২৫'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১২/১৫ মাসের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনেরিক অ্যাপ্টিটিউড, (খ) রিজনিং এবিলিটি, (গ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (ঘ) টেকনিক্যাল সংক্রান্ত (সংশ্লিষ্ট শাখার ওপর)। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনেরিক অ্যাপ্টিটিউড, (খ) রিজনিং এবিলিটি, (গ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ। কবে পরীক্ষা হবে তা পরে জানানো হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : IOCL/MKTG/APPR/2025-26.

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ সেপ্টেম্বরের মধ্যে। আই.টি.আই. অ্যাপ্রেন্টিসদের দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটে : https://apprenticeshipindia.org. টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in দরখাস্ত করার আগে এইসব প্রমাণ পত্র স্ক্যান করবেন : (ক) জন্ম-সার্টিফিকেট, (খ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, (গ) কাস্ট সার্টিফিকেট, (ঘ) সাদা কাগজে কালো কালি দিয়ে সিগনেচার করে স্ক্যান করবেন, (ঙ) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.iocl.com/apprenticeships

## ৩৫০ ফার্মাসিস্ট

১ পাতার পর

২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। পশ্চিমবঙ্গ ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২৫'এর হিসাবে ৩৯ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২৮,৯০০ টাকা। শূন্যপদ : ৩৫০টি (জেনাঃ ১৪৬, তঃজাঃ ৭৩, তঃউঃজাঃ ২১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৩৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি ২৫, ই.ডব্লু.এস. ৩৫, জেনাঃ প্রতিবন্ধী ১১, তঃজাঃ প্রতিবন্ধী ৪)। এই পদের বিজ্ঞপ্তি নং : R/Pharmacist Grade III/11/2025, Dated 07-08-2025.

দরখাস্ত দেখে ও শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে। তারপর হবে ইন্টারভিউ। উচ্চমাধ্যমিক যোগ্যতার জন্য থাকবে ২৫ নম্বর, ফার্মাসির ডিগ্রি কোর্সের জন্য ৪৫ নম্বর, ফার্মাসির ডিপ্লোমা কোর্সের জন্য থাকবে ৪০ নম্বর, ফার্মাসির মাস্টার ডিগ্রির জন্য ৫ নম্বর, অভিজ্ঞতার জন্য থাকবে ১০ নম্বর আর ইন্টারভিউয়ের জন্য থাকবে ১৫ নম্বর।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ আগস্ট থেকে ৩ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhrb.in এজন্য বৈধ ই-মেল আইডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ টাকা জি.আর.পি.এস. পোর্টালে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ২,৪৩৬ জি.এন.এম নার্স ১ পাতার পর

কিংবা পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশ তরুণ-তরুণীরা যোগ্য। পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিলে ফিমেল /মেল নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা বা, নেপালী ভাষায় লিখতে ও পড়তে জানতে হবে। বয়স হতে হবে ১-১-২০২৫' র হিসাবে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বেসিক পে : ২৯,৮০০ টাকা। শূন্যপদ : ২,৪৩৬টি। এর মধ্যে জি.এন.এম. পাশ মেয়েদের জন্য ২,০৯২টি (জেনাঃ ৭৬৩, তঃজাঃ ৪৯০, তঃউঃজাঃ ১১৯, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৫২৫৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১২৭, ই.ডব্লু.এস. ১৮২, জেনাঃ প্রতিবন্ধী ১৩৮, তঃজাঃ প্রতিবন্ধী ১৮)। জি.এন.এম. পাশ ছেলেদের জন্য ৩৪৪টি (জেনাঃ ৮৫, তঃজাঃ ১৪৫, তঃউঃজাঃ ৪৬, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২০, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১৪, ই.ডব্লু.এস. ২০, জেনাঃ প্রতিবন্ধী ১২, তঃজাঃ প্রতিবন্ধী ২)।

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের টেস্ট বা, ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় থাকবে ১০০ নম্বর। এর মধ্যে শিক্ষাগত যোগ্যতায় থাকবে ৭৫ নম্বর, অভিজ্ঞতার জন্য ১০ নম্বর আর ইন্টারভিউয়ের জন্য থাকবে ১৫ নম্বর। শিক্ষাগত যোগ্যতায় ৭৫ নম্বর দেওয়া হবে এইভাবে : উচ্চমাধ্যমিক যোগ্যতার জন্য ৩০ নম্বর, নার্সিং যোগ্যতার জন্য থাকবে ৪০ নম্বর, ক্লিনিক্যাল স্পেশালিটির ডিপ্লোমা কোর্সের জন্য ৫ নম্বর। অভিজ্ঞতার জন্য ১০ নম্বর (অভিজ্ঞতার বছর অনুযায়ী)। ইন্টারভিউয়ের জন্য ১৫ নম্বর। এই পদের বিজ্ঞপ্তি নং : R/Staff Nurses, Gr-II/GNM/7/2025, Dated: 07-08-2025.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ আগস্ট থেকে ৩ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhrb.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পরীক্ষা ফী বাবদ ২১০ টাকা অনলাইনে জমা দেবেন এই শিরোনামে : GRPS (Govt. Receipt Portal System)'. তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

# নিজের রোজগারে ট্রেনিং নিয়ে দেশ-বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি চাকরি

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : কেন্দ্রীয় সরকার ও ISO স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান তথা Central Institute of Hotel and Hospitality Management College (CIHM) থেকে ছেলেমেয়েরা খুব সহজেই স্কলারশিপের মাধ্যমে কম খরচে নিজের রোজগারে পড়াশুনা করার পর স্পেশালাইজড ট্রেনিং নিয়ে দেশে ও বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি কাজ করতে পারবেন। সেলিব্রিটি শেফ সঞ্জীব কাপুরের হাত থেকে পাওয়া বিশেষ পুরস্কারে ভূষিত এই প্রতিষ্ঠান ভালো প্যাকেজের প্লেসমেন্টের ব্যাপারে এখন রাজ্যের অন্যতম সেরা। কারণ এখানকার প্লেসমেন্টসেল সারা বছর জুড়ে দেশ ও বিদেশের প্রথম সারির পাঁচতারা হোটেল (Taj, Marriott, Hyatt, ITC ইত্যাদি) ও ক্রুজলাইনারদের সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করে রাখে যে এখান থেকে পাশ করার পরই ছেলেমেয়েরা ২ থেকে ৩টি অফার লেটার পায়। এই প্রতিষ্ঠানে অন্যতম বৈশিষ্ট্য হল ভর্তির সময় '100% Job Bond Letter' চাকরির লিখিত গ্যারান্টি দেওয়া হয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাশের পর সরাসরি এই কলেজে ভর্তি হলে কোর্স ফি-র ওপর ৬০ শতাংশ 'অন স্পট স্কলারশিপ'-এর ব্যবস্থা আছে। ভর্তি হওয়ার আগে সবাইকে কেরিয়ার ওরিয়েন্টেড স্পেশালাইজড ফ্রি কাউন্সিলিং করানো হয়। বয়স হতে হবে : ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। এখানে যেসব কোর্স শিখিয়ে চাকরি দেওয়া হয় তা হল — (১) হসপিটালিটি ম্যানেজমেন্ট, (২) হোটেল ম্যানেজমেন্ট, (৩) হসপিটাল ম্যানেজমেন্ট, (৪) জাহাজের ট্রেনিং, (৫) রিসেপশনিস্ট, (৬) বার ট্রেন্ডিং, (৭) ফুড এন্ড বেভারেজ সার্ভিস, (৮) কুলিনারী আর্টস, (৯) হাউস কিপিং, (১০) অ্যাভিয়েশন, (১১) এয়ারপোর্ট। ওপরের সব কোর্সই কেন্দ্রীয় সরকার অনুমোদিত ও ন্যাশনাল কাউন্সিল VTE দ্বারা স্বীকৃত। সব কোর্সের বেলায় অ্যাডমিশন ফিজ মাত্র ২,০০০ টাকা। আসন সংখ্যা সীমিত। ভর্তির জন্য যোগাযোগ করুন ৭দিনের মধ্যে। কারণ, প্রতিটি কোর্সেই ভর্তি প্রায় শেষের দিকে। তাই এই ধরনের চাকরিমুখী প্রফেশনাল কোর্সে ভর্তির ব্যাপারে বিশদ জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে — 6291365019, 9330364982, 9163453155. কলকাতা, ব্যারাকপুর ক্যাম্পাস।

# AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু



নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'-এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।



INC, WBUHS ও WBNC স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ B.Sc ও GNM নার্সিং কোর্সে ভর্তি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ —"(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC/WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা ওঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/নার্সিং হোম/ডায়াগনস্টিক সেন্টার/মেডিক্যাল সার্ভিস সেন্টার-এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফি-তে এত উচ্চ মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন/নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভর্তি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন/স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভর্তি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. এছাড়া ভর্তির জন্য সরাসরি যোগাযোগ করুন এই ঠিকানায় : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.

> **এই প্রতিষ্ঠানের ১০৭ শয্যাবিশিষ্ট নতুন মাল্টি স্পেশালিটি হাসপাতাল এবছর চালু হচ্ছে। এখানকার নার্সরা তাই প্রথম থেকেই সুপার স্পেশালিটি হাসপাতালে কাজ করার সুযোগ পাবে — যা অন্য কোথাও নেই।**

# টেকনিক্যাল কোর্সে চাকরির সুযোগ

নিজস্ব প্রতিনিধি, বহরমপুর : বিগত বছরগুলিতে আই টি আই পাশ ছেলেমেয়েদের যেমন চাহিদা ছিল, আগামী দিনেও ITI কোর্স পাশ ছেলেমেয়েদের চাহিদা দিন দিন আরও বাড়বে। এই সময় কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন ক্ষেত্রে আই টি আই পাশ ছেলেমেয়েদের প্রচুর নিয়োগ করা হয়। এছাড়া যে কোনো চাকরির ক্ষেত্রে আই টি আই কোর্স পাশদের অগ্রাধিকার দেওয়া হবে। সরকারি বেসরকারি চাকরির ক্ষেত্রেও আই টি আই পাশদের অগ্রাধিকার দেওয়া হবে। তাই শিক্ষা প্রতিষ্ঠান থেকে আজই আই টি আই কোর্স করে নিজেকে স্বাবলম্বী করে তুলুন। আই টি আই-এর সেরকমই এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হল 'প্রগতি প্রাইভেট আই.টি.আই'। বহরমপুর ও কৃষ্ণনগরে প্রগতি আই.টি.আই-তে নতুন সেশনে ভর্তি শুরু হয়েছে। সীট সীমিত। আগে আসলে ভিত্তিতে নেওয়া হবে। যোগাযোগ- বহরমপুর : 9434900500। কৃষ্ণনগর : 9434900700।


জোড়া নিয়োগ, জোড়া সাফল্য!
আসন্ন SSC (লাইব্রেরিয়ান, ক্লার্ক, গ্রুপ-ডি) ও পুলিশ (SI, সার্জেন্ট, কনস্টেবল) পরীক্ষার অথেন্টিক কোচিং। নিশ্চিত সাফল্যের লক্ষ্যে ক্র্যাশ কোর্সে ভর্তি শুরু। আসন সংখ্যা সীমিত।
ক্যাসেস, শিয়ালদহ, কলি-৯
WA : 9123846235
বিঃ দ্রঃ 8 বাহিনী, দিল্লি পুলিশ, RPF, NET/SET-P-I প্রভৃতি কোর্সেও ভর্তি শুরু।


## ব্যাঙ্কে ২৫০ অফিসার

১ পাতার পর

কোনো ব্যাঙ্ক বা, আর্থিক প্রতিষ্ঠানে, ব্রোকিং ফার্ম বা, সিকিউরিটি ফার্মে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা। শূন্যপদ : ২৫০টি (জেনাঃ ১০৩, ই.ডব্লু.এস. ২৫, ও.বি.সি. ৬৭, তঃজাঃ ৩৭, তঃউঃজাঃ ১৮)। পোস্ট কোড : 01.

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। ২২৫ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে এই সব বিষয়ে : কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং, ইংলিশ ল্যাঙ্গোয়েজ, পেশাগত জ্ঞানের প্রশ্ন। সফল হলে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.unionbankofindia.co.in এজন্য বৈধ একটি ই-মেল আইডি থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ১,১৮০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৭) টাকা অনলাইনে জমা দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওই ওয়েবসাইটে।


কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ—
✆: 9830795430



গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
রাজ্য পুলিশের CONSTABLE পদের অনলাইন পরীক্ষা হবে ৩০ নভেম্বর এই পরীক্ষায়
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
প্রতিটি মাত্র ৩০০/- টাকা



LIFE LONG CAREER IN AGRICULTURE
JIS College of Engineering, Kalyani
JIS UNIVERSITY
B.Sc (Hons.) AGRICULTURE SCIENCE (ICAR-guidelines based curriculum) in JIS University
B.TECH IN AGRICULTURAL ENGINEERING (AICTE Approved) in JIS College of Engineering
West Bengal Student Credit Card Scheme Available
Scholarships Available
উত্তীর্ণ ছাত্রছাত্রীর জন্য কৃষি বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার মাধ্যমে কেরিয়ার গড়ার এক সুবর্ণ সুযোগ। সরকারি ও বেসরকারি ক্ষেত্রে AICTE স্বীকৃত এবং ICAR সমতুল্য পাঠ্যক্রম। প্লেসমেন্ট এ সর্বত্র সহযোগিতা
ADMISSIONS OPEN 2025
Eligibility
Minimum 60% in 10+2 with Science and qualified through JET (JISU Entrance Test)
Eligibility
Through WBJEE, E-counselling or CEE-AMPAI-WB-2025 (As per WBJEE 2025 rank)
CAREER OPPORTUNITY
State and Central Govt. Specialized Officer as ADA, Food Safety FCI, Warehouse Corporation, NABARD FSSAI in Plant Protection, Soil Conservation, Forest Department Nationalized Banks as Field Officer Probationary Officer, Assistants Corporate sectors in Seed producing, Agri-chemicals, Food Processing, Biofertilizers, Microbial fertilizers Companies KVKs, R&D of Govt. & Pvt. Organizations, Agriculture University in Govt & Pvt., IFFCO, CRIVCO, WBSSC, NSC, WBCADC
Block A, Phase III, Kalyani-741235
For B.Sc. (Hons) Agri : 6294045510, 9088431806
For B.Tech (Agri. Eng.) : 8240729310, 8777341448
www.jisgroup.org | www.jisuniversity.ac.in

# শিক্ষক-শিক্ষিকা পরীক্ষার গাইড

# স্কুল সার্ভিসের 2nd SLST-র মাধ্যমে ইতিহাস (নবম-দ্বাদশ) বিষয়ের সম্ভাব্য প্রশ্নোত্তর



পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশনের 2nd SLST-র নবম-দশম শ্রেণির সহ-শিক্ষক/সহ-শিক্ষিকা পদের পরীক্ষা হবে ৭ সেপ্টেম্বর আর একাদশ-দ্বাদশ শ্রেণির সহ-শিক্ষক/সহ-শিক্ষিকা পদের পরীক্ষা হবে ১৪ সেপ্টেম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের (MCQ)। নেগেটিভ মার্কিং নেই। 'ইতিহাস' বিষয়ে এবছর যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা, তেমন প্রশ্ন ও উত্তর নিয়ে আলোচনা করেছেন ডক্টর ও স্বর্ণপদকপ্রাপ্ত অধ্যাপক দীপঙ্কর ঘোষ।

1. পরিণত হরপ্পা সভ্যতা বিকশিত হয় আনুমানিক কোন সময়?
(A) 3200-2600 খ্রিস্টপূর্বাব্দ (B) 2000-1500 খ্রিস্টপূর্বাব্দ
(C) 2600-1900 খ্রিস্টপূর্বাব্দ (D) 1900-1300 খ্রিস্টপূর্বাব্দ

2. মেসোপটেমীয় লিপিতে 'মেলুহা' হল —
(A) নিম্ন সিন্ধু অঞ্চল (B) নর্মদা উপত্যকা
(C) সপ্তসিন্ধু উপত্যকা (D) মালাবার উপকূল অঞ্চল

3. 'দ্য সরস্বতী ফ্লোস অন' গ্রন্থটির রচয়িতা কে?
(A) ফেয়ার সার্ভিস (B) এম.এম. মুঘল (C) বি.বি. লাল (D) কেনেডি

4. হরপ্পা সংস্কৃতি ধ্বংস হওয়ার জন্য আর্য আক্রমণের তত্ত্ব কে উত্থাপন করেছিলেন?
(A) জন মার্শাল (B) মর্টিমার হুইলার
(C) বি. বি. লাল (D) বি. কে. থাপার

5. 'গান্ধী আরউইন চুক্তি' ভারতের নীচের কোন আন্দোলনের সঙ্গে যুক্ত ছিল?
(A) রাওলাট (B) আইন অমান্য
(C) ভারত ছাড়ো (D) অসহযোগিতা

6. মহেঞ্জোদারো থেকে পাওয়া বিখ্যাত 'নর্তকীমূর্তি' নীচের কোন প্রজাতির সঙ্গে সম্পর্কিত?
(A) প্রোটো অস্ট্রালয়েড (B) মঙ্গোলয়েড
(C) ভূমধ্যসাগরীয় (D) আল্পাইন

7. পুরুষমেধ যজ্ঞের উল্লেখ সর্বপ্রথম কোথায় পাওয়া গিয়েছে?
(A) ঐতরেয় ব্রাহ্মণ (B) শতপথ ব্রাহ্মণ
(C) কৌশিতকী ব্রাহ্মণ (D) গোপথ ব্রাহ্মণ

8. সাংখ্যদর্শনটি উত্থাপন করেছেন কে?
(A) গৌতম (B) জৈমিনী (C) পতঞ্জলী (D) কপিল

9. 'বিমুক্তিমগ্গ' গ্রন্থটি কোন সম্প্রদায়ের সঙ্গে যুক্ত?
(A) হীনযান (B) মহাযান (C) বজ্রযান (D) দিগম্বর

10. ঋগ্বৈদিক যুগে 'পনি' বলতে কী বোঝায়?
(A) সেনাপতি (B) পুরোহিত (C) নাবিক (D) বণিক

11. 'গোধুম' হল —
(A) ধান (B) গম (C) যব (D) রাই

12. 'টেরাকোটা' বলতে কী বোঝায়?
(A) পোড়ামাটির তৈরি বস্তু (B) ব্রোঞ্জ নির্মিত বস্তু
(C) তামার নির্মিত বস্তু (D) চুনাপাথরের তৈরি বস্তু

13. ভারতকে 'নৃতত্ত্বের জাদুঘর' বলে অভিহিত করেছেন কোন ঐতিহাসিক?
(A) রবীন্দ্রনাথ মুখোপাধ্যায় (B) ভিনসেন্ট স্মিথ
(C) রোমিলা থাপার (D) A. L. ব্যাশাম

14. মহাবীর কোন বংশে জন্মগ্রহণ করেছিলেন?
(A) শাক্য (B) কৌলিক (C) জ্ঞাতৃক (D) মৌরিয়
15. ব্রাহ্মণগ্রন্থে প্রাপ্ত 'কুসীদিন' শব্দের অর্থ কী?
(A) ধনী বণিক (B) মাপের একক (C) ঋণ/সুদ ব্যবসায়ী (D) আত্মীয়

16. মৌর্য প্রশাসনে 'সন্নিধাত্রী' কোন বিভাগের আধিকারিক ছিলেন?
(A) রাজস্ব (B) রাজকোষ (C) বিচার (D) ধর্ম

17. মারাঠা শাসনামলে প্রচলিত 'সরদেশমুখী' কী ছিল?
(A) শিবাজী মহারাজকে দেওয়া একটি নাম (B) পেশওয়ার সমতুল্য পদবি (C) মারাঠা শাসনামলের একটি মুদ্রা (D) রাজস্বের ওপর আরোপিত কর

18. ভারতের সাংস্কৃতিক ইতিহাসে 'পঞ্চায়তন' শব্দটির অর্থ কী?
(A) গ্রামের প্রবীণদের সভা (B) ধর্মীয় সম্প্রদায়
(C) মন্দির নির্মাণশৈলী (D) প্রশাসনিক কর্মকর্তা

19. বৌদ্ধ দ্বিতীয় পরিষদের সভাপতি কে ছিলেন?
(A) সব্বকামি (B) মহা কাশ্যপ (C) বসুমিত্র (D) মোগলিপুত্ত তিস্য

20. ব্রহ্ম সূত্রের ওপর লিখিত 'শ্রী ভাষ্য' টিকা লিখেছেন কে?
(A) রামানুজাচার্য (B) অনিরুদ্ধ (C) প্রদ্যুম্ন (D) বাসুদেব

21. 'সিয়ার-ই-আকবর' গ্রন্থটি কে লিখেছিলেন?
(A) আবুল ফজল (B) দারা শিকো (C) ফৈজী (D) লামা তারানাথ

22. বৈদিক শিক্ষার ওপর প্রাচীনতম সাহিত্য কোনটি?
(A) প্রতিশাখ্য (B) বৃহদারণ্যক উপনিষদ (C) জয়সংহিতা (D) বিষ্ণুপুরাণ

23. নীচের সর্বাস্তিবাদী চিন্তাবিদ কে?
(A) নাগার্জুন (B) অশ্বঘোষ (C) হরিভদ্র (D) বুদ্ধঘোষ

24. নীচের কোন পুরাণ থেকে সাতবাহনদের সম্পর্কে জানা যায়?
(A) বিষ্ণুপুরাণ (B) বায়ুপুরাণ (C) কথা উপনিষদ (D) মৎস্য পুরাণ

25. অজন্তা গুহাচিত্রগুলি কোন সময়কার?
(A) পাল বংশ (B) রাষ্ট্রকূট বংশ
(C) মৌর্য বংশ (D) গুপ্ত বংশ

26. মেগাস্থিনিসের 'ইন্ডিকা'তে দক্ষিণ ভারতের কোন রাজ্যের উল্লেখ আছে?
(A) চের (B) পান্ড্য (C) চোল (D) ভোজি

27. বাংলায় প্রথম মুদ্রণখানা কোথায় স্থাপিত হয়েছিল?
(A) হুগলি (B) বারাসাত (C) বাঁকুড়া (D) কলকাতা

28. 'চম্পা' কোন মহাজনপদের রাজধানী?
(A) পাঞ্চাল (B) বৃজি (C) মগধ (D) অঙ্গ

29. চন্দ্রগুপ্ত মৌর্য কোন সালে সেলুকাসকে পরাজিত করেন?
(A) 317 (B) 315 (C) 305 (D) 300

30. 'সমস্ত মানুষ আমার প্রজা (সন্তান)' অশোক কোন শিলালিপিতে ঘোষণা করেছিলেন?
(A) লুম্বিনী স্তম্ভলিপি (B) I নং পৃথক কলিঙ্গ শিলালিপি (C) VII নং স্তম্ভলিপি (D) ক্ষুদ্র শিলালিপি

31. মৌর্যযুগের 'সীতা' শব্দের অর্থ কী?
(A) বানজার জমি (B) দেবী
(C) ধর্মীয় সম্প্রদায় (D) রাজকীয় ভূমির প্রাপ্য আয়

32. মিল করুন —

| | | | A | B | C | D |
|---|---|---|---|---|---|---|
| (A) চন্দ্রগুপ্ত মৌর্য | 1. হেলিওডোরাস | (A) | 2 | 1 | 3 | 4 |
| (B) বিন্দুসার | 2. ডাইমেকাস | (B) | 4 | 3 | 2 | 1 |
| (C) অশোক | 3. ডায়োনিসিয়াস | (C) | 4 | 2 | 3 | 1 |
| (D) ভাগভদ্র | 4. মেগাস্থিনিস | (D) | 4 | 2 | 1 | 3 |

33. অশোক তাঁর কোন শিলালিপিতে 'আটবিক জাতি'র উল্লেখ করেছেন?
(A) পঞ্চম (B) একাদশ (C) দ্বাদশ (D) ত্রয়োদশ

34. সিমুক কোন রাজবংশ প্রতিষ্ঠা করেন?
(A) চম্পা (B) সাতবাহন (C) চোল (D) অমরাবতী

35. উমা দেবীর নাম কোন মুদ্রায় খোদাই করা আছে?
(A) গুপ্ত মুদ্রা (B) ইন্দো-গ্রিক মুদ্রা
(C) কুষাণ মুদ্রা (D) শক মুদ্রা

36. 'লিচ্ছবি-দৌহিত্র' কাকে বলা হয়?
(A) প্রথম চন্দ্রগুপ্ত (B) সমুদ্রগুপ্ত
(C) স্কন্দগুপ্ত (D) দ্বিতীয় চন্দ্রগুপ্ত

37. 'সতীদাহ' প্রথার প্রথম শিলালিপির প্রমাণ পাওয়া যায় —
(A) এরান (B) জুনাগড় (C) মান্দাসোর (D) সাঁচী

38. পল্লবদের রাজধানী কোথায় ছিল?
(A) বাতাপি (B) কাঞ্চিপুরম (C) বাতাসি (D) মহাবলীপুরম

39. কোনটি কালিদাসের রচনা নয়?
(A) ঋতুসংহার (B) রঘুবংশ
(C) অভিজ্ঞান শকুন্তলম্ (D) কাদম্বরী

40. 'গণিত সার সংগ্রহ'এর রচয়িতা কে?
(A) ব্রহ্মগুপ্ত (B) ভাস্কর
(C) আর্যভট্ট (D) মহাবীরাচার্য

41. 'চাঁদ পৃথিবীর চারপাশে ঘোরে এবং পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে' — কথাটি কে বলেছিলেন?
(A) আর্যভট্ট (B) বরাহমিহির (C) ব্রহ্মগুপ্ত (D) ভরবি

42. গুপ্তযুগে স্বর্ণমুদ্রার নাম কী ছিল?
(A) দিনার (B) নিষ্ক (C) কার্যাপন (D) দ্রম্ম

43. 'সূর্যসিদ্ধান্ত' গ্রন্থটি কার লেখা?
(A) বরাহমিহির (B) কালিদাস
(C) ভানুবাহন (D) আর্যভট্ট

44. কালিদাস রচিত 'মালবিকাগ্নিমিত্রম' নাটকের নায়ক কে ছিলেন?
(A) পুষ্যমিত্র শুঙ্গ (B) গৌতমীপুত্র সাতকর্ণী
(C) অগ্নিমিত্র (D) দ্বিতীয় চন্দ্রগুপ্ত

45. 'বিক্রমশীলা বিশ্ববিদ্যালয়' স্থাপনকারী পাল শাসক কে?
(A) ধর্মপাল (B) দেবপাল (C) রামপাল (D) গোপাল

46. 'বল্লভী বিশ্ববিদ্যালয়' কোন স্থানে অবস্থিত ছিল?
(A) বিহার (B) বাংলা (C) গুজরাত (D) মহারাষ্ট্র

47. কোন পাল রাজাকে 'উত্তরাপথস্বামী' বলা হয়েছে?
(A) দেবপাল (B) ধর্মপাল (C) মহীপাল (D) রামপাল

48. কোন ঘটনাকে 'অপবিত্র ধর্মবিপ্লব' বলা হয়?
(A) কৈবর্ত বিদ্রোহ (B) রাজেন্দ্র চোলের রাঢ় অঞ্চল আক্রমণ (C) ত্রিপাক্ষিক সংগ্রাম (D) কলিঙ্গ যুদ্ধ

49. 'বোধিপথপ্রদীপ' গ্রন্থটির লেখক কে?
(A) চক্রপাণিদত্ত (B) বল্লসেন
(C) অতীশ দীপঙ্কর (D) রায়পাল

50. পালযুগে একজন বিখ্যাত ভাস্করের নাম —
(A) সিদ্ধচার্য (B) ধীমান
(C) নীতিবর্মন (D) গৌড় অভিনন্দন

51. বীরবলের আসল নাম কী ছিল?
(A) রাম দাস (B) মহেশ দাস
(C) ভগবান দাস (D) শ্যাম দাস

52. 'বিক্রমাঙ্কদেবচরিত'এর রচয়িতা কে?
(A) বিলহন (B) বাকপতিরাজ
(C) যশোবর্মন (D) হলায়ুধ

53. 'সদুক্তিকর্ণামৃত'র রচয়িতা কে?
(A) আনন্দভট্ট (B) শ্রীধরদাস (C) ধোয়ী (D) জয়নাক

54. ধর্মপালের ধর্মগুরু কে ছিলেন?
(A) উদয়ভদ্র (B) হরিভদ্র
(C) অনিরুদ্ধ (D) এঁদের কেউ নয়

55. 'কৌমুদী মহোৎসব'এর রচয়িতা কে?
(A) শূদ্রক (B) কামাদক
(C) ভিজ্জকা (D) উদ্দোতনসূরী

56. বৈষ্ণবধর্ম গ্রহণ করেন কোন ব্যাকট্রিয় রাজা?
(A) অ্যান্টিঅ্যালসিডাস (B) হেলিওডোরাস
(C) রুদ্রদামন (D) কার্দমক

57. 'শ্রেণিক' কার উপাধি?
(A) বিন্দুসার (B) অজাতশত্রু
(C) বিম্বিসার (D) উদয়ভদ্র

58. ঋগ্বেদে ক'টি মণ্ডল?
(A) 7 (B) 10 (C) 12 (D) 14

59. আজীবিক মতবাদের প্রতিষ্ঠাতা কে?
(A) চার্বাক (B) ঋষভদেব (C) গোসাল (D) বৃহস্পতি

60. 'ভারতীয় প্রত্নতত্ত্বের জনক' কে?
(A) দয়ারাম সাহনী (B) স্যার জন মার্শাল (C) আলেকজান্ডার কানিংহাম (D) স্যার মর্টিমার হুইলার

## উত্তর

1(C). 2(A) 3(C). 4(B). 5(B). 6(A). 7(B). 8(D). 9(A). 10(D). 11(B). 12(A). 13(B). 14(C). 15(C). 16(B). 17(D). 18(C). 19(B). 20(A). 21(B). 22(A). 23(B). 24(D). 25(C). 26(B). 27(D). 28(D). 29(C). 30(B). 31(C). 32(C). 33(D). 34(B). 35(C). 36(B). 37(A). 38(B). 39(D). 40(D). 41(B). 42(A). 43(A). 44(C). 45(A). 46(C). 47(B). 48(A). 49(C). 50(B). 51(B). 52(A) 53(B). 54(B). 55(C). 56(B). 57(C). 58(B). 59(C). 60(C).

# ব্যাঙ্ক অফ বরোদায় ১৪২ অফিসার

নিজস্ব প্রতিনিধি, বরোদা : ব্যাঙ্ক অফ বরোদা 'অফিসার অ্যাগ্রিকালচার সেলস' পদে ১৪২ জন লোক নিচ্ছে।

অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, ফিশারি সায়েন্স, পিসিকালচার, অ্যাগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং, অ্যাগ্রো ফরেস্ট্রি, ফরেস্ট্রি, অ্যাগ্রিকালচারাল বায়োটেকনোলজি, বায়োটেকনোলজি, ফুড সায়েন্স, অ্যাগ্রিকালচার বিজনেস ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, সেরিকালচার, ফিশারি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সেলস, মার্কেটিং, অ্যাগ্রি বিজনেস, রুরাল ম্যানেজমেন্ট, ফিনান্স -এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১-৮-২০২৫'এর হিসাবে ২৪ থেকে ৩৬ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। অফিসে ২ বছরের অভিজ্ঞতা। শূন্যপদ : ১৪২টি (জেনাঃ ৬১, তজাঃ ১৯, তঃউজাঃ ১১, ও.বি.সি. ৩৬, ই.ডব্লু.এস. ১৫)। এর মধ্যে অস্থি প্রতিবন্ধী ২, দৃষ্টিহীন প্রতিবন্ধী ২, বধির প্রতিবন্ধী ১, আই.ডি. ১টি। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে পূর্ব অঞ্চলে কলকাতায়। ২২৫ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : রিজনিং - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, পেশাগত নলেজ - ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন। সময় থাকবে ১৫০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষায় সফল হলে গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ ও সাইকোমেট্রিক টেস্ট হবে।

দরখাস্ত করবেন অনলাইনে,২৬ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.bankofbaroda.co.in অনলাইনে দরখাস্ত করার সময়ে বৈধ ই-মেল আইডি থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে জমা দেবেন। এরপর 'সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম' প্রিন্ট আউট করে নিজের কাছে রেখে দেবেন। কোনো প্রমাণপত্র ডাকে পাঠাতে হবে না। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স নিয়ে যাবেন।

# ৭৫০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে মেট্রো এলাকার বেলায় ১৫,০০০ টাকা, আরবান এলাকার বেলায় ১২,০০০ টাকা ও সেমি আরবান বা, রুরাল এলাকার বেলায় ১০,০০০ টাকা। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় পড়তে, লিখতে ও বলতে পারা দরকার। কোন রাজ্যে ক'টি সীট আছে : শূন্যপদ : পশ্চিমবঙ্গ ৩৫টি (জেনাঃ ১০, তফজাঃ ১১, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রতিবন্ধী ৩। সিকিম ২টি (জেনাঃ), ত্রিপুরা-২টি (জেনাঃ), গুজরাট -১৬টি, গোয়া-১টি, হিমাচলপ্রদেশ - ১টি, হরিয়ানা -১৬টি, জম্মু ও কাশ্মীর ২টি, ঝাড়খণ্ড -৮টি, কর্ণাটক- ৬টি, কেরল-৩৩টি, মণিপুর-৪টি, মেঘালয় -২টি, মহারাষ্ট্র -৮৫, মিজোরাম- ২টি, মধ্য প্রদেশ -১২টি, নাগাল্যান্ড-১টি, ওড়িশা-২২টি, পাঞ্জাব-২৪টি, পুদুচেরি-১২টি, রাজস্থান -১৬, তেলেঙ্গানা-৬, তামিলনাড়ু-২০০টি, উত্তরাখণ্ড-৮টি, উত্তর প্রদেশ-১১০টি, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ১টি, আন্ধ্রা প্রদেশ ১৫টি, অরুণাচল প্রদেশ ১টি, অসম ৪টি, বিহার ৩৫টি, চণ্ডীগড় ৪টি, ছত্তিশগড় ১০টি, দমন ও দিউ ১টি, দিল্লি ৫৩টি।

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে ২৪ আগস্ট। ১ ঘন্টার পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস, জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং অ্যাপ্টিটিউড অ্যান্ড কম্পিউটার নলেজ। প্রতিটি পার্টে ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন হবে। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। ন্যূনতম স্কোর করতে হবে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা স্কোরিংয়ে ৫% নম্বরে ছাড় পাবেন। পরীক্ষা হবে কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। লিখিত পরীক্ষায় সফল হলে স্থানীয় ভাষার পরীক্ষা, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা। এরপর রাজ্যভিত্তিক তালিকা তৈরি হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : HRDD/APPR/01/2025-26, Dated: 08-08-2025.

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.iob.in, www.bfsissc.com

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.'তে স্ক্যান করবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮০০ (মহিলা, তপশিলী হলে ৬০০, প্রতিবন্ধী হলে ৪০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## শিক্ষক-শিক্ষিকা পরীক্ষার গাইড

# স্কুল সার্ভিসের 2nd SLST-র মাধ্যমে বাংলা (নবম-দশম) বিষয়ের সম্ভাব্য প্রশ্নোত্তর



পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশনের 2nd SLST-র নবম-দশম শ্রেণির সহ-শিক্ষক/সহ-শিক্ষিকা পদের পরীক্ষা হবে ৭ সেপ্টেম্বর আর একাদশ-দ্বাদশ শ্রেণির সহ-শিক্ষক/সহ-শিক্ষিকা পদের পরীক্ষা হবে ১৪ সেপ্টেম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের (MCQ)। নেগেটিভ মার্কিং নেই। 'বাংলা' বিষয়ে এবছর যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা, তেমন প্রশ্ন ও উত্তর নিয়ে আলোচনা করেছেন অভিজ্ঞ শিক্ষক ও লেখক **প্রশান্ত নেমো**।

1. নীরেন্দ্রনাথ চক্রবর্তীর 'আবহমান' কবিতার মূল কাব্যগ্রন্থের নাম কী?
(A) নীল নির্জন (B) উলঙ্গ রাজা
(C) অন্ধকার বারান্দা (D) কলকাতার যীশু

2. 'অনেক ধরে ধরে টাইপরাইটারে লিখে গেছেন মাত্র একজন'। তিনি কে?
(A) সুভাষ মুখোপাধ্যায় (B) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
(C) শৈলজানন্দ মুখোপাধ্যায় (D) অন্নদাশঙ্কর রায়

3. 'পোষার শখ আছে কিন্তু সেবা করতে জানেন না' — কী পোষার কথা বলা হয়েছে?
(A) কুকুর (B) বিড়াল (C) গোরু (D) পাখি

4. 'নবমীর পাঁঠার মতো কাঁপতে কাঁপতে ঢুকতে হবে হলঘরে'। নবমীর পাঁঠার অর্থ কী?
(A) বলির জন্য উৎসর্গ (B) আসন্ন বিপদে ভয়গ্রস্ত
(C) অনিবার্য মৃত্যু (D) হৃষ্টপুষ্ট চেহারা

5. 'চিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে'। অপমানিত ইতিহাস বলতে কী বোঝানো হয়েছে?
(A) মানব সভ্যতার ইতিহাস (B) আধুনিক সভ্যতার ইতিহাস
(C) সাম্রাজ্যবাদীদের ইতিহাস (D) আফ্রিকার পরাধীনতার ইতিহাস

6. 'এখন তখন নাই / নাম ধরি গান গাই' — এখানে গান গাওয়ার অর্থ কী?
(A) পদাবলী কীর্তন (B) মোহন বাঁশির সুর
(C) কৃষ্ণ নাম জপ করা (D) রাধার ভাবান্তর

7. 'বিদায় এবে দেহ ____'। শূন্যস্থান পূরণ করুন।
(A) বিধুমুখী (B) প্রাণসখে (C) প্রমীলা সুন্দরী (D) রক্ষোত্তমা

8. 'গিরিডিতে ফেরার চার ঘণ্টা পর এ ডায়রি লিখছি' — শঙ্কু কত তারিখের ডায়রিতে একথা লিখেছেন?
(A) 10 জুন (B) 12 জুন (C) 14 জুন (D) 16 জুন

9. 'সে পক্ষীবিজ্ঞানীদের সম্মেলনে আমাকে নেমন্তন্ন পাঠানোর বন্দোবস্ত করেছে।' কে বন্দোবস্ত করেছে?
(A) গ্রেনফেল (B) সন্ডার্স (C) অ্যাক্রয়েড (D) বুশ

10. 'সেটা থেকে মুক্তি পাবার জন্য সে বারবার নিজেকে ঝাঁকুনি দিয়ে যাচ্ছে।' 'সেটা' হল —
(A) ভয় (B) যন্ত্রণা (C) লজ্জা (D) হিংসা

11. 'বাংলাকে প্রথম সোনা এনে দিল' — কার কথা বলা হয়েছে?
(A) অমিয়া (B) কোনি (C) বেলা (D) হিয়া

12. কবি বুদ্ধদেব বসুর 'ইলিশ' কবিতাটি কোন মাসে রচিত হয়েছে?
(A) মে (B) জুন (C) জুলাই (D) আগস্ট

13. 'ভেঙেছো দুয়ার, এসেছ জ্যোতির্ময়' — জ্যোতির্ময় কীসের প্রতীক?
(A) পরমপুরুষ (B) প্রভাতসূর্য (C) বিজয়ীবীর (D) অরুণবহ্নি

14. মুনিস্বামী সপ্তাহের কোনদিন মিঠাই তৈরি করেন?
(A) বুধবার (B) শনিবার (C) রবিবার (D) সোমবার

15. 'এ কী কথা, রাজাধিরাজ' — কথাটি কী?
(A) আমায় দাও গো কিছু (B) আমায় কিছু দাও গো
(C) আমায় কিছু দাও (D) আমায় দেবে গো কিছু?

16. 'ঈশানে উড়িল মেঘ সঘনে চিকুর'। 'ঈশান' বলতে আকাশের কোন কোণকে বোঝানো হয়?
(A) পূর্ব-পশ্চিম কোণ (B) উত্তর-পূর্ব কোণ
(C) উত্তর-দক্ষিণ কোণ (D) উত্তর-পশ্চিম কোণ

17. 'অনন্ত কাল যাদের বেদনা রহিয়াছে শুধু বুকে'। এখানে কাদের কথা বলা হয়েছে?
(A) নাগরিক মানুষ (B) প্রেমিক মানুষ
(C) পল্লীগ্রামের বিরহী মানুষ (D) বেদের দল

18. 'দাম' গল্পে বক্তা সুকুমার ইংরিজি কোটেশন কার নামে চালিয়ে দিলেন?
(A) শেক্সপীয়র (B) কীটস (C) বায়রন (D) বার্নার্ড শ

19. ক্ষোড়ো সাধুর দেশ কোথায় ছিল?
(A) ময়ূরভঞ্জ (B) রাজশাহী (C) পাবনা (D) কুমিল্লা

20. 'শহরটার বাড়িঘর ও রাস্তাঘাট ফরাসি প্রভাবের সাক্ষ্য দেয়' — শহরটার নাম কী?
(A) মার্সেলস (B) সিসিলি (C) পোর্ট সৈয়দ (D) ইতালি

21. পাবলো নেরুদা 'কুড়িটি প্রেমের কবিতা এবং একটি হতাশার গান' (1924) কাব্যটি কত বছর বয়সে লেখেন?
(A) 18 (B) 20 (C) 22 (D) 24

22. 'লিটল হাম' নাটকটির রচয়িতা হলেন —
(A) আর্নেস্ট হেমিংওয়ে (B) এলিয়ট
(C) ল্যাংস্টন হিউজেস (D) গার্সিয়া মার্কেজ

23. থমাস স্টার্নস এলিয়ট কত সালে 'নোবেল' পুরস্কার পান?
(A) 1940 (B) 1942 (C) 1945 (D) 1948

24. 'কবিগুরু গ্যেটে' (1949) প্রবন্ধটি বাংলায় কে রচনা করেন?
(A) অন্নদাশঙ্কর রায় (B) রবীন্দ্রনাথ ঠাকুর
(C) বিষ্ণু দে (D) শঙ্খ ঘোষ

25. 1968 সালে রচিত 'শান্ততা!' নাটকের রচয়িতা কে?
(A) গোপীনাথ মহান্তি (B) বিজয় তেন্ডুলকর
(C) অমৃতা প্রীতম (D) প্রেমচন্দ

26. 'বুজ্‌নাটক বিসমা হোই।।' —চর্যাপদটির রচয়িতা কে?
(A) ভুসুকুপাদ (B) লুইপাদ
(C) কাহ্নপাদ (D) বীণাপাদ

27. কাশীরাম দাসের 'মহাভারত' শ্রীরামপুর মিশনের প্রেস থেকে কত সালে প্রথম মুদ্রিত হয়?
(A) 1801-03 (B) 1804-05
(C) 1805-06 (D) 1806-07

28. ধর্মমঙ্গলের আদি কবি ময়ূরভট্টের কাব্যের নাম কী ছিল?
(A) অনাদিমঙ্গল (B) অনাদ্যমঙ্গল
(C) হাকন্দপুরাণ (D) শ্রীধর্মপুরাণ

29. মধ্যযুগে 'কর্ণামৃত' কাব্যটির রচয়িতা কে?
(A) জ্ঞানদাস (B) গোবিন্দদাস কবিরাজ
(C) চণ্ডীদাস (D) বিদ্যাপতি

30. মিথিলার কবি উমাপতি ওঝার কোন গীতিনাট্যে প্রথম ব্রজবুলি ভাষার লিখিত নমুনা পাওয়া যায়?
(A) সঙ্গীতমাধব (B) পারিজাতহরণ
(C) বিভাগসার (D) দুর্গামঙ্গল

31. ময়মনসিংহগীতিকাগুলি 'সৌরভ' পত্রিকায় প্রথম কে প্রকাশ করেন?
(A) চন্দ্রকুমার দে (B) দীনেশচন্দ্র সেন
(C) রবীন্দ্রনাথ ঠাকুর (D) আশুতোষ ভট্টাচার্য

32. 'আমি কি হেরিলাম স্বপনে' — শাক্তপদটির রচয়িতা কে?
(A) রামপ্রসাদ সেন (B) নজরুল ইসলাম
(C) কমলাকান্ত ভট্টাচার্য (D) মধুসূদন দত্ত

33. ভারতচন্দ্র হুগলী জেলার দেবানন্দপুরে কার আশ্রয়ে থাকার সময় ফারসি ভাষা শিক্ষা করেন?
(A) দিব্যেন্দু মুন্সি (B) রাধানাথ মুন্সি
(C) শ্রীমন্ত মুন্সি (D) রামচন্দ্র মুন্সি

34. বাংলা ভাষায় 'রামায়ণ'এর প্রথম অনুবাদক কৃত্তিবাস ওঝা আনুমানিক কত সালে নদিয়া জেলার ফুলিয়ায় জন্মগ্রহণ করেন?
(A) 1380 (B) 1383 (C) 1390 (D) 1399

35. কৃষ্ণদাস কবিরাজের কাব্যে কতগুলি অধ্যায় আছে?
(A) 60 (B) 62 (C) 64 (D) 66

36. 'অন্তরে লভেছি তব বাণী তাইতো মানিনা ভয়' — পংক্তিটির রচয়িতা কে?
(A) শক্তি চট্টোপাধ্যায় (B) বুদ্ধদেব বসু
(C) বিষ্ণু দে (D) জীবনানন্দ দাশ

37. বাংলা ভাষায় গদ্যে লেখা প্রথম জীবনচরিতের নাম কী?
(A) রাজা প্রতাপাদিত্য চরিত্র (B) প্রভাবতী সম্ভাষণ
(C) বত্রিশ সিংহাসন (D) মুচিরাম গুড়ের জীবনচরিত

38. বঙ্কিমের 'বিজ্ঞানরহস্য' কত সালে প্রথম প্রকাশিত হয়?
(A) 1873 (B) 1875 (C) 1877 (D) 1879

39. সুনীতিকুমার চট্টোপাধ্যায় কোন প্রবন্ধে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রেক্ষাপট তুলে ধরেছেন?
(A) সংস্কৃতি ও সাহিত্য (B) জাতীয় সংস্কৃতি
(C) ইতিহাস ও সংস্কৃতি (D) ভারত সংস্কৃতি

40. মধুসূদন তাঁর কোন প্রহসনে তৎকালীন ভণ্ড ব্রাহ্মণ সমাজপতিদের নীতি ভ্রষ্টতাকে ব্যঙ্গ করেছেন?
(A) বুড়ো শালিকের ঘাড়ে রোঁ
(B) একেই কি বলে সভ্যতা?
(C) মায়াকানন
(D) হেক্টর বধ

41. গিরিশচন্দ্র ঘোষের প্রথম মৌলিক নাটক কোনটি?
(A) অকালবোধন (B) রাসলীলা
(C) আগমনী (D) দোললীলা

42. 'পথের পাঁচালী'র কিশোর সংস্করণ 'ছোটোদের পথের পাঁচালী' কত সালে প্রকাশিত হয়?
(A) 1940 (B) 1942 (C) 1944 (D) 1946

43. পরশুরামের প্রথম ছোটগল্প 'শ্রী শ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড' কোন পত্রিকায় প্রকাশিত হয়?
(A) ভারতবর্ষ (B) কল্লোল (C) প্রবাসী (D) সবুজপত্র

44. নীচের কোনটি যৌগিক স্বরের প্রতিশব্দ নয়?
(A) সন্ধ্যক্ষর (B) সঙ্কির্ণ (C) যুক্তস্বর (D) দ্বিস্বর

45. দুইটি ব্যক্তি বা বস্তুর মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বোঝালে বিশেষণের ওপর কোন প্রত্যয় যুক্ত হয়?
(A) ঈয়স্ (B) ইষ্ঠ (C) শালিন্ (D) ময়ট্

46. 'চরিত্র' প্রকৃতি প্রত্যয় নির্ণয় করুন :
(A) √চরি + ইত্র (B) √চর্ + ইত্র
(C) চরা + ইত্র (D) √চি + ইত্র

47. অলোপ ক'টি সমাসের ক্ষেত্রে হতে পারে?
(A) একটি (B) দু'টি (C) তিনটি (D) চারটি

48. 'কালান্তর' সমাস নির্ণয় করুন :
(A) সম্বন্ধ তৎপুরুষ (B) অধিকরণ তৎপুরুষ
(C) ব্যাপক কর্মধারয় (D) নিত্য সমাস

49. 'নিকৃষ্ট' সন্ধিবিচ্ছেদ করুন :
(A) নিকৃষ্ + ত (B) নিকৃষ্ + ট (C) নিকৃষ্ + হ
(D) নিকৃষ্ + থ

50. 'বিপ্রকর্ষ' শব্দটির অর্থ কী?
(A) আকর্ষণ করা (B) দূরবর্তী হওয়া
(C) মধ্যস্বর লোপ পাওয়া (D) কেন্দ্রীভূত হওয়া

51. 'মুন্মুক' যে ধ্বনি পরিবর্তনের নিয়মে হয়েছে —
(A) সমীভবন (B) অভিশ্রুতি (C) স্বরভক্তি (D) স্বরসঙ্গতি

52. 'ঈগল' শব্দটি কোন শ্রেণির?
(A) ফারসি শব্দ (B) আরবি শব্দ (C) পর্তুগিজ শব্দ
(D) ইংরিজি শব্দ

53. যে অব্যয়ের সঙ্গে বাক্যের অন্য কোনো পদের ব্যাকরণগত সম্পর্ক থাকে না —
(A) পদান্বয়ী অব্যয় (B) বাক্যান্বয়ী অব্যয়
(C) অনন্বয়ী অব্যয় (D) সমাসক অব্যয়

54. 'খেতে পারি কিন্তু কেন খাবো?'
'কিন্তু' কোন শ্রেণির অব্যয়?
(A) সাংকেতিক অব্যয় (B) বিয়োজক অব্যয়
(C) ভাব প্রকাশক অব্যয় (D) সংশয়সূচক অব্যয়

55. বাংলায় ক'টি মৌলিক স্বরধ্বনির লিখিত রূপ নেই?
(A) একটি (B) দু'টি (C) তিনটি (D) চারটি

56. 'হে কাশি, কবিশ দলে তুমি পুণ্যবান।' 'পুণ্যবান' কোন শ্রেণির বিশেষণ?
(A) বিশেষ্যের বিশেষণ (B) সর্বনামের বিশেষণ
(C) বিশেষণের বিশেষণ (D) ক্রিয়া বিশেষণ

57. 'আপনি বোধহয় এসব কথা শুনেছেন।' — 'আপনি' কোন শ্রেণির সর্বনাম পদ?
(A) আত্মবাচক সর্বনাম (B) নির্দেশক সর্বনাম
(C) ব্যক্তিবাচক সর্বনাম (D) সাপেক্ষবাচক সর্বনাম

58. 'অঙ্গুশ কার ঝলসিয়া উঠে...' 'ঝলসিয়া' কোন শ্রেণির ক্রিয়াপদ?
(A) মৌলিক ক্রিয়া (B) যৌগিক ক্রিয়া
(C) প্রযোজক ক্রিয়া (D) নামধাতুর ক্রিয়া

59. 'সাজিছে রাবণ রাজা, বীরমদে মাতি —' ক্রিয়ার কাল নির্ণয় করুন :
(A) ঘটমান বর্তমানকাল (B) ঘটমান অতীতকাল
(C) পুরাঘটিত অতীতকাল (D) নিত্যবৃত্ত অতীতকাল

60. 'কত মা গাইল বর্গির গান।' — 'মা' কোন কারক?
(A) কর্তৃকারক (B) কর্মকারক (C) করণকারক (D) অধিকরণ কারক

### উত্তর

1(C). 2(D) 3(A). 4(B). 5(D). 6(C). 7(A). 8(B). 9(A). 10(B). 11(D). 12(B). 13(A). 14(C). 15(A). 16(B). 17(C). 18(D). 19(A). 20(C). 21(B). 22(C). 23(D). 24(A). 25(B). 26(D). 27(A). 28(C). 29(B). 30(B). 31(A). 32(C). 33(D). 34(D). 35(B). 36(B). 37(A). 38(B). 39(C). 40(A). 41(C). 42(C). 43(A). 44(C). 45(A). 46(B). 47(C). 48(D). 49(A). 50(B). 51(C). 52(D) 53(C). 54(A). 55(A). 56(B). 57(C). 58(D). 59(A). 60(A).




সঠিক পথে স্কুলে চাকরির সেরা পথ প্রদর্শক
সাফল্য
SLST'র বিষয়ভিত্তিক পরীক্ষার নির্বাচিত প্রশ্নোত্তরের প্র্যাক্টিস সেট অনুশীলন করলে সাফল্য নিশ্চিত
সঙ্গে পাবেন
স্কুলের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পরীক্ষার সাফল্যের উপযোগী প্রশ্নোত্তর
যোগাযোগ
6291684943

## ২ বিমা সংস্থায় ১,০৫০

১ পাতার পর

করতে পারেন। মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট পর্যন্ত যেকোনো স্তরে ইংরিজি অন্যতম বিষয় হিসাবে থাকতে হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন, সেই রাজ্যের রিজিওন্যাল ল্যাঙ্গোয়েজে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ৩১-৭-২০২৫'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ০১-০৭-১৯৯৫ থেকে ৩১-০৭-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২২,৪০৫-৬২,২৬৫ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে অনলাইন লিখিত পরীক্ষার মাধ্যমে। এজন্য প্রথমে প্রিলিমিনারি অনলাইন পরীক্ষা হবে ৭ সেপ্টেম্বর। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : (১) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) টেস্ট অফ রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) টেস্ট অফ নিউমেরিক্যাল এবিলিটি - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ১ ঘন্টা।

এরপর মেন পরীক্ষা হবে ২৮ অক্টোবর। এই পরীক্ষায় ২৫০ নম্বরের ২০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : (১) টেস্ট অফ রিজনিং - ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৩) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৪) কম্পিউটার নলেজ - ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৫) টেস্ট অফ নিউমেরিক্যাল এবিলিটি - ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। সফল হলে কম্পিউটার দক্ষতার পরীক্ষা ও ইন্টারভিউ। শুরুতে ৬ মাসের প্রবেশন। নেগেটিভ মার্কিং আছে।

প্রিলিমিনারি পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : আসানসোল, হুগলি, কল্যাণী, কলকাতা, শিলিগুড়ি। মেন পরীক্ষা হবে কলকাতা ও গ্রেটার কলকাতা। কল লেটার ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ১০ দিন আগে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://orientalinsurance.org.in এজন্য বৈধ একটি ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি নিজের হাতে লিখে স্ক্যান করবেন 'I——(Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'. এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে ১০০) টাকা অনলাইনে দিতে হবে। টাকা দেবেন ইন্টারনেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, মোবাইল ওয়ালেটে। সব শেষে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

**কোন রাজ্যে ক'টি শূন্যপদ:** পশ্চিমবঙ্গ ২৩টি (তঃজাঃ ৮, ও.বি.সি. ১৫)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ২। অসম ৪টি (ও.বি.সি.)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ১। ওড়িশা ১২টি (জেনাঃ ২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৫)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ২। আন্ধ্রা প্রদেশ ২৬টি। চন্ডীগড় ৫টি। ছত্তিশগড় ১১টি। দিল্লি ৬৬টি। গোয়া ১টি। গুজরাট ২৮টি। হরিয়ানা ৭টি। জম্মু ও কাশ্মীর ৩টি। কর্ণাটক ৪৭টি, কেরল ৩৭টি, মধ্যপ্রদেশ ১৯টি। মহারাষ্ট্র ৬৪। মিজোরাম ২টি। পঞ্জাব ১৪টি, রাজস্থান ২৭টি, তামিলনাড়ু ৩৭, উত্তর প্রদেশ ১২টি, উত্তরাখন্ড ১৮টি, অরুণাচল প্রদেশ ২টি, বিহার ১৯টি, হিমাচল প্রদেশ ৫টি, ঝাড়খন্ড ৫টি, সিকিম ২টি, ত্রিপুরা ২টি, দমন ও দিউ ২টি।

## দ্য নিউ ইন্ডিয়া অ্যাসিওরেন্স কোম্পানিতে ৫৫০

কেন্দ্রীয় সরকারের অধীন দ্য নিউ ইন্ডিয়া অ্যাসিওরেন্স কোম্পানি 'অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার' পদে ৫৫০ জন ছেলেমেয়ে নিচ্ছে। এইসব শাখায় : জেনারেলিস্ট, রিস্ক ইঞ্জিনিয়ার্স, অটোমোবাইল ইঞ্জিনিয়ার্স, লিগ্যাল, অ্যাকাউন্টস, হেলথ, আই.টি.। কারা কোন ট্রেডে যোগ্য :

**জেনারেলিস্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১৯৩টি (জেনাঃ ৭৮, তঃজাঃ ২৯, তঃউঃজাঃ ১৫, ও.বি.সি. ৫২, ই.ডব্লু.এস. ১৯)।

**রিস্ক ইঞ্জিনিয়ার্স :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৫০টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৪, ই.ডব্লু.এস. ৫)।

**অটোমোবাইল ইঞ্জিনিয়ার্স :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৭৫টি (জেনাঃ ৩১, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ২০, ই.ডব্লু.এস. ৮)।

**লিগ্যাল স্পেশালিস্ট :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে আইনের গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৫০টি (জেনাঃ ২০, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৫)।

**অ্যাকাউন্টস :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশ হলে যোগ্য। এম.বি.এ. ফিনান্স, পি.জি.ডি.এম (ফিনান্স), এম.কম. কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২)।

**অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (হেলথ) :** বি.ডি.এস., এম.ডি.এস., বি.এ.এম.এস., বি.এইচ.এম.এস. কিংবা এম.বি.বি.এস. কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫০টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৪, ই.ডব্লু.এস. ৫)।

**আই.টি. স্পেশালিস্ট :** আই.টি. বা, কম্পিউটার সায়েন্সের বি.ই., বি.টেক. কোর্স পাশরা যোগ্য। এম.সি.এ. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ৯, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৩)।

**বিজনেস স্পেশালিস্ট :** স্ট্যাটিস্টিক্স, অঙ্ক, অ্যাকচুয়ারিয়াল সায়েন্স, ডাটা সায়েন্স, বিজনেস অ্যানালিস্ট-এর ডিগ্রি বা, মাস্টার ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ ; ৭৫টি (জেনাঃ ৩০, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২০, ই.ডব্লু.এস. ৮)।

**কোম্পানি সেক্রেটারি :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এ.সি.এস বা, এফ.সি.এস. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

**অ্যাকচুয়ারিয়াল স্পেশালিস্ট :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা অ্যাকচুয়ারিয়াল পেপার ক্লিয়ার করে থাকলে যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)।

ওপরের সব ক্ষেত্রে তপশিলী ও প্রতিবন্ধীরা শিক্ষাগত যোগ্যতার নম্বরে ৫% ছাড় পাবেন। বয়স হতে হবে ১-৮-২০২৫'এর হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৫ থেকে ১-৮-২০০৪'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫০,৯২৫-৯৬,৭৬৫ টাকা। শুরুতে মেট্রো শহরে চাকরি হলে মোট মাইনে মাসে প্রায় ৯০,০০০ টাকা। এছাড়াও অন্যান্য ভাতা পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : CORP.HRM/AO/2025, Dated: 07.08.2025.

প্রার্থী বাছাই হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের পরীক্ষা হবে ১৪ সেপ্টেম্বর ও দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে ২৯ অক্টোবর। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে: পশ্চিমবঙ্গ : কলকাতা/ গ্রেটার কলকাতা, আসানসোল, শিলিগুড়ি। অসম : ডিব্রুগড়, গুয়াহাটি, জোরহাট, শিলচর। ত্রিপুরা: আগরতলা। ঝাড়খন্ড: জামশেদপুর, রাঁচী। ওড়িশা : বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, রৌরকেলা। বিহার : ভাগলপুর, গয়া, পটনা। প্রিলিমিনারি পরীক্ষায় ১০০ নম্বরের ১ ঘন্টার প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৩০ নম্বর, (খ) রিজনিং এবিলিটি - ৩৫ নম্বর, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৩৫ নম্বর।

সফল হলে মেন পরীক্ষা। জেনারেলিস্ট পদের মেন পরীক্ষায় ২০০ নম্বরের আড়াই ঘন্টার অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (২) জেনারেল অ্যাওয়ারনেস, (৩) টেস্ট অফ রিজনিং, (৪) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড। স্পেশালিস্ট অফিসার পদের মেন পরীক্ষায় ২০০ নম্বরের আড়াই ঘন্টার পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (২) জেনারেল অ্যাওয়ারনেস, (৩) টেস্ট অফ রিজনিং, (৪) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, (৫) স্পেশালাইজেশন বিষয়।

দুই ক্ষেত্রেই অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

এছাড়াও ডেসক্রিপটিভ টাইপের পেপারে ৩০ নম্বরের ৩০ মিনিটের পরীক্ষায় থাকবে প্রবন্ধ লেখা-২০ নম্বর ও চিঠি লেখা-১০ নম্বর। সফল হলে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। ইন্টারভিউ দিতে যাতায়াতের দ্বিতীয় শ্রেণির ভাড়া পাবেন। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা। তপশিলী, ও.বি.সি.'রা প্রি-এক্সামিনেশন ট্রেনিং নিতে পারবেন।

দরখাস্ত করবেন অনলাইনে ৩০ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://newindia.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি নিজের হাতে লিখে স্ক্যান করবেন 'I------ (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'. প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ৮৫০ টাকা (তপশিলী ও প্রতিবন্ধী হলে ১০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে জমা দেবেন। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এরপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## স্টেট ব্যাঙ্কে ৬,৫৮৯ ক্লার্ক

১ পাতার পর

ডিগ্রি কোর্স পাশ হতে হবে ৩১-১২-২০২৫'এর মধ্যে।

মাধ্যমিক পাশ প্রাক্তন সমরকর্মীরা আর্মি স্পেশাল সার্টিফিকেট অফ এডুকেশন বা, নেভি কিংবা এয়ারফোর্সের করেসপন্ডেন্স সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অন্তত ১৫ বছর আর্মড ফোর্সে চাকরি করে থাকলেও যোগ্য। ইংরিজিতে লিখতে ও বলতে পারা দরকার। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন, সেখানকার স্থানীয় ভাষায় লিখতে ও কথাবার্তা বলতে পারলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে ধরা হবে।

বয়স হতে হবে ১-৪-২০২৫'র হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৪-১৯৯৭ থেকে ১-৪-২০০৫'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর বয়সে ছাড় পাবেন। স্টেট ব্যাঙ্কের অ্যাপ্রেন্টিস ট্রেনিং করে থাকলে বয়সে অতিরিক্ত ছাড় পাবেন। শুরুতে ৬ মাসের প্রবেশন। মূল মাইনে : ২৪,০৫০-৬৪,৪৮০ টাকা। শুরুতে মাইনে পাবেন মাসে ৪৬,০০০ টাকা।

মোট শূন্যপদ ৬,৫৮৯টি। এর মধ্যে — কলকাতা সার্কেলের — পশ্চিমবঙ্গে ২৭০টি (জেনা: ১০৯, ই.ডব্লু.এস. ২৭, তঃজাঃ ৬২, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ৫৯)। এর মধ্যে দৃষ্টিহীন প্রতিবন্ধী ৩, বধির প্রতিবন্ধী ৩, এল.ডি. ৩, ডি অ্যান্ড ই ১, প্রাঃসঃকঃ ৩৯)। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ৩০টি (জেনা: ১৭, ই.ডব্লু.এস. ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮)। এর মধ্যে দৃষ্টিহীন ১, বধির ১, প্রাঃসঃকঃ ৪)। সিকিমে ২০টি (জেনা: ৯, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ২।

গুয়াহাটি সার্কেলের — অসমে ১৪৫টি (জেনা: ৬৫, ই.ডব্লু.এস. ১৪, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ১৭, ও.বি.সি. ৩৯)। এর মধ্যে প্রতিবন্ধী ৬, প্রাঃসঃকঃ ২০। অরুণাচল প্রদেশে ১০টি। মণিপুরে ১৬টি। মেঘালয় ৩২টি। মিজোরামে ১৩টি। নাগাল্যান্ডে ২২টি। ত্রিপুরা ১১টি। ভুবনেশ্বর সার্কেলের — ওড়িশায় ১৯০টি। আহমেদাবাদ সার্কেলের — গুজরাট ২২০টি। ব্যাঙ্গালোর সার্কেলের — কর্ণাটকে ২৭০টি। ভোপাল সার্কেলের — মধ্যপ্রদেশে ১০০টি। ছত্তিশগড়ে ২২০টি। চন্ডিগড় সার্কেলের — জম্মু-কাশ্মীরে ২৯টি। হিমাচলপ্রদেশে ৬৮টি। পঞ্জাব ১৭৮টি। চেন্নাই সার্কেলের — তামিলনাড়ুতে ৩৮০টি। দিল্লি সার্কেলের — দিল্লিতে ১৬৯টি। উত্তরাখন্ডে ১২৭টি। দিল্লি /চন্ডীগড় সার্কেলের — হরিয়ানায় ১৩৮টি। হায়দরাবাদ সার্কেলের — তেলেঙ্গানায় ২৫০টি। জয়পুর সার্কেলের — রাজস্থানে ২৬০টি। কেরলে সার্কেলের — কেরালায় ২৪৭টি। লাক্ষাদ্বীপ ৩টি। লক্ষ্ণৌ/ দিল্লি সার্কেলের —উত্তর প্রদেশে ৫১৪টি। মহারাষ্ট্র /মুম্বাই মেট্রো সার্কেলের — মহারাষ্ট্র ৪৭৬টি। গোয়া-১৪, আন্ধ্রা প্রদেশ ৩১০টি, লাদাখ -৩৭, বিহার-২৬০টি, ঝাড়খন্ড -১৩০টি। এই পদের বিজ্ঞপ্তি নং : CRPD/CR/2025-26/06.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইনে প্রিলিমিনারি পরীক্ষা হবে। তাতে সফল হলে অনলাইনে মেন পরীক্ষা। তাতে সফল হলে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে, সেপ্টেম্বরে। পূর্ব ভারতের এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গ : গ্রেটার কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, হাওড়া, কল্যাণী, শিলিগুড়ি। বিহার : আড়, ভাগলপুর, দ্বারভাঙ্গা, গয়া, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া। ওড়িশা : বালাসোর, বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, রৌরকেলা, সম্বলপুর।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১ ঘন্টার ১০০ নম্বরের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) নিউমেরিক্যাল এবিলিটি -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) রিজনিং এবিলিটি - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে সফল বলে ধরা হবে। কোয়ালিফাইং নম্বর কত হবে তা ব্যাঙ্ক সিদ্ধান্ত নেবে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা কোয়ালিফাইং নম্বরে ৫% ছাড় পাবেন।

প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেনস পরীক্ষা হবে নভেম্বরে। অনলাইন মেন পরীক্ষায় ২০০ নম্বরের ১৯০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল / ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৩৫ মিনিট। (২) জেনারেল ইংলিশ -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। (৪) রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড -৬০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। মোট সময় থাকবে ২ ঘন্টা ৪০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রিলি ও মেন দুই ক্ষেত্রেই প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। তবে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও অসমের প্রার্থীদের বেলায় ইংরিজি ও হিন্দি ছাড়াও বাংলা ভাষাতে প্রশ্ন হবে। স্টেট ব্যাঙ্কের অ্যাপ্রেন্টিস প্রার্থীদের বেলায় মেনস পরীক্ষায় ২.৫% নম্বর বোনাস হিসাবে অতিরিক্ত পাবেন।

লিখিত পরীক্ষায় তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা কোয়ালিফাইং নম্বরে ৫% ছাড় পাবেন। মেধা তালিকা তৈরির সময় মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখা হবে।

তপশিলী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীরা 'প্রি-এক্সামিনেশন ট্রেনিং' নিতে পারেন। এজন্য দরখাস্তের নির্দিষ্ট জায়গা পূরণ করবেন। প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে কলকাতা, শিলিগুড়ি, শিলচর, রাঁচী, পটনা, ডিব্রুগড়, আসানসোল, ভুবনেশ্বর, গুয়াহাটি।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৬ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://bank.sbi/careers, https://sbi.co.in /careers

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার আগে প্রার্থীদের এইসব প্রমাণ পত্র স্ক্যান করে নিতে হবে : (ক) পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার, (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন), (গ) এস.বি.আই. অ্যাপ্রেন্টিস ট্রেনিং সার্টিফিকেট (যদি থাকে), (ঘ) নিচের প্যারাগ্রাফ হাতে লেখার পর স্ক্যান করতে হবে। "I, ______(Name of the candidate), Date of Birth ______hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required. The signature, photograph and left thumb impression is of mine".

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৭৫০ (তপশিলী, প্রাঃসঃকঃ ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দিতে হবে ২৬ আগস্টের মধ্যে। অনলাইনে টাকা জমা দিতে পারবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে। অনলাইনে টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# নৌবাহিনীতে ২৬০ অফিসার

**নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি :** ভারতীয় নৌবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'জেনারেল সার্ভিস (এক্সিকিউটিভ) জেনারেল সার্ভিস (এক্স) / হাইড্রোগ্রাফি' ও এয়ার ট্রাফিক কন্ট্রোল / অবজার্ভার /পাইলট /লজিস্টিক্স /এডুকেশন /টেকনিক্যাল (ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রিক্যাল) / ন্যাভাল আর্কিটেক্ট' পদে কাজের জন্য 'অফিসার' হিসাবে ২৬০ জন অবিবাহিত ছেলেমেয়ে নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য :

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস -জি.এস.(এক্স) / হাইড্রো ক্যাডার) :** ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০%নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-১-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ৫৭টি। এর মধ্যে জেনারেল সার্ভিসে ৫২ ও হাইড্রো ক্যাডারে ৫।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (এয়ার ট্রাফিক কন্ট্রোল) :** মোট অন্তত ৬০%নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০%নম্বর পেয়ে থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৫'এর মধ্যে। শূন্যপদ : ২০টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (ন্যাভাল এয়ার অপারেশন্স অফিসার) (আগে অবজার্ভার নাম ছিল) :** মোট অন্তত ৬০%নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ২০টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (পাইলট) :** মোট অন্তত ৬০%নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ২৪টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (লজিস্টিক্স) :** মোট অন্তত ৬০%নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। প্রথম শ্রেণির এম.বি.এ. কোর্স পাশরাও যোগ্য। প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা ফিনান্স, লজিস্টিক্স, সাপ্লাই চেন ম্যানেজমেন্ট, মেটেরিয়াল ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। প্রথম শ্রেণির এম.সি.এ. বা, এম.এসসি. (আই.টি.) কোর্স পাশরাও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-১-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ১০টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (ন্যাভাল আর্মামেন্ট ইন্সপেক্টরেট ক্যাডার) :** মোট অন্তত ৬০%নম্বর পেয়ে মেকানিক্যাল, মেকানিক্যাল (অটোমেশন), ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স, মাইক্রো ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার অ্যাপ্লিকেশন, মেটালার্জি, মেটালার্জিক্যাল, কেমিক্যাল, মেটেরিয়াল সায়েন্স, অ্যারোস্পেস, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রনিক্স বা, ফিজিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০%নম্বর পেয়ে থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-১-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ২০টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (ল) :** আইনের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৯ থেকে ১-৭-২০০৪'এর মধ্যে। শূন্যপদ : ২টি।

**এডুকেশন ব্রাঞ্চে নেওয়া হবে এইসব পদে :**

নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য — (ক) ফিজিক্স বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০%নম্বর পেয়ে এম.এসসি. (অঙ্ক/অপারেশনাল রিসার্চ) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। অঙ্ক বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০%নম্বর পেয়ে এম.এসসি. (ফিজিক্স বা, অ্যাপ্লায়েড ফিজিক্স) কোর্স পাশরাও যোগ্য। ফিজিক্সের বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কেমিস্ট্রির এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৫'এর মধ্যে। শূন্যপদ : ৭টি।

(খ) মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৫'এর মধ্যে। শূন্যপদ : ৮টি।

এডুকেশন ব্রাঞ্চের বেলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে প্রথম শ্রেণির নম্বর পেয়ে থাকতে হবে ও মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে অন্তত ৬০%নম্বর পেয়ে থাকতে হবে।

**টেকনিক্যাল ব্রাঞ্চে নেওয়া হবে এইসব পদে :**

**ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস) :** মেকানিক্যাল, মেরিন, ইন্সট্রুমেন্টেশন, প্রোডাকশন, অ্যারোনটিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস, অটোমোবাইল, মেটালার্জি, মেকাট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-১-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ৩৬টি।

**ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস) :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০%নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-১-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ৪০টি।

ন্যাভাল কনস্ট্রাকটর : সিভিল, মেকানিক্যাল, ওসিয়ান, মেরিন, শিপ বিল্ডিং, অ্যারোনটিক্যাল, শিপ টেকনোলজি, শিপ ডিজাইন, অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং, মেটালার্জি, ন্যাভাল আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-১-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ১৬টি।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর হবে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। মোট ৫ দিনের ইন্টারভিউয়ের প্রথম দিন থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পার্সেপশন ও গ্রুপ ডিসকাশন। সফল হলে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ। ইন্টারভিউয়ের প্রথম দিন সফল না হলে বাড়ি ফেরার ট্রেন ভাড়া দেওয়া হবে। সফল হলে ডাক্তারি পরীক্ষা। ট্রেনিং শুরু আগামী বছর জানুয়ারিতে। শুরুতে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মূল মাইনে ৫৬,১০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# স্কুলে ৮ হাজার

১ পাতার পর

কম্পিউটার টাইপিংয়ের স্কিল টেস্ট হবে। মিনিটে অন্তত ২০টি ইংরিজি শব্দ তোলার গতিতে টাইপিং দক্ষতা দেখা হবে। যাঁরা কম্পিউটার টাইপিং জানেন না, তাঁরাও দরখাস্ত করে ওই টাইপিং যোগ্যতা অর্জন করতে পারেন।

**লাইব্রেরিয়ান :** আর্টস, সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ডিগ্রি কোর্স ও লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হতে হবে স্বীকৃত কোনো প্রতিষ্ঠানের রেগুলার / এক্সটার্নাল / প্রাইভেট /ডাকযোগে /করেসপন্ডেন্স কোর্সের মাধ্যমে। বয়স হতে হবে ১-১-২০২৫'এর হিসাবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে।

ওপরের ৩ পদের বেলায়ই তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ৮ বছর বয়সে ছাড় পাবেন।

কাজ করতে হবে মূলত বাংলা মাধ্যমের স্কুলে। বাংলা / ইংরিজি / হিন্দি / নেপালী / ওড়িয়া / সাঁওতালি / তেলুগু/ উর্দু — এইসব মাধ্যমের মধ্যে যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন, প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতায় সেই ভাষা প্রথম /দ্বিতীয়/তৃতীয় ভাষা হিসাবে থাকতে হবে।

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন। স্কুল সার্ভিস কমিশনের অধীনে থাকবে রিজিওন্যাল কমিশন। জেলাভিত্তিক, রিজিয়নভিত্তিক, ক্যাটেগরি ও মাধ্যমভিত্তিক তালিকা তৈরির দায়িত্বে থাকবে রিজিওন্যাল কমিশন।

'গ্রুপ-ডি' পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য ৫০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৪০ নম্বর। অভিজ্ঞতার জন্য থাকবে ৫ নম্বর, ওরাল ইন্টারভিউয়ের জন্য থাকবে ৫ নম্বর।

৪০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের (এম.সি.কিউ.) প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল নলেজ, (২) কারেন্ট অ্যাফেয়ার্স, (৩) অ্যারিথমেটিক।

'ক্লার্ক' পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৬০ নম্বর, অ্যাকাডেমিক স্কোরে থাকবে ১০ নম্বর, অভিজ্ঞতার জন্য থাকবে ৫ নম্বর, ওরাল ইন্টারভিউয়ে থাকবে ১০ নম্বর, কম্পিউটার টাইপিং টেস্ট ও কম্পিউটার দক্ষতায় থাকবে ১৫ নম্বর।

৬০ নম্বরের লিখিত পরীক্ষায় ৬০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের (এম.সি.কিউ.) প্রশ্ন হবে এই ৪টি বিষয়ে : (১) জেনারেল নলেজ -১৫, (২) কারেন্ট অ্যাফেয়ার্স-১৫, (৩) জেনারেল ইংলিশ -১৫, (৪) অ্যারিথমেটিক -১৫।

অ্যাকাডেমিক স্কোরে ১০ নম্বর দেওয়া হবে এইভাবে : মাধ্যমিকে প্রথম বিভাগে পাশ হলে ১০ নম্বর, দ্বিতীয় বিভাগে পাশ হলে ৮ নম্বর ও তৃতীয় বিভাগে পাশ হলে ৬ নম্বর।

এই পদের বেলায় উচ্চশিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না।

'লাইব্রেরিয়ান' পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৭৫ নম্বর, পেশাগত যোগ্যতায় থাকবে ১০ নম্বর, অভিজ্ঞতার জন্য থাকবে ৫ নম্বর, ওরাল ইন্টারভিউয়ের জন্য থাকবে ১০ নম্বর।

পেশাগত যোগ্যতায় ১০ নম্বর দেওয়া হবে এইভাবে : (ক) অনার্স গ্র্যাজুয়েট যোগ্যতার জন্য থাকবে ৬ নম্বর (প্রথম বিভাগে পাশ করলে ৬ নম্বর, দ্বিতীয় বিভাগে পাশ করলে ৪ নম্বর, অন্যান্য বিভাগে পাশ করলে ২ নম্বর) পাবেন।

পাস কোর্সের গ্র্যাজুয়েট হলে ৪ নম্বর (প্রথম বিভাগে পাশ করলে ৪ নম্বর, দ্বিতীয় বিভাগে পাশ করলে ৩ নম্বর, অন্যান্য বিভাগে পাশ করলে ২ নম্বর) পাবেন।

স্পেশাল অনার্স / অ্যাডভান্সড অনার্স /অনুমোদিত দক্ষতার কোর্স হলে সরাসরি ৪ নম্বর পাবেন।

লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হলে ৪ নম্বর (প্রথম বিভাগে পাশ করলে ৪ নম্বর, দ্বিতীয় বিভাগে পাশ করলে ৩ নম্বর, অন্যান্য বিভাগে পাশ করলে ২ নম্বর) পাবেন।

'ক্লার্ক' পদের বেলায় লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর, অ্যাকাডেমিক স্কোরে পাওয়া নম্বর আর অভিজ্ঞতার নম্বর দেখে মোট শূন্যপদের দ্বিগুণ প্রার্থীকে 'ওরাল ইন্টারভিউ' (প্রিলিমিনারি মেরিট স্কোর তৈরি করে) এর জন্য ডাকা হবে। প্রতিটি ক্যাটেগরির জন্য আলাদা কাট অফ নম্বর থাকবে। প্রিলিমিনারি মেরিট স্কোর ও ওরাল ইন্টারভিউয়ের নম্বর যোগ করে মেধা তালিকা (মেরিট) তৈরি করা হবে। মেধা তালিকা অনুযায়ী যত শূন্যপদ থাকবে ততজন প্রার্থীর নাম 'প্যানেল'এ থাকবে। বাকি প্রার্থীদের নাম 'ওয়েটিং' তালিকায় থাকবে। ওয়েটিং তালিকায় থাকা প্রার্থীদের চাকরি পাওয়ার বিষয়ে কোনো নিশ্চয়তা নেই।

'গ্রুপ-ডি' পদের বেলায় লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর ও অভিজ্ঞতায় পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের দ্বিগুণ প্রার্থীকে 'ওরাল ইন্টারভিউ' (প্রিলিমিনারি মেরিট স্কোর তৈরি করে)-এর জন্য ডাকা হবে। প্রতিটি ক্যাটেগরির জন্য আলাদা কাট অফ নম্বর থাকবে। প্রিলিমিনারি মেরিট স্কোর ও ওরাল ইন্টারভিউয়ের নম্বর যোগ করে মেধা তালিকা (মেরিট) তৈরি করা হবে। মেধা তালিকা অনুযায়ী যত শূন্যপদ থাকবে ততজন প্রার্থীর নাম 'প্যানেল'এ থাকবে। বাকি প্রার্থীদের নাম 'ওয়েটিং' তালিকায় থাকবে। ওয়েটিং তালিকায় থাকা প্রার্থীদের চাকরি পাওয়ার বিষয়ে কোনো নিশ্চয়তা নেই।

'লাইব্রেরিয়ান' পদের বেলায় লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর, অ্যাকাডেমিক স্কোরে পাওয়া নম্বর আর অভিজ্ঞতার নম্বর দেখে মোট শূন্যপদের দ্বিগুণ প্রার্থীকে 'ওরাল ইন্টারভিউ' (প্রিলিমিনারি মেরিট স্কোর তৈরি করে) এর জন্য ডাকা হবে। প্রতিটি ক্যাটেগরির জন্য আলাদা কাট অফ নম্বর থাকবে। প্রিলিমিনারি মেরিট স্কোর ও ওরাল ইন্টারভিউয়ের নম্বর যোগ করে মেধা তালিকা (মেরিট) তৈরি করা হবে। মেধা তালিকা অনুযায়ী যত শূন্যপদ থাকবে ততজন প্রার্থীর নাম 'প্যানেল'এ থাকবে। বাকি প্রার্থীদের নাম 'ওয়েটিং' তালিকায় থাকবে। ওয়েটিং তালিকায় থাকা প্রার্থীদের চাকরি পাওয়ার বিষয়ে কোনো নিশ্চয়তা নেই।

### ক্লার্ক পদে ১০০ নম্বরের প্রার্থী বাছাই পরীক্ষা

| | |
|---|---|
| লিখিত পরীক্ষা- | ৬০ নম্বর |
| অ্যাকাডেমিক স্কোর- | ১০ নম্বর |
| অভিজ্ঞতা - | ৫ নম্বর |
| (১ বছরের অভিজ্ঞতার জন্য ১ নম্বর করে) | |
| ওরাল ইন্টারভিউ- | ১০ নম্বর |
| কম্পিউটার টাইপিং - কম্পিউটার দক্ষতা | ১৫ নম্বর |

### গ্রুপ-ডি পদে ৫০ নম্বরের প্রার্থী বাছাই পরীক্ষা

| | |
|---|---|
| লিখিত পরীক্ষা- | ৪০ নম্বর |
| অভিজ্ঞতা - | ৫ নম্বর |
| ওরাল ইন্টারভিউ- | ৫ নম্বর |

### লাইব্রেরিয়ান পদে ১০০ নম্বরের প্রার্থী বাছাই পরীক্ষা

| | |
|---|---|
| লিখিত পরীক্ষা- | ৭৫ নম্বর |
| পেশাগত যোগ্যতা- | ১০ নম্বর |
| অভিজ্ঞতা - | ৫ নম্বর |
| ওরাল ইন্টারভিউ- | ১০ নম্বর |

শেষ মুহূর্তে বাজিমাত

গাইডেন্স উইথ কেয়ার এবং জীবিকা বাহারের যৌথ উদ্যোগে স্কুল সার্ভিসের শিক্ষক (বাংলা, ইতিহাস, ভূগোল, জীববিদ্যা, ইংরেজি), গ্রুপ সি, ডি, রেল (নন টেকনিক্যাল) ও স্টাফ সিলেকশনের অভিজ্ঞদের তৈরি সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট বিক্রয় হচ্ছে। পরীক্ষার্থীরা দ্রুত যোগাযোগ করুন:

9474124874, 8961351561

লাইব্রেরিয়ান পদের নির্ভরযোগ্য বই

| | |
|---|---|
| ■ Six Professor : Library and Information Science : A Guide to School Service Examination | Rs. 600/ |
| ■ Dr. Sudip Ranjan Hatua : Library and Informations Science in a Nutshell | Rs. 500/- |
| ■ Dr. Sambhu Nath Halder : Beyond the Bookshelf : Mastering Skills for the Information Professionals | Rs. 700/- |
| ■ শক্তিশঙ্কর সিংহ মহাপাত্র : প্রশ্নোত্তরে গ্রন্থাগার বিজ্ঞান | Rs. 500/- |
| গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের ম্যানুয়াল (মডেল MCQ-সহ) | Rs. 500/- |
| ■ সঞ্জয় রায়চৌধুরী : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের পরিক্রমা | Rs. 400/- |
| গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের সামগ্রিক রূপরেখা (MCQ) | Rs. 400/- |
| ■ তপনকুমার মান্না ও সোমনাথ বন্দ্যোপাধ্যায় : প্রশ্নোত্তরে গ্রন্থাগার বিজ্ঞান | Rs. 500/- |
| ■ মোঃ মিজানুর রহমান : প্রশ্ন-উত্তরের গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান শিক্ষা | Rs. 400/- |
| ■ অভিজিৎ চক্রবর্তী ও সুদীপ্ত ঘোষ : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের সন্ধানে | Rs. 600/- |
| ■ ড. সোমনাথ বন্দ্যোপাধ্যায় : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান MCQ | Rs. 400/- |
| ■ বিদ্যাধর মুদলী : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের MCQ | Rs. 300/- |
| ■ ড. স্বপনকুমার বেরা : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান পরিচয় | Rs. 400/- |
| An Introduction to Library & Information Science | Rs. 500/- |
| ■ তাপসকুমার বাগ : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের সহায়িকা | Rs. 400/- |
| ■ সুমিত ঘোষরায় ও সুজাতা সরকার : প্রশ্নোত্তরে গ্রন্থাগার তথ্যবিজ্ঞান | Rs. 300/- |
| ■ ড. অনিতা ভট্টাচার্য : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান | Rs. 350/- |
| ■ ড. নান্টু আচার্য : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের সংক্ষিপ্ত প্রশ্নাবলীর ভাণ্ডার | Rs. 400/- |

প্রভা প্রকাশনী

## এক নজরে সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

৮ জুন : এলআইসি'র ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে অতিরিক্ত দায়িত্ব নিলেন সতপাল ভানু।

□ ২০২৪-'২৫ সালে 'পিএসএ পুরস্কার'এ দু'টি বড় পুরস্কার জিতলেন ভারতের ১৭ বছর বয়সি স্কোয়াশ খেলোয়াড় আনাহাত সিং। এর মধ্যে একটি হল 'মরসুমের সেরা মহিলা চ্যালেঞ্জার খেলোয়াড়' আর আরেকটি হল 'মরসুমের সেরা মহিলা তরুণ খেলোয়াড়' (মিশরের আমিনা ওরফি'র সঙ্গে যৌথভাবে এই পুরস্কারটি পেয়েছেন তিনি)। প্রসঙ্গত উল্লেখ্য, পুরো মরসুম জুড়ে ১১টি টুর্নামেন্টের মধ্যে ৯টি শিরোপা জিতেছেন আনাহাত, যার মধ্যে বিভিন্ন স্তরে (৩,০০০-১৫,০০০) ৮টি চ্যালেঞ্জার স্তরের জয় রয়েছে।



ইতালির জ্যানিক সিনার'কে ৪-৬, ৬-৭ (৪), ৬-৪, ৭-৬ (৩) ও ৭-৬ (১০-২) ব্যবধানে হারিয়ে, 'ফরাসি ওপেন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন স্পেনের কার্লোস আলকারাজ। অন্যদিকে, বেলারুশের অ্যারিনা সাবালেঙ্কা'কে ৬-৭ (৫), ৬-২ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে, মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন মার্কিন যুক্তরাষ্ট্রের কোকো গাফ।

□ স্পেনকে টাইব্রেকারে ৫-৩ ব্যবধানে হারিয়ে, উয়েফা নেশনস লিগের ফাইনালে চ্যাম্পিয়ন হল পর্তুগাল। এই নিয়ে দ্বিতীয়বার নেশনস লিগ জিতল তারা।

□ দেশের আয়ুষ খাতে বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে, 'আয়ুষ নিবেশ সারথি' পোর্টাল চালু করল কেন্দ্রীয় সরকার। এর লক্ষ্য হল, ঐতিহ্যবাহী চিকিৎসা আর ওয়েলনেস উদ্যোক্তা ক্ষেত্রে ভারতকে একটি বিশ্বব্যাপী গন্তব্য হিসাবে তুলে ধরা। 'ইনভেস্ট ইন্ডিয়া'র সহযোগিতায়, এই পোর্টালটি তৈরি করেছে কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রক। 'আয়ুষ নিবেশ সারথি' পোর্টালটি হল একটি ওয়ান-স্টপ অনলাইন প্ল্যাটফর্ম, যেখানে বিনিয়োগকারীরা পাবেন - সরকারি নীতি ও নিয়মকানুন, বিনিয়োগের জন্য উপলব্ধ প্রকল্প, বিনিয়োগের জন্য ইনসেন্টিভ বা সুবিধা আর রিয়েল-টাইম সহায়তা। আয়ুর্বেদ, যোগ, ইউনানি, সিদ্ধা আর হোমিওপ্যাথিতে বিনিয়োগ করতে ইচ্ছুক ভারতীয় ও আন্তর্জাতিক বিনিয়োগকারীদের জন্য তৈরি করা হয়েছে এই পোর্টালটি। প্রসঙ্গত উল্লেখ্য, ভারতের আয়ুষ শিল্প দ্রুত বাড়ছে। ২০১৪ থেকে ২০২০ সালের মধ্যে এটি প্রতি বছর ১৭% হারে বেড়েছে।

৯ জুন : এবছর 'জাতীয় ই-গভর্ন্যান্স পুরস্কার'এ সোনার পদক পেল মহারাষ্ট্রের ধুলে জেলার শিরপুর তালুকের রোহিণী গ্রাম পঞ্চায়েত। গ্রামীণ শাসনব্যবস্থায় ডিজিটাল পরিষেবার অসামান্য বাস্তবায়নের জন্য এই স্বীকৃতি পেয়েছে তারা। ১০০% আদিবাসী গ্রাম হওয়া সত্ত্বেও, প্রযুক্তি-চালিত গ্রামীণ শাসনব্যবস্থার জন্য একটি জাতীয় মডেলে পরিণত হয়েছে রোহিণী গ্রাম পঞ্চায়েত। 'গ্রাসরুটস লেভেল ইনিশিয়েটিভ' বিভাগে, ভারত জুড়ে ১.৪৫ লাখেরও বেশি এন্ট্রির মধ্যে থেকে এই গ্রাম পঞ্চায়েতটিকে নির্বাচন করা হয়। রোহিণী গ্রাম পঞ্চায়েতটি ৯৫৬টিরও বেশি ডিজিটাল পরিষেবা [illegible] বাস্তবায়ন করেছে, বিশেষত তপশিলি অঞ্চলে [illegible] বাড়িয়ে তুলেছে। এই স্বর্ণ পুরস্কারের মধ্যে [illegible] ট্রফি, সার্টিফিকেট আর নগদ ১০ লাখ টাকা।

[illegible] কিংবদন্তি মহেন্দ্র সিং ধোনিকে [illegible] অন্তর্ভুক্ত করল 'ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল'। ক্রিকেটে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে তাঁকে এই সম্মান দিল আইসিসি। তিনি হলেন একাদশতম ভারতীয় ক্রিকেটার, যিনি এই সম্মানে ভূষিত হলেন। ধোনি ছাড়াও, এবছর আরও ৬ জন ক্রিকেটারকে এই সম্মান দিল আইসিসি। এঁরা হলেন - ম্যাথু হেডেন, গ্রেম স্মিথ, হাসিম আমলা, ড্যানিয়েল ভিত্তোরি, সানা মীর আর সারা টেলর। প্রসঙ্গত উল্লেখ্য, ১৬ বছরের আন্তর্জাতিক ক্রিকেটের কেরিয়ারে দেশকে একাধিক ট্রফি এনে দিয়েছেন ধোনি। টেস্ট র‍্যাঙ্কিংয়ে এক নম্বরে নিয়ে গিয়েছেন দেশকে।

১০ জুন : ইউরোপীয় ইউনিয়নের 'কোপার্নিকাস ক্লাইমেট চেঞ্জ সার্ভিস'এর তথ্যানুযায়ী, বিশ্বের দ্বিতীয় উষ্ণতম মাস ছিল ২০২৫ সালের মে। আর ওই মাসটিতে উত্তর-পশ্চিম ইউরোপে ব্যতিক্রমী শুষ্ক বসন্ত দেখা গেছে। এবছরের মে'তে বাতাসের গড় তাপমাত্রা ছিল ১৫.৭৯ ডিগ্রি সেলসিয়াস, যা ১৯৯১-২০২০ সালের গড়ের থেকে ০.৫৩ ডিগ্রি বেশি। ১৮৫০ সাল থেকে ১৯০০ সাল পর্যন্ত যে গড় তাপমাত্রা ছিল, মে'তে গড় তাপমাত্রা তার থেকে ১.৪ ডিগ্রি সেলসিয়াস বেশি ছিল। এর মানে প্রাক-শিল্প যুগ থেকে দেড় ডিগ্রি সেলসিয়াস গড় তাপমাত্রা বেশি ছিল।

□ মহারাষ্ট্রের সিন্ধুদুর্গ জেলার ভেঙ্গুরলায়, নিভাতি রকসের কাছে বাতিল হওয়া যুদ্ধজাহাজ 'আইএনএস গুলদার'এর চারপাশে ভারতের প্রথম ডুবন্ত জাদুঘর আর কৃত্রিম প্রবাল প্রাচীর তৈরি করা হবে। কেন্দ্রীয় সরকারের সহায়তায় পরিচালিত, এই প্রকল্পের লক্ষ্য হল স্কুবা ডাইভিং আর ভবিষ্যতের সাবমেরিন পর্যটন ও সামুদ্রিক সংরক্ষণকে উৎসাহিত করা। এই প্রকল্পের জন্য প্রায় ৪৭ কোটি টাকা অনুমোদন করেছে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক। ১,১২০ টন ওজনের এই জাহাজটি ২০২৪ সালের জানুয়ারিতে বাতিল করা হয়েছিল। কেন্দ্রীয় সরকার এটিকে একটি ডুবন্ত জাদুঘরে রূপান্তরিত করার জন্য আনুষ্ঠানিকভাবে 'মহারাষ্ট্র ট্যুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন'এর কাছে হস্তান্তর করেছে।

□ টেকসই উন্নয়ন আর পরিচ্ছন্ন নগর জীবনযাত্রার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসাবে, ভারতের প্রথম ই-বর্জ্য পুনর্ব্যবহার ইকো পার্ক প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত নিল দিল্লি সরকার। উত্তর দিল্লিতে অবস্থিত হোলাম্বি কালানে এই সুবিধাটি তৈরি হবে। এই ই-বর্জ্য ইকো পার্কটি ১১.৪ একর এলাকা জুড়ে বিস্তৃত হবে আর এটি একটি বৃহত্তর জাতীয় পরিকল্পনার অংশ। এই সুবিধাটির প্রতি বছর ৫১,০০০ টন ই-বর্জ্য প্রক্রিয়াজাতকরণের ক্ষমতা থাকবে, যা ই-বর্জ্য ব্যবস্থাপনা বিধি ২০২২-এ তালিকাভুক্ত ১০৬টি শ্রেণির বর্জ্যকে অন্তর্ভুক্ত করবে। এর মধ্যে থাকবে পুরনো কম্পিউটার, মোবাইল ফোন আর গৃহস্থালীর যন্ত্রপাতি থেকে শুরু করে বিভিন্ন শিল্প গ্যাজেট।

□ আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেন ওয়েস্ট ইন্ডিজের ব্যাটার নিকোলাস পুরান।

১১ জুন : আনুষ্ঠানিকভাবে ২০২৬ সালকে 'আন্তর্জাতিক মহিলা কৃষক বছর' হিসাবে ঘোষণা করল রাষ্ট্রসঙ্ঘের সাধারণ পরিষদ। এই উদ্যোগের মূল লক্ষ্য হল, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, পুষ্টির উন্নতি আর দারিদ্রের বিরুদ্ধে লড়াইয়ে মহিলা কৃষকদের গুরুত্বপূর্ণ ভূমিকাকে স্বীকৃতি দেওয়া। এছাড়াও, কৃষি খাতে লিঙ্গ সমতা আর মহিলাদের ক্ষমতায়ন বাস্তবায়ন করাও এই উদ্যোগের মূল লক্ষ্য।

□ মধ্য প্রদেশ হল ভারতের প্রথম রাজ্য, যেখানে সব নগর স্থানীয় সংস্থাকে (৪১৩টি) একটি ডিজিটাল প্ল্যাটফর্মের আওতায় আনা হয়েছে। এজন্য রাজ্যের আরবান ডেভেলপমেন্ট অ্যান্ড হাউজিং ডিপার্টমেন্ট একটি সেন্ট্রালাইজড ওয়েব-ভিত্তিক প্রকল্প 'নগরপালিকা ২.০' চালু করেছে। এর লক্ষ্য হল, স্বচ্ছতা বাড়ানো আর দক্ষ নাগরিক পরিষেবা প্রদান করা, যা ডিজিটাল ভারতের দৃষ্টিভঙ্গিকে সমর্থন করে। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে 'নগরপালিকা ১.০' জনসাধারণের অভিযোগ, অভ্যন্তরীণ কার্যক্রম আর অর্থপ্রদানের মতো বিষয়ে পরিষেবা দিত।

### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

□ ১১ জুন দিনটিতে রাতের আকাশে দেখা গেল স্ট্রবেরি মুন। জুনে পূর্ণিমার চাঁদকে 'স্ট্রবেরি মুন' বলা হয়। এই নামটি উত্তর আমেরিকার স্ট্রবেরি ফল চাষের সঙ্গে সম্পর্কিত বলে মনে করা হয়। যখন স্ট্রবেরি ফলটি পাকা শুরু হয়, তখনই আসে এই বিশেষ পূর্ণিমা। সেই কারণেই এটিকে 'স্ট্রবেরি মুন' বলা হয়। এই বিশেষ চাঁদ দেখার জন্য কোনো দূরবীন বা বিশেষ যন্ত্রের দরকার হয় না। খোলা আকাশ আর দূষণমুক্ত পরিবেশে বাড়ির ছাদ, খোলা মাঠ বা পার্ক থেকে উপভোগ করা যায় এই অসাধারণ দৃশ্য। নাসা'র মতে, এই পূর্ণিমা ১০ জুন সকাল থেকে ১২ জুন পর্যন্ত দৃশ্যমান ছিল।

□ ইনসব্রুকে, 'অস্ট্রিয়ান রেস ওয়াকিং চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ১০ কিলোমিটার রেস ওয়াক ইভেন্টে সোনার পদক পেলেন ভারতীয় রেসওয়াকার প্রিয়াঙ্কা গোস্বামী। ৪৭ মিনিট ৫৪ সেকেন্ড সময় নিয়ে, ১০ কিলোমিটার রেসওয়াক শেষ করেন তিনি।

১২ জুন : আনুষ্ঠানিকভাবে বিশ্বের প্রথম ইউনিফায়েড বৈশ্বিক পাখি প্রজাতির তালিকা 'AviList' চালু হল। 'ইন্টারন্যাশনাল অরনিথোলজিস্টস ইউনিয়ন'এর অধীনে, ওয়ার্কিং গ্রুপ অন এভিয়ান চেকলিস্ট এই 'AviList' তৈরি করেছে। আগের তালিকাগুলির বদলে এই 'AviList' চেকলিস্টটি তৈরি করা হয়েছে, যেখানে 'ইন্টারন্যাশনাল অরনিথোলজিক্যাল কমিটি' আর ক্লিমেন্টস তালিকা অন্তর্ভুক্ত রয়েছে। এর লক্ষ্য হল, পাখির শ্রেণিবিন্যাসে স্পষ্টতা আর ধারাবাহিকতা প্রদান করা, যা সংরক্ষণ প্রচেষ্টার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই 'AviList' চেকলিস্টে ১১,১৩১টি পাখির প্রজাতি, ১৯,৮৭৯টি উপ-প্রজাতি, ২,৩৭৬টি গণ, ২৫২টি পরিবার আর ৪৬টি বর্গের একটি বিস্তৃত তালিকা রয়েছে। এই বিস্তৃত শ্রেণিবিভাগটি পাখির শ্রেণিবিন্যাসের ওপর বিশ্বব্যাপী একটি উল্লেখযোগ্য প্রভাব ফেলবে বলে মনে করা হচ্ছে।



প্রথম ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তি হিসাবে, 'আমেরিকান মেডিক্যাল অ্যাসোসিয়েশন'এর প্রেসিডেন্ট নির্বাচিত হয়ে ইতিহাস গড়লেন ড.শ্রীনিবাস মুক্কামালা।

□ এবছর ৭৮ তম 'লোকার্নো চলচ্চিত্র উৎসব'এ, মর্যাদাপূর্ণ সম্মানসূচক 'লেপার্ড' (পার্ডো ডি'অনোর) পুরস্কার পাবেন প্রখ্যাত মার্কিনি চলচ্চিত্র পরিচালক আলেকজান্ডার পেইন। বিশ্বব্যাপী চলচ্চিত্রে তাঁর দীর্ঘস্থায়ী অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পাবেন তিনি। ৬ আগস্ট থেকে ১৬ আগস্ট পর্যন্ত চলবে এই চলচ্চিত্র উৎসব।

১৩ জুন : এবছর হায়দরাবাদে ১৪ তম 'সিআইআই গ্রিনকো সামিট'এ, মর্যাদাপূর্ণ 'গ্রিনকো চ্যাম্পিয়ন পুরস্কার' পেল 'গেইল (ইন্ডিয়া) লিমিটেড'। পরিবেশগত স্থায়িত্বের প্রতি সংস্থার অঙ্গীকারের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেল তারা। সংস্থার তরফ থেকে এই পুরস্কার নেন ডিরেক্টর (বিজনেস ডেভেলপমেন্ট) রাজীব কুমার সিঙ্ঘল।

□ অসমের গুয়াহাটিতে এক অনুষ্ঠানে, রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য'র তরফ থেকে, ২০২৩ সালের 'শ্রীমন্ত শঙ্করদেব পুরস্কার' পেলেন বিশিষ্ট ধ্রুপদী নৃত্যশিল্পী ড.সোনাল মানসিংহ। ভারতীয় ধ্রুপদী নৃত্য, সমাজ সংস্কার আর সাংস্কৃতিক প্রচারে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৮৬ সালে 'শ্রীমন্ত শঙ্করদেব পুরস্কার' চালু করে অসম সরকার, যা একটি জাতীয় স্তরের পুরস্কার। শিল্প, সংস্কৃতি আর সমাজে অসামান্য অবদান রাখা ব্যক্তিদের এই পুরস্কার দেওয়া হয়।

□ মর্যাদাপূর্ণ 'দস্তয়েভস্কি স্টার অ্যাওয়ার্ড'এ ভূষিত হলেন গীতিকার ও লেখক জাভেদ আখতার। সাংস্কৃতিক ঐতিহ্য আর সাহিত্যিক সংলাপের ওপর তাঁর অসাধারণ কৃতিত্বের স্বীকৃতি হিসাবে, এই পুরস্কার পেলেন তিনি। হিন্দি চলচ্চিত্রের ইতিহাসে অন্যতম সেরা চিত্রনাট্যকার হিসাবে বিবেচিত জাভেদ আখতার, তাঁর দশকব্যাপী কর্মজীবনে অসংখ্য পুরস্কার জিতেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, নিজেদের লেখা আর ধারণার মাধ্যমে সমাজে গভীর প্রভাব ফেলেছেন, এমন ব্যক্তিদের কিংবদন্তি রাশিয়ান লেখক ফিওদর দস্তয়েভস্কি'র নামাঙ্কিত এই পুরস্কার দেওয়া হয়।

□ জার্মানির মিউনিখে, 'শ্যুটিং বিশ্বকাপ'এ মহিলাদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগের ফাইনালে সোনার পদক পেলেন ভারতের সুরুচি সিং। ফ্রান্সের ক্যামিল জেদরজেজেউস্কি'কে হারিয়ে এই খেতাব জিতলেন তিনি। বিশ্বকাপে এই বিভাগে এটি সুরুচির টানা তৃতীয় ব্যক্তিগত সোনার পদক।

১৪ জুন : আনুষ্ঠানিকভাবে ব্রিকস সংগঠনে 'অংশীদার দেশ' হিসাবে যোগ দিল ভিয়েতনাম। ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রক এই তথ্য জানিয়েছে। ভিয়েতনাম এই মর্যাদাপ্রাপ্ত দশম দেশ, যা আমন্ত্রিত দেশগুলিকে ব্রিকস শীর্ষ সম্মেলন আর অন্যান্য আলোচনা অধিবেশনে অংশগ্রহণের অনুমতি দেয়। ২০২৪ সালে রাশিয়ার কাজানে, ব্রিকস শীর্ষ সম্মেলনে 'অংশীদার দেশ' বিভাগটি তৈরি করা হয়েছিল। এখন ভিয়েতনাম, বেলারুশ, বলিভিয়া, কাজাখ-ই-স্তান, কিউবা, মালয়েশিয়া, নাইজেরিয়া, থাইল্যান্ড, উগান্ডা আর উজবেক-ই-স্তান ব্রিকস অংশীদার দেশের তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে।

□ 'বানি হপ' ক্যাচকে নিষিদ্ধ ঘোষণা করল ক্রিকেটের আইন প্রণেতা সংস্থা 'মেরিলিবোন ক্রিকেট ক্লাব'। অনেক সময় বাউন্ডারি লাইনের বাইরে থেকে লাফিয়ে বল ভিতরে এনে ক্যাচ ধরেন ফিল্ডাররা। এই ধরনের ক্যাচকে বলা হয় 'বানি হপ'। এবার এই ধরনের ক্যাচ ধরার নিয়মে বদল আনছে এমসিসি আর আইসিসি। নতুন নিয়ম অনুযায়ী, একজন ফিল্ডার বাউন্ডারি সীমানার বাইরে লাফিয়ে শুধু একবারই বল স্পর্শ করতে পারবেন। এরপর সীমানার ভিতরে ফিরে তাঁকে ক্যাচ নিতে হবে। একাধিক ফিল্ডার মিলে ক্যাচের ক্ষেত্রেও এই নিয়ম কার্যকর হবে। তবে এই নতুন নিয়ম আন্তর্জাতিক ক্রিকেটে কার্যকর হবে ২০২৬ সালের অক্টোবর থেকে।

□ অস্ট্রেলিয়াকে ৫ উইকেটে হারিয়ে, তৃতীয় আইসিসি 'বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ' জিতল দক্ষিণ আফ্রিকার পুরুষ ক্রিকেট দল।

১৫ জুন : ১১৬ বছরের ইতিহাসে প্রথমবারের মতো, যুক্তরাজ্যের গুপ্তচর সংস্থা MI6-এর প্রথম মহিলা প্রধান হিসাবে নিযুক্ত হলেন ব্লেইস মেট্রেভেলি।

□ অরুণ শ্রীনিবাস'কে নিজেদের ভারতীয় কার্যক্রমের ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান হিসাবে নিয়োগ করল 'মেটা'।

□ এবছর মর্যাদাপূর্ণ 'ফুড প্ল্যানেট পুরস্কার' পেল সুইডিশ স্টার্টআপ 'নাইট্রোক্যাপট'। প্লাজমা আর পুনর্নবীকরণযোগ্য শক্তি ব্যবহার করে বায়ু থেকে নাইট্রোজেন আহরণ করে জীবাশ্ম জ্বালানি নির্মূল করে, এমন সবুজ সার প্রযুক্তির জন্য ২ মিলিয়ন ডলারের এই পুরস্কার পেল তারা। এই স্বীকৃতি তাদের ব্যতিক্রমী অবদান আর বিশ্বব্যাপী নাইট্রোজেন সার শিল্পকে ব্যাহত করার সম্ভাবনাকে তুলে ধরে। 'নাইট্রোক্যাপট'এর এই প্রযুক্তি বিশ্ব জুড়ে সবুজ সারের সম্ভাবনাকে উন্নত করতে পারে। 'কার্ট বার্গফর্স ফাউন্ডেশন'এর তরফ থেকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

১৬ জুন : সাইপ্রাস সফরে গিয়ে সে দেশের সর্বোচ্চ বেসামরিক পুরস্কার 'গ্র্যান্ড ক্রস অফ দ্য মাকারিওস ৩' পেলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভারত আর সাইপ্রাসের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারে ব্যতিক্রমী অবদানের স্বীকৃতি হিসাবে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। দেশটির প্রেসিডেন্ট নিকোস ক্রিস্টোডুলিডিস'এর হাত থেকে এই পুরস্কার নেন মোদী। প্রসঙ্গত উল্লেখ্য, সাইপ্রাসের প্রথম প্রেসিডেন্ট মাকারিওস-৩'এর নামানুসারে এই সম্মান।

□ এবছর ভুটানের থিম্পুতে, ১৫ তম 'সাউথ এশিয়ান বডিবিল্ডিং অ্যান্ড ফিজিক স্পোর্টস চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের মডেল ফিজিক (১৫৫ সেন্টিমিটার পর্যন্ত) বিভাগে সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন অরুণাচল প্রদেশের ইয়াজিক হিলাং। অরুণাচলের প্রথম মহিলা ফিজিক ক্রীড়াবিদ হিসাবে এই আন্তর্জাতিক বিভাগে সোনার পদক পেলেন তিনি, যা বডিবিল্ডিং আর ফিটনেসের ক্ষেত্রে রাজ্যের জন্য একটি উল্লেখযোগ্য মাইলফলক।

এরপর ১৩ পাতায়

## এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

**১৭ জুন :** উত্তর কোরিয়ায়, ভারতের রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন আলিয়াবত্তী লংকুমার।

□ এবছর 'স্কাইট্র্যাক্স বিশ্ব বিমানবন্দর পুরস্কার'এ বিশ্বের শীর্ষ কম খরচের বিমান সংস্থাগুলির মধ্যে তৃতীয় স্থান পেল 'ইন্ডিগো এয়ারলাইন্স'। এটি ইন্ডিগো'র জন্য একটি উল্লেখযোগ্য মাইলফলক, যা দেশীয় আর আন্তর্জাতিক উভয় বাজারে সাশ্রয়ী মূল্যের ভাড়া, কর্মক্ষম দক্ষতা আর নির্ভরযোগ্য পরিষেবার জন্য সুখ্যাতি অর্জন করেছে। এই তালিকায় প্রথম আর দ্বিতীয় স্থানে রয়েছে যথাক্রমে 'এয়ারএশিয়া' (মালয়েশিয়া) আর 'স্কুট' (সিঙ্গাপুর)।

**১৮ জুন :** চেন্নাইয়ে, 'ডব্লুএএন-আইএফআরএ ডিজিটাল মিডিয়া পুরস্কার'এ, বিভিন্ন বিভাগে ১০টি পুরস্কার পেয়ে 'চ্যাম্পিয়ন অফ ডিজিটাল মিডিয়া অ্যাওয়ার্ডস সাউথ এশিয়া ২০২৫'এর শিরোপা অর্জন করল 'দ্য হিন্দু'। দক্ষিণ এশিয়ার অংশগ্রহণকারী নিউজরুমগুলি ১২টি বিভাগে প্রতিযোগিতা করেছিল, যার মধ্যে ছিল-পাঠকদের অংশগ্রহণ, নেটিভ অ্যাড ক্যাম্পেইন, পডকাস্ট, এআই ব্যবহার, ভিডিও আর ডেটা ভিজ্যুয়ালাইজেশন।

□ ভারতের প্রথম রাজ্য হিসাবে, ২৮ জুন পৌর আর নগর সংস্থা নির্বাচনের জন্য একটি মোবাইল-ভিত্তিক ই-ভোটিং সিস্টেম চালু করার সিদ্ধান্ত নিল বিহার রাজ্য নির্বাচন কমিশন। বিহারে এই ই-ভোটিং সিস্টেম দু'টি মোবাইল অ্যাপ্লিকেশনের মাধ্যমে কাজ করবে। একটি হল 'e-Voting SECBHR', যেটি তৈরি করেছে 'সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ অ্যাডভান্সড কম্পিউটিং' আর অন্য অ্যাপটি তৈরি করেছে বিহার রাজ্য নির্বাচন কমিশন। নিরাপদ আর স্বচ্ছ ভোটদান নিশ্চিত করতে এই সিস্টেমে অন্তর্ভুক্ত রয়েছে ব্লকচেইন, লাইভনেস ডিটেকশন আর ফেসিয়াল ভেরিফিকেশন। প্রসঙ্গত উল্লেখ্য, ইলেক্ট্রনিক ভোটিং সিস্টেমের মাধ্যমে মানুষ কম্পিউটার, ভোটিং মেশিন আর স্মার্টকার্ডের মতো ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করে ভোট দিতে পারে।

**১৯ জুন :** এবার ভোটার তালিকা আপডেটের ১৫ দিনের মধ্যে ভোটারদের কাছে পৌঁছে যাবে সচিত্র ভোটার কার্ড। এদিন এই ঘোষণা করেছে নির্বাচন কমিশন। পরিষেবা প্রদান, রিয়েল-টাইম ট্র্যাকিংয়ে সুবিধা আর দক্ষতা নিশ্চিত করার লক্ষ্যে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, এখন ভোটারদের কাছে ইপিআইসি পৌঁছে দিতে এক মাসেরও বেশি সময় লাগে।

□ এবছর 'কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং'এ রেকর্ড ৫৪টি ভারতীয় প্রতিষ্ঠান স্থান পেল। এই র‍্যাঙ্কিংয়ে, দেশের শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান হিসাবে জায়গা পেয়েছে আইআইটি দিল্লি। তবে, বিশ্বজুড়ে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের র‍্যাঙ্কিংয়ের নতুন সংস্করণে ১২৩ তম স্থানে রয়েছে আইআইটি দিল্লি। আগে এই প্রতিষ্ঠানের র‍্যাঙ্কিং ছিল ১৫০। এটি এখনও পর্যন্ত প্রতিষ্ঠানটির অর্জিত সর্বোচ্চ কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং। এবার আইআইটি দিল্লি ছাড়াও, এই র‍্যাঙ্কিংয়ে শীর্ষ ১৫০টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্থান পেয়েছে আইআইটি বম্বে। এবার কিউএস র‍্যাঙ্কিংয়ে আইআইটি বম্বে'র স্থান ১২৯তম। যদিও, ২০২৪ সালে এই প্রতিষ্ঠানটির স্থান ছিল ১১৮তম। প্রসঙ্গত উল্লেখ্য, এই র‍্যাঙ্কিংয়ে প্রথম ৩টি স্থানে রয়েছে যথাক্রমে : মার্কিন যুক্তরাষ্ট্রের 'ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অফ টেকনোলজি', লন্ডনের 'ইম্পেরিয়াল কলেজ অফ লন্ডন' আর মার্কিন যুক্তরাষ্ট্রের 'স্ট্যানফোর্ড ইউনিভার্সিটি'।

□ বছরের পর বছর ধরে ইউপিএসসি'র প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি নেওয়ার পরও, মেধা তালিকায় স্থান পেতে ব্যর্থ হওয়া প্রতিভাবান তরুণদের অন্যান্য ক্ষেত্রে চাকরি পেতে সাহায্য করবে ইউপিএসসি। এজন্য 'প্রতিভা সেতু' পোর্টাল চালু করল ইউপিএসসি। এই পোর্টালের মাধ্যমে, বিভিন্ন মন্ত্রক, সরকারি উদ্যোগ, স্বায়ত্তশাসিত সংস্থা আর বেসরকারি কোম্পানির মতো ভেরিফায়েড নিয়োগকর্তারা সেইসব প্রার্থীদের সঙ্গে যোগাযোগ করতে পারবেন, যাঁরা পরীক্ষার সব ধাপ উত্তীর্ণ হওয়ার পরও মেধা তালিকায় স্থান পেতে পারেননি। প্রায় ১০ হাজার প্রার্থীর তথ্য এই পোর্টালে রয়েছে। নিবন্ধিত প্রতিষ্ঠানগুলি এই পোর্টালে প্রার্থীদের বয়স, যোগ্যতা ও কন্ট্যাক্ট ডিটেলস দেখতে পারবে। এরপর কোম্পানি আর প্রতিষ্ঠানগুলি তাদের বাছাই করে নিয়োগ প্রক্রিয়া শুরু করতে পারে।

□ 'আন্তর্জাতিক শক্তি সংস্থা'র প্রতিবেদন অনুযায়ী, চিন আর মার্কিন যুক্তরাষ্ট্রের পর গত ৫ বছরে (২০১৯-২০২৪) বিদ্যুৎ উৎপাদন ক্ষমতায় দ্রুততম প্রবৃদ্ধি অর্জনকারী দেশগুলির তালিকায় তৃতীয় স্থানে রয়েছে ভারত।

**২০ জুন :** প্রথম ভারতীয়-মার্কিনি হিসাবে, 'ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অফ টেকনোলজি'র পরবর্তী প্রভোস্ট হিসাবে নিযুক্ত হলেন অধ্যাপক অনন্ত চন্দ্রকাসন।

□ বিহারের মারহাওড়া রেল কারখানা থেকে, গিনি প্রজাতন্ত্রে ভারতের প্রথম স্থানীয়ভাবে তৈরি লোকোমোটিভ রফতানির উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, যা ভারতীয় উৎপাদন আর বিশ্ব বাণিজ্যের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। এই মারহাওড়া সুবিধাটি আফ্রিকার গিনিতে সিমফার'এর সিমান্দৌ লৌহ আকরিক প্রকল্পের জন্য ৩ বছরে ৩,০০০ কোটিরও বেশি মূল্যের ১৫০টি লোকোমোটিভ সরবরাহ করবে। এর মধ্যে চলতি আর্থিক বছরে ৩৭টি, পরবর্তী আর্থিক বছরে ৮২টি আর তৃতীয় বছরে বাকি ৩১টি লোকোমোটিভ সরবরাহ করা হবে। সব লোকোমোটিভে শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন থাকবে আর সর্বোচ্চ অনুমোদিত গতিতে জোড়ায় ১০০টি ওয়াগন বহন করতে সক্ষম হবে। এই লোকোমোটিভগুলি তৈরির জন্য মারহাওড়া কারখানায় তিন ধরনের ট্র্যাক (ব্রডগেজ, স্ট্যান্ডার্ড গেজ আর কেপগেজ) স্থাপন করা হয়েছে।

□ মার্কিন সার্জনরা সফলভাবে দেশের প্রথম সম্পূর্ণ রোবোটিক হার্ট ট্রান্সপ্ল্যান্ট করলেন, যার মাধ্যমে রোগীর বুক না কেটেই হৃদপিণ্ড প্রতিস্থাপন করা হয়েছে। হিউস্টনের 'বেইলর সেন্ট লুকেস মেডিক্যাল সেন্টার'এ এক ৪৫ বছর বয়সি ব্যক্তির ওপর এই অস্ত্রোপচারটি করা হয়েছে, যিনি দীর্ঘদিন হৃদযন্ত্রের সমস্যায় ভুগছিলেন। রোগী তাঁর হৃদপিণ্ডকে সচল রাখার জন্য একাধিক মেশিনের ওপর নির্ভর করতেন। এই অস্ত্রোপচার চলার সময় প্রচলিত পদ্ধতির বদলে, সার্জনরা একটি রোবোটিক সিস্টেম ব্যবহার করে ছোট ছোট ছিদ্র তৈরি করেন আর তারপর ক্ষুদ্র যন্ত্র ব্যবহার করে অস্ত্রোপচারটি সম্পন্ন করেন। এই রোবোটিক সরঞ্জামগুলি চিকিৎসকদের ক্ষতিগ্রস্ত হৃদপিণ্ডটি অপসারণ করতে আর একজন সুস্থ দাতার হৃদপিণ্ড সেখানে প্রতিস্থাপন করতে সাহায্য করেছে। এই অস্ত্রোপচারে কোনো বড় কাটার প্রয়োজন হয়নি। ড. কেনেথ লিয়াও'র নেতৃত্বে এই অস্ত্রোপচারটি করা হয়েছে।




এবছর 'অ্যানেসি ইন্টারন্যাশনাল অ্যানিমেশন উৎসব'এ 'সেরা কমিশনড চলচ্চিত্র'এর জন্য, জুরি পুরস্কার জিতে নিল ভারতীয় অ্যানিমেশন চলচ্চিত্র 'দেশি ওন'। চলচ্চিত্রটির পরিচালক অ্যানিমেটর সুরেশ এরিয়াত। অ্যানিমেশন শিল্পে বিশ্বের সবথেকে মর্যাদাপূর্ণ অনুষ্ঠান এটি। চলচ্চিত্রটি অসংখ্য আন্তর্জাতিক প্রশংসা পেয়েছে, যা এখন 'মিউজিয়াম অফ মডার্ন আর্ট' সংরক্ষণাগারের অংশ।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## কাজের উপযোগী সরকার স্বীকৃত নানান প্যারামেডিক্যাল কোর্স করে চাকরির সুযোগ

**বিশেষ প্রতিনিধি, কলকাতা :** স্কুল অফ মেডিক্যাল টেকনোলজিতে হেলথকেয়ার ও প্যারামেডিকেল কর্মমুখী সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স করানো হয়। এই প্রতিষ্ঠানটি স্থাপিত হয় ১৯৯২ সালে। পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয় ও পশ্চিমবঙ্গ কারিগরি সংসদ এর অধীনে এই প্রতিষ্ঠানটির প্যারামেডিকেল কোর্সের প্রশিক্ষণ শুরু হয় ২০০৩ সাল থেকে। ২০১৫ সালে এই প্রতিষ্ঠানটি দক্ষতা বৃদ্ধি প্রকল্প রূপায়ণে ভারত সরকারের মিনিস্ট্রি অফ স্কিল ডেভেলপমেন্ট অধীন ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের সঙ্গে মৌ-চুক্তি স্বাক্ষরিত হয়।

এই কোর্সগুলি করে যেহেতু সরকারি ও বেসরকারি ক্ষেত্রে চাকরি পাওয়া যায়, তাই কোর্সগুলির বেশিরভাগটাই হয় প্র্যাকটিক্যাল ভিত্তিক। এখানে রয়েছে অত্যন্ত উন্নতমানের সর্বাধুনিক পরিকাঠামো ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী, যারা নিরলস পরিশ্রম করে ছাত্র ছাত্রীদের পেশাদার ও দক্ষ টেকনিশিয়ান করে তুলতে সাহায্য করেন। এছাড়াও এই প্রতিষ্ঠানটির রাজ্যব্যাপী ৩০টির বেশি হাসপাতালের সঙ্গে মৌ-চুক্তি রয়েছে। প্রশিক্ষণের শেষে দক্ষতার বিচারে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগ হয় এবং সম্পূর্ণ দক্ষ কর্মীরাই এইসব প্রতিষ্ঠানে চাকুরি পেয়ে থাকেন। প্রতিটি বিষয়ে দক্ষ ও পেশাদার কর্মী তৈরি করার কারিগর আমরা। ভারত সরকারের এবং পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বৃত্তিমূলক দক্ষতা বৃদ্ধি প্রকল্পে একটি অগ্রগামী প্রতিষ্ঠানরূপে সাফল্যের প্রমাণ রাখতে পেরেছে। এখান থেকে পাস করা ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ সহ ভারতের বিভিন্ন প্রদেশে সরকারি ও বেসরকারি হাসপাতালে ও ডায়াগনস্টিক সেন্টারে কর্মরত। ২০২৫-২৬ শিক্ষাবর্ষে নিম্নলিখিত কোর্সে ভর্তি চলছে — ডিপ্লোমা কোর্স (যোগ্যতা : উচ্চ মাধ্যমিক / কিছু বিষয়ে বিজ্ঞান অগ্রগণ্য) : Duration : ২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ — ১) মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি; ২) অপারেশন থিয়েটার টেকনোলজি; ৩) ফিজিওথেরাপি টেকনোলজি; ৪) রেডিওলজি অ্যান্ড ইমেজিং টেকনোলজি; ৫) নিউরোলজি টেকনিশিয়ান। সার্টিফিকেট কোর্স (যোগ্যতা : মাধ্যমিক / সমতুল্য) Duration : ৬ মাস — ১) অ্যাসিস্ট্যান্ট জিডিএ-ক্রিটিক্যাল কেয়ার (Nursing); ২) মেডিকেল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট। কোর্স ফিস আপনার সাধ্যের মধ্যে। যোগাযোগ : স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি ২৪ পিসিচন্দ্র বোস রোড, এন্টালি, কোলকাতা- ৭০০০১৪ মোবাইল :৯২৩১৫২০৪৮০ / ৯৮৭৪৭৬০০১২/ ০৩৩-২২২৭২৩১০। Website : www.ssmtskill.com

## রেলে ৪৩৪ প্যারামেডিক্যাল

২ পাতার পর ☞

CLW: 5 (UR : 2, SC : 1, OBC : 1, EWS :1 ), (2) RRB Patna – ECR : 2 (UR), (3) RRB Guwahati – NFR : 5 (UR : 2, OBC-2, EWS-1). (4) RRB Siliguri – NFR : 4 (UR : 2, ST-1, OBC : 1).

**ক্যাটেগরি নং ৫: রেডিওগ্রাফার এক্স রে টেকনিশিয়ান :** ফিজিক্স ও কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা রেডিওগ্রাফি /এক্স-রে টেকনিশিয়ান / রেডিও ডায়াগনসিস টেকনোলজি (২ বছর)'র ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা রেডিওগ্রাফি /এক্স-রে টেকনিশিয়ান / রেডিও ডায়াগনসিস টেকনোলজির (২ বছর) ডিপ্লোমা কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৯ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-1. মূল মাইনে : ২৯,২০০ টাকা। কোন কোন রেলে শূন্যপদ আছে তা ওয়েবসাইটে পাবেন।

**ক্যাটেগরি নং ৬ : ই.সি.জি. টেকনিশিয়ান :** সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ বা, ডিগ্রি কোর্স পাশরা ই.সি.জি. ল্যাবরেটরি টেকনোলজি, কার্ডিওলজি, কার্ডিওলজি টেকনিশিয়ান, কার্ডিওলজি টেকনিক্সের সার্টিফিকেট, ডিপ্লোমা বা, ডিগ্রি কোর্স পাশ হলে আর C-1 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। মূল মাইনে :২৫,৫০০ টাকা। কোন কোন রেলে শূন্যপদ আছে তা ওয়েবসাইটে পাবেন।

**ক্যাটেগরি নং ৭ : ল্যাব অ্যাসিস্ট্যান্ট-II :** সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ আর B-1 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০ টাকা। শূন্যপদ : RRB Kolkata – CLW : 2 (UR : 1, OBC : 1).

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২৬'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং Centralised Employment Notice No. CEN 03/2025.

**প্রার্থী বাছাই পরীক্ষা :** সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। কম্পিউটার বেসড টেস্টে **১০০ নম্বরের ১০০টি** অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পেশাগত এবিলিটি -৭০ নম্বরের ৭০টি প্রশ্ন, (২) জেনারেল অ্যাওয়ারনেস - ১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৩) জেনারেল সায়েন্স- ১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৪) জেনারেল অ্যারিথমেটিক, জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং -১০ নম্বরের ১০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫% নম্বর পেলে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদহ, রাঁচি ও গুয়াহাটি রেল রিক্রু. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়। ই-অ্যাডমিট কার্ড পরীক্ষার আগে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। তখন পরীক্ষা দেওয়ার সময় ফটো আই.ডি. হিসাবে ভোটার কার্ড, আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, প্যান কার্ড, পাসপোর্ট, শিক্ষা প্রতিষ্ঠানের আই.ডি. কার্ড নিয়ে যেতে হবে।

পরীক্ষা হবে যে রেল রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করবেন, সেই বোর্ডের শহরের বিভিন্ন স্কুল-কলেজে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৮ সেপ্টেম্বরের মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। সি.বি.টি. পরীক্ষা দিলে ৪০০ টাকা (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা ফেরত পাবেন। কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালুরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in, প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in

দরখাস্ত এডিট করতে পারবেন ২১ সেপ্টেম্বর থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত। কোন কোন রেলে কোন ক্যাটেগরিতে ক'টি শূন্যপদ আছে তা ওয়েবসাইটে পাবেন।

## পি.এস.সি.র

■ *কৃষি প্রযুক্তি সহায়ক পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? বয়স কত থাকা দরকার? — রুনকির দাস, রিষড়া, হুগলি।*

■■ বিজ্ঞপ্তি এবছর বেরোতে পারে। বয়স হতে হবে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে। যোগ্যতা দরকার উচ্চমাধ্যমিক পাশ।

■ *২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোতে পারে? পরীক্ষা কবে হবে? — রাহুল দাস, কাটোয়া, বর্ধমান।*

■■ ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি এ মাসেই বেরোনোর সম্ভাবনা আছে। পরীক্ষা ১৬ নভেম্বর হওয়ার সম্ভাবনা আছে। খুব শিগগিরই পি.এস.সি. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি দিতে বিস্তারিত তথ্য জানাবে।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের পরীক্ষা কবে হবে? — পার্থ দাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা। পরেশ মাইতি, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা। তাপসী বিশ্বাস, হুগলি।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড এক বিজ্ঞপ্তিতে (WBPRB/NOTICE-2025/04 (Misc). Dated: 31/7/2025) পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল, কলকাতা পুলিশের কনস্টেবল / লেডি কনস্টেবল, পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর আর কলকাতা পুলিশের সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদের পরীক্ষার তারিখ ঘোষণা করেছে। কোন পদের পরীক্ষা কবে হবে তা দেওয়া হল : (১) ২০২৪ সালের পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর (আনআর্মড) ও সাব-ইন্সপেক্টর (আর্মড) পদের প্রিলিমিনারি পরীক্ষা হবে ১২ অক্টোবর। (২) ২০২৩ সালের কলকাতা পুলিশের সাব-ইন্সপেক্টর / সাব ইন্সপেক্ট্রেস (আনআর্মড), সাব-ইন্সপেক্টর (আর্মড) ও সার্জেন্ট পদের চূড়ান্ত লিখিত পরীক্ষা হবে ১৫ অক্টোবর। (৩) ২০২৪ সালের পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের লিখিত পরীক্ষা হবে ৩০ নভেম্বর। (৪) ২০২৪ সালের কলকাতা পুলিশের কনস্টেবল / লেডি কনস্টেবল পদের প্রিলিমিনারি লিখিত পরীক্ষা হবে আগামী বছর ১ ফেব্রুয়ারি। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ১ সপ্তাহ আগে থেকে। কবে থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন তার বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://prb.wb.gov.in

■ *২০২৩ সালের কলকাতা পুলিশের সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদের প্রিলিমিনারি পরীক্ষার ফল কবে বেরোবে? — সৌরভ দে, ৩নং লেক কলোনী, কেয়াতলা রোড, কলকাতা-২৯।*

■■ ফল খুব শিগগিরই বেরোবে। মেনস পরীক্ষা হবে ১৫ অক্টোবর।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| সেনাবাহিনীর স্কুলে চাকরির অনলাইন স্ক্রিনিং টেস্টের দরখাস্ত নেওয়া শুরু | গ্র্যাজুয়েট | - | ১৬-৮-২৫ | www.awesindia.com |
| ইন্টেলিজেন্স ব্যুরোয় সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট | মাধ্যমিক | ৪,৯৮৭ | ১৭-৮-২৫ | www.mha.gov.in |
| BSF-এ ট্রেডসম্যান | মাধ্যমিক, আই.টি.আই | ৩,৫৮৮ | ২৫-৮-২৫ | https://rectt.bsf.gov.in |
| SIDBI-তে অফিসার | গ্র্যাজুয়েট | ৫০ | ১১-৮-২৫ | www.sidbi.in |
| IBPS-এর মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটস | গ্র্যাজুয়েট | - | ২১-৮-২৫ | www.ibps.in |
| DRDO-তে ট্রেড অ্যাপ্রেন্টিস শিক্ষক, অ্যাসিস্ট্যান্ট, ইন্সপেক্টর | আই.টি.আই, গ্র্যাজুয়েট | ৯০ | ১৫-৮-২৫ | https://ncvtmis.gov.in |
| AIIMS-এ নার্সিং অফিসার | নার্সিং পাশ | - | ২২-৮-২৫ | www.joinindianarmy.nic.in |
| রেলটেল কর্পোরেশনে গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার | ডিগ্রি বা, ডিপ্লোমা | ৪০ | ১৬-৮-২৫ | https://nats.education.gov.in |
| দক্ষিণ-পশ্চিম রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, আই.টি.আই. | ৯০৪ | ১৩-৮-২৫ | www.rrchubli.in |
| ভারত ডায়নামিক্সে ম্যানেজমেন্ট ট্রেনি | ডিগ্রি | ৪৫ | ১০-৮-২৫ | https://bdl-india.in |
| পূর্ব রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, আই.টি.আই. | ৩,১১৫ | ১৩-৯-২৫ | www.rrcer.org |
| কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে 'সেট' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু | পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি | - | ৩১-৮-২৫ | www.wbcsconline.in |
| IBPS পরীক্ষার মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটস | গ্র্যাজুয়েট | ১০,২৭৭ | ২১-৮-২৫ | www.ibps.in |
| নৌবাহিনীতে অফিসার | গ্র্যাজুয়েট | ১৫ | ১৭-৮-২৫ | www.joinindiannavy.gov.in |
| ব্যাঙ্ক অফ বরোদায় অফিসার | গ্র্যাজুয়েট | ৩০০ | ১৯-৮-২৫ | www.bankofbaroda.in |
| বিমানবাহিনীতে [illegible] | উচ্চমাধ্যমিক, | - | ২৭ আগস্ট- ৪ সেপ্টেম্বর | www.airmenselection.cdac.in |

## রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি পদের লিখিত পরীক্ষায় প্রতিবন্ধীদের কাট অফ নম্বর কত হয়? প্রতিবন্ধীদের ফিজিক্যাল টেস্ট দিতে হয় কি? পরীক্ষা কবে হবে? — সুদীপকুমার দাস, বোড়াই, পশ্চিম মেদিনীপুর। প্রিতম ঘোষ, পূর্ব বর্ধমান।*

■■ কাট অফ নম্বর প্রতি বছর একই থাকে না। তবে প্রতিবন্ধীদের কাট অফ নম্বর ৩৯ (১০০-এর মধ্যে) থাকলে সফল হতে পারেন। এই নম্বর কম-বেশি হয়। প্রতিবন্ধীদের ফিজিক্যাল টেস্ট দিতে হয় না। পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

## স্টাফ সিলেকশনের

■ *এবছর উচ্চমাধ্যমিক পাশ করে প্রথম বর্ষে পড়ছি। কেন্দ্রীয় সরকারের চাকরি করতে আগ্রহী। স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কী কী পদে চাকরি পাওয়া যায়? যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি আর কখন বিজ্ঞপ্তি বেরোয় ও পরীক্ষা কখন হয় বিস্তারিত জানাবেন। — অয়ন মাহাতো, পুরুলিয়া। অনিতা জানান, পূর্ব মেদিনীপুর।*

■■ কেন্দ্রীয় সরকারের চাকরিতে নিয়োগ হয় স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে আর ইউ.পি.এস.সি.র পরীক্ষার মাধ্যমে। স্টাফ সিলেকশন কমিশনের মাধমে কেন্দ্রীয় সরকারের এই ৩টি বড় বড় পরীক্ষা হয়। এই ৩টি পরীক্ষারই দরখাস্ত নেওয়া হয় প্রতি বছর নির্দিষ্ট সময়ে : (১) কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদনের যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথম ধাপের কম্পিউটার বেসড টেস্ট হয় সাধারণত আগস্ট মাস নাগাদ। দরখাস্ত নেওয়া হয় জুলাই মাস নাগাদ। ২০২৫ সালের এই পদের প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা ১৩ আগস্ট থেকে হওয়ার কথা ছিল। কিন্তু ওই পরীক্ষা পিছিয়ে হবে সেপ্টেম্বর মাস নাগাদ। কবে থেকে পরীক্ষা শুরু হবে তা ওয়েবসাইটে দেওয়া হবে। (২) কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। বিজ্ঞপ্তি বেরোয় জুলাইয়ে। পরীক্ষা হয় সেপ্টেম্বরে। ২০২৫ সালের এই পদের প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ৮ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত। (৩) মাল্টি টাস্কিং স্টাফ। মাধ্যমিক পাশরা যোগ্য। বয়স ১৮ থেকে ২৫-বা, ১৮ থেকে ২৭। এবছর পরীক্ষা হবে ২০ সেপ্টেম্বর থেকে ২৪ অক্টোবর পর্যন্ত। দরখাস্ত নেওয়া হয় জুলাইয়ে। এছাড়াও কেন্দ্রীয় সরকারের উচ্চপদে যেমন সিভিল সার্ভিস, ফরেস্ট সার্ভিস, ইকনমিক্স সার্ভিস ইত্যাদি পরীক্ষা হয় ইউ.পি.এস.সি.'র সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে।

## কোর্স ও ট্রেনিং

■ *রাজ্য সরকার ১৪০টি ও.বি.সি. গোষ্ঠী ঘোষণা করেছে। এই ও.বি.সি. তালিকা কোথায় পাব? — কাজল পাইন, মুর্শিদাবাদ।*

■■ গত সপ্তাহের 'কর্মসংস্থান'এ ১৪০টি ও.বি.সি. গোষ্ঠীর নাম-সহ বিস্তারিত তথ্য দেওয়া হয়েছে।

■ *ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল এডুকেশন থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ করেছি। এখন অরুণাচল প্রদেশের নর্থ ইস্ট ফ্রন্টিয়ার ইউনিভার্সিটি থেকে ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে বি.টেক. কোর্স করছি। সব চাকরির ক্ষেত্রে এই ডিগ্রি গ্রহণযোগ্য তো? — সুজয় সামন্ত, চণ্ডীপুর, পূর্ব মেদিনীপুর।*

■■ হ্যাঁ, যোগ্য।

## অন্যান্য চাকরির

■ *কলকাতা হাই কোর্টে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের যে প্রিলিমিনারি পরীক্ষা গত বছর ২৯ সেপ্টেম্বর হয়েছিল, তার ফল অনেক আগেই বেরিয়েছে। মেনস পরীক্ষা কবে হবে? — মীর সৈয়দ আলী, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ এখনো মেনস পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

## জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে :* karmajiggasa@gmail.com *ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | ৭ সেপ্টেম্বর, ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-Clerkship-23 পার্ট-II পরীক্ষা | - | www.wbpsc.gov.in |
| PSC-Clerkship-24 পার্ট-I পরীক্ষা | ২৮ ডিসেম্বর, ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC- মিসলেনিয়াস সার্ভিসেস -২০২৪ প্রিলিমিনারি পরীক্ষা | ২৩ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC- মিসলেনিয়াস সার্ভিসেস -২০২৩ মেনস পরীক্ষা | ৩১ আগস্ট ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেক) -২০২৪ পরীক্ষা | ৯ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (টেক) -২০২৪ পরীক্ষা | ১৬ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| স্কুল সার্ভিস (SLST) পরীক্ষা | ৭, ১৪ সেপ্টেম্বর, ২০২৫ | www.westbengalssc.com |
| SSC কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল (CGL-2025) পরীক্ষা | ১৩- ৩০ আগস্ট, ২০২৫ | www.ssc.nic.in |
| NET-ARS, SMS, STO -2025 | ৪ সেপ্টেম্বর | www.asrb.org.in |
| এয়ারফোর্সে (AFCAT) পরীক্ষা | ২৩-২৫ আগস্ট, ২০২৫ | https//afcat.cdac.in |
| AWES-OST পরীক্ষা | ২০-২১ সেপ্টেম্বর, ২০২৫ | www.awesindia.com |
| UPSC NDA&NA (II), 2025 পরীক্ষা | ১৪ সেপ্টেম্বর, ২০২৫ | www.upsconline.nic.in |
| UPSC CDS (II), 2025 পরীক্ষা | ১৪ সেপ্টেম্বর, ২০২৫ | www.upsconline.nic.in |
| SSC কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল | ৮- ১৮ সেপ্টেম্বর, ২০২৫ | www.ssc.nic.in |
| SSC এম.টি.এস. পরীক্ষা | ২০ সেপ্টেম্বর -১৪ অক্টোবর | www.ssc.nic.in |
| Rail-NTPC (আন্ডার গ্র্যাজুয়েট) | ৭ আগস্ট -৮ সেপ্টেম্বর | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| WBP কনস্টেবল-২০২৪ লিখিত পরীক্ষা | ৩০ নভেম্বর, ২০২৫ | https://prb.wb.gov.in |
| KP কনস্টেবল / লেডি কনস্টেবল ২০২৪ প্রিলিমিনারি পরীক্ষা | ১ ফেব্রুয়ারি, ২০২৬ | https://prb.wb.gov.in |
| KP - SI-২০২৩ মেনস পরীক্ষা | ১৫ অক্টোবর, ২০২৫ | https://prb.wb.gov.in |
| WBP SI-২০২৩ প্রিলি. পরীক্ষা | ১২ অক্টোবর, ২০২৫ | https://prb.wb.gov.in |

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। প্রোটিনের বিল্ডিং ব্লক কাকে বলে — অ্যামাইনো অ্যাসিড।

২। আভাসস আপল মানব শরীরের কোন অঙ্গে দেখা যায় — স্বরযন্ত্র।

৩। পরিবর্তিত বয়সের সঙ্গে ব্যক্তির আয়তন বৃদ্ধিকে কী বলে — বিকাশ।

৪। পর্যায় সারণীর কোন পর্যায়টি অসম্পূর্ণ — সপ্তম।

৫। টেলিস্কোপের নলের উভয় প্রান্তে কোন ধরনের লেন্স থাকে — সম উত্তল লেন্স।

৬। পরমাণুর তিনটি উপাদানের মধ্যে কোনটির ভর সবথেকে কম — ইলেক্ট্রন।

৭। ডারউইনের মতে, প্রাকৃতিক নির্বাচনের একক হল — প্রজাতি।

৮। উদ্ভিজ্জ তেল থেকে বনস্পতি ঘি তৈরিতে কোন গ্যাস ব্যবহৃত হয় — হাইড্রোজেন (ফর্মুলা $H_2$, পরমাণবিক সংখ্যা 1)।

## ইতিহাস

৯। বোম্বে প্রেসিডেন্সিতে জেলার সংখ্যা কত ছিল — ২৪ (বোম্বে প্রেসিডেন্সি ছিল ব্রিটিশ ভারতের একটি প্রশাসনিক উপ-বিভাগ)।

১০। ভারত বিভাগের বিরুদ্ধে ১৯৪৭ সালের ৩ জুলাই কোন দল 'কালো দিবস' পালন করেছিল — হিন্দু মহাসভা।

১১। বাংলার পিপালি তিদের জন্য সবথেকে বেশি পরিচিত — প্রথম ডাচ কারখানা (১৬০৫ সালে ডাচ বণিকেরা মাসুলিপত্তনমে ভারতে তাদের প্রথম কারখানা স্থাপন করে। ১৬২৭ সালে, তারা বাংলায় (পিপালি) একটি কারখানা স্থাপন করে)।

১২। কোন স্থান ভারতীয় উপমহাদেশে কৃষিকাজের প্রাচীনতম প্রমাণ দিয়েছে — মেহেরগড় (পাক-ই-স্তানের বালুচিস্তান রাজ্যে অবস্থিত)।

১৩। কোন স্থানে তুলো চাষের প্রথম প্রমাণ পাওয়া গেছে — মেহেরগড়।

১৪। আফগান-ই-স্তানের বেগ্রাম কোন রাজার রাজধানী ছিল — কণিষ্ক।

১৫। মারাঠা সেনাবাহিনীর রাজকীয় অশ্বারোহী বাহিনীর জন্য কোন শব্দটি ব্যবহার করা হত — বার্গির।

১৬। ১৫৭৬ সাল কোন যুদ্ধের জন্য বিখ্যাত — হলদিঘাটির যুদ্ধ (মোগল সম্রাট আকবরের বাহিনী আর মেবারের রানা প্রতাপের বাহিনীর মধ্যে এই যুদ্ধ হয়েছিল)।

## ভূগোল

১৭। ভারতের 'নুনমাটি' স্থানটি কিসের সঙ্গে সম্পর্কিত — পেট্রোলিয়াম শিল্প।

১৮। কোন পর্বতশ্রেণি আরব সাগরের উপকূলের কাছে পূর্ব গুজরাতে উৎপন্ন হয়েছে আর পূর্বে মহারাষ্ট্র ও মধ্য প্রদেশ হয়ে ছত্তিশগড় পর্যন্ত বিস্তৃত — সাতপুরা।

১৯। কোন হিমালয়ে, উঁচু শৃঙ্গগুলি খুব বিরল — পঞ্জাব হিমালয়।

২০। মধ্য হিমালয়ের পূর্ব ও পশ্চিম সীমানা কোনটি — নাঙ্গা পর্বত ও নামচা বারওয়া (নাঙ্গা পর্বত হল সমুদ্রপৃষ্ঠ থেকে ৮,১২৬ মিটার উঁচুতে অবস্থিত বিশ্বের নবম সর্বোচ্চ পর্বত)।

২১। ভারতের দৈনিক আবহাওয়ার মানচিত্র কোথায় তৈরি ও মুদ্রিত হয় — পুণে (ডেটা সেন্টার অফ ইন্ডিয়া মেটেওরোলজিক্যাল ডিপার্টমেন্ট)।

২২। কৈলাশ মানস সরোবরের তীর্থযাত্রীরা কোন পথ দিয়ে অতিক্রম করেন — লিপু লেখ (উত্তরাখণ্ডের পিথোরাগড় জেলায় অবস্থিত)।

২৩। হলদিয়ায় বন্দর গড়ে ওঠার কারণ কী — গভীর পোতাশ্রয়।

২৪। দাক্ষিণাত্যের মালভূমি কোন পাথর দিয়ে গঠিত — ব্যাসল্ট।

## অর্থনীতি

২৫। বেঙ্গালুরুর কোরামঙ্গলায়, ভারতের প্রথম ইউপিআই চালিত ডিজিটাল ব্যাঙ্ক শাখা আর এটিএম চালু করল কোন কোম্পানি — ফিনটেক কোম্পানি 'স্লাইস'।

২৬। 'কর্ণাটক ব্যাঙ্ক'এর অন্তর্বর্তীকালীন ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — রাঘবেন্দ্র শ্রীনিবাস ভাট।

২৭। গুজরাতের গিফট সিটি'তে একটি আইএফএসসি ব্যাঙ্কিং ইউনিট খোলার জন্য আবেদন করল কোন দেশের বৃহত্তম বেসরকারি ব্যাঙ্ক 'সিটিবিসি ব্যাঙ্ক' — তাইওয়ান।

২৮। 'আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার'এর প্রথম ডেপুটি ম্যানেজিং ডিরেক্টরের পদ থেকে পদত্যাগ করলেন কে — গীতা গোপীনাথ।

২৯। 'গ্লোবাল ফিনান্স' পত্রিকার তরফ থেকে, এবছরের জন্য 'বিশ্বের সেরা কনজিউমার ব্যাঙ্ক'এর শিরোপা পেল কারা — ভারতীয় স্টেট ব্যাঙ্ক।

৩০। 'ইন্ডাসইন্ড ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — রাজীব আনন্দ।

## রাষ্ট্রনীতি

৩১। লোকসভার সেক্রেটারি জেনারেল কে নিযুক্ত করেন — লোকসভার অধ্যক্ষ।

৩২। সংবিধান সংশোধনীর কথা ভারতীয় সংবিধানের কত নম্বর পার্টে উল্লেখ রয়েছে — পার্ট ২০।

৩৩। ভারতীয় সংবিধানে একক নাগরিকত্বের ধারণা কোন দেশের সংবিধান থেকে নেওয়া হয়েছে — যুক্তরাজ্য।

৩৪। ভারতীয় সংবিধানের কোন অংশটিকে সংবিধানের ক্ষুদ্র সংস্করণ বলা হয় — মুখবন্ধ।

৩৫। রাষ্ট্রপতির বিরুদ্ধে 'ভর্ৎসনা' সংসদের কোন কক্ষে তুলতে হয় — রাজ্যসভা বা লোকসভায়।

## সাম্প্রতিক ঘটনা

৩৬। কেন্দ্রীয় অর্থমন্ত্রকের ব্যয় বিভাগে উপ-সচিব হিসাবে নিযুক্ত হলেন কে — মৃত্যুঞ্জয় শ্রীকান্তন।

৩৭। অঙ্গ দাতাদের জীবন রক্ষাকারী অবদানের প্রতি শ্রদ্ধা জানাতে, তাঁদের সম্মান জানানোর সিদ্ধান্ত নিল কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল — পুদুচেরি।


৩৮। জীবিকা নির্বাহ ও নারীর ক্ষমতায়নের মাধ্যমে সুবিধাবঞ্চিত অন্ত্যোদয় পরিবারগুলিকে সহায়তা করার জন্য, 'G-SAFAL' উদ্যোগ চালু করল কোন রাজ্য — গুজরাত।

৩৯। নয়াদিল্লির 'দিল্লি মেট্রো রেল কর্পোরেশন'এর ওখলা বিহার মেট্রো স্টেশনে, দেশের প্রথম ভার্টিক্যাল দ্বিমুখী সৌরবিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধন করলেন কে — কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রী মনোহর লাল খট্টর (৫০ কিলোওয়াট ক্ষমতাবিশিষ্ট এই সৌরবিদ্যুৎ কেন্দ্রটিতে দ্বিমুখী প্যানেল রয়েছে, যা উভয় দিক থেকে সূর্যালোক ধারণ করার জন্য তৈরি করা হয়েছে)।

৪০। সিঙ্গাপুরে, 'ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অফ এইডস টু মেরিন নেভিগেশন'এর সহ-সভাপতি হিসাবে নির্বাচিত হয়েছে কোন দেশ — ভারত।

৪১। এবছর ৭৮ তম 'বাফটা পুরস্কার'এ 'সেরা চলচ্চিত্র'এর পুরস্কার পেল কোন চলচ্চিত্র — এডওয়ার্ড বার্গার পরিচালিত 'কনক্লেভ'।

৪২। প্রথম ভারতীয় বংশোদ্ভূত হিসাবে, মার্কিনি গোয়েন্দা সংস্থা



'ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশন'এর প্রধান হিসাবে নিযুক্ত হলেন কে — কাশ পটেল।

৪৩। এই নিয়ে টানা তৃতীয়বার ভারতের পাখি গণনার তালিকায় শীর্ষ স্থান দখল করল কোন রাজ্য — পশ্চিমবঙ্গ (৫৪০টি পাখির প্রজাতি পর্যবেক্ষণ করে তালিকার শীর্ষে রয়েছে পশ্চিমবঙ্গ)।

৪৪। বাংলাদেশের 'বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম'এর নতুন নাম কী — জাতীয় স্টেডিয়াম, ঢাকা।

৪৫। রাজ্য জুড়ে গুটখা ও পান মশলার বিক্রি, উৎপাদন, সংরক্ষণ ও বিতরণের ওপর এক বছরের নিষেধাজ্ঞা জারি করল কারা — ঝাড়খণ্ড।

৪৬। নয়াদিল্লির বিজ্ঞান ভবনে ৯৮ তম 'অখিল ভারতীয় মারাঠি সাহিত্য সম্মেলন'এর উদ্বোধন করেছেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী (২১ থেকে ২৩ ফেব্রুয়ারি)।

৪৭। মিজোরামের প্রথম স্কাইওয়াকের উদ্বোধন হল কোথায় — আইজল।

৪৮। 'আন্তর্জাতিক মহিলা সম্মেলন-২০২৫'এ, মর্যাদাপূর্ণ 'নিলাদ্রী' পুরস্কার'এ ভূষিত হলেন কে — ড.ভাগ্যশ্রী প্রসাদ পাতিল ((শিক্ষা ও গতিশীল নেতৃত্বে রূপান্তরমূলক অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি)।

৪৯। নয়াদিল্লিতে অনুষ্ঠিত ১০০ তম 'স্কচ সম্মেলন'এ, 'স্কচ পুরস্কার ২০২৪'এ ভূষিত হল কোন রাজ্যের বন ব্যবস্থাপনা প্রকল্প — নাগাল্যান্ড।

৫০। এবছর 'টাইম' পত্রিকার বিচারে, 'বর্ষসেরা মহিলা'র তালিকায় একমাত্র ভারতীয় হিসাবে অন্তর্ভুক্ত হলেন কে — অসমের জীববিজ্ঞানী ও বন্যপ্রাণী সংরক্ষণবিদ ড.পূর্ণিমা দেবী বর্মণ (বিপন্ন হারগিলা পাখি ও তাদের আবাসস্থল সংরক্ষণে অবদান রেখেছেন পূর্ণিমা দেবী বর্মণ)।

৫১। ভারতের প্রথম বন্যপ্রাণী বায়োব্যাঙ্ক কোথায় চালু হয়েছে — পশ্চিমবঙ্গের দার্জিলিংয়ের 'পদ্মজা নাইডু হিমালয়ান জুলজিক্যাল পার্ক'এ।

৫২। স্বাধীন ভারতের প্রথম নাগরিক হিসাবে, সাম্মানিক 'নাইটহুড' খেতাব পেলেন কে — 'ভারতী এন্টারপ্রাইজ'এর প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান সুনীল ভারতী মিত্তল (ভারত-ইংল্যান্ড বাণিজ্য সম্পর্কে বিশেষ অবদানের স্বীকৃতি হিসাবে তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে)।

৫৩। 'নীতি আয়োগ'এর চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে — বি.ভি.আর.সুব্রহ্মণ্যম।

৫৪। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দ্বিতীয় প্রধান সচিব হিসাবে নিযুক্ত হলেন কে — শক্তিকান্ত দাস।

৫৫। স্মার্ট এনার্জি ট্রানজিশনের জন্য, 'আমাজন ওয়েব সার্ভিসেস'এর সঙ্গে অংশীদারিত্ব করল কোন সংস্থা — টাটা পাওয়ার।

৫৬। ভারতের কোন রাজ্যের ৫১ তম 'খাজুরাহো নৃত্য উৎসব' 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল — মধ্য প্রদেশ (১৩৯ জন শিল্পী একটানা ২৪ ঘন্টা ৯ মিনিট ২৬ সেকেন্ড ধরে একটি ধ্রুপদী নৃত্য ম্যারাথন পরিবেশন করেন, যা দীর্ঘতম ধ্রুপদী নৃত্য ম্যারাথনের জন্য 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' অর্জন করেছে)।

৫৭। এখন ভারতের মধ্যে সবথেকে বেশি শকুন রয়েছে কোন রাজ্যে — মধ্য প্রদেশ (এবছর শকুন শুমারির প্রথম ধাপ অনুসারে, রাজ্যটিতে শকুনের সংখ্যা ১২,৯৮১'তে পৌঁছেছে)।

৫৮। বিশ্বে চিনের পর দ্বিতীয় দেশ হিসাবে, পাইলটদের জন্য ডিজিটাল পাইলট লাইসেন্স- (ইলেক্ট্রনিক পার্সোনাল লাইসেন্স) চালু করল কোন দেশ — ভারত (এটি চালু হওয়ার ফলে, বিমান চালকদের পাইলট লাইসেন্সের সব তথ্য এখন থেকে অনলাইনে সংরক্ষণ ও পরিচালনা করা যাবে)।

৫৯। মরিশাসের ৫৭ তম জাতীয় দিবসে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৬০। এবছর 'মেমোরি লিগ বিশ্ব চ্যাম্পিয়নশিপ' জিতে ইতিহাস গড়লেন



কে — ভারতীয় কলেজ ছাত্র বিশ্ব রাজকুমার ('মেমোরি লিগ' ওয়েবসাইট অনুসারে, ৫,০০০ পয়েন্ট পেয়ে প্রথম স্থান অধিকার করেছেন তিনি)।

৬১। এশিয়ার প্রথম বৈশ্বিক হাইপারলুপ প্রতিযোগিতা আয়োজন করল কারা — আইআইটি মাদ্রাজ (২১ থেকে ২৫ ফেব্রুয়ারি)।

৬২। এবছর 'পুসা কৃষি বিজ্ঞান মেলা' কোথায় হয়েছে — নয়া দিল্লি (২২ থেকে ২৪ ফেব্রুয়ারি)।

৬৩। মার্কিন যুক্তরাষ্ট্রের বোস্টনে এক বিশেষ অনুষ্ঠানে, ম্যাসাচুসেটসের শংসাপত্রে সম্মানিত হলেন কে — নীতা আম্বানি (শিক্ষা, স্বাস্থ্যসেবা, খেলাধুলা, শিল্পকলা, সংস্কৃতি ও নারীর ক্ষমতায়নে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি)।

৬৪। 'বাথুইবাদ'কে একটি সরকারি বিকল্প হিসাবে স্বীকৃতি দিল কোন রাজ্যের 'বোরোল্যান্ড টেরিটোরিয়াল রিজিয়ন' — অসম (এটি জন্ম ও মৃত্যু সার্টিফিকেট আর শিক্ষাগত ক্ষেত্রে ভরতির মতো নথিতে অন্তর্ভুক্ত থাকবে)।

৬৫। 'ফোর্বস ইন্ডিয়া'র তরফ থেকে প্রকাশিত এবছর বিশ্বের শীর্ষ ১০ ধনী মহিলার তালিকায় শীর্ষে রয়েছেন কে — অ্যালিস লুইস ওয়াল্টন (তাঁর মোট সম্পদের পরিমাণ ১১২.৫ বিলিয়ন মার্কিন ডলার)।

৬৬। সব স্কুলে পাঞ্জাবিকে একটি প্রধান ও বাধ্যতামূলক বিষয় হিসাবে পড়ানোর সিদ্ধান্ত নিল কোন রাজ্য — পঞ্জাব।

৬৭। 'জাতীয় বিজ্ঞান দিবস' কবে পালিত হয় — ২৮ ফেব্রুয়ারি।

৬৮। জার্মানির পরবর্তী চ্যান্সেলর হতে চলেছেন কে — ফ্রেডরিখ মের্জ।

৬৯। 'রতন টাটা এনডাউমেন্ট ফাউন্ডেশন'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — এন.চন্দ্রশেখরন।

৭০। ষষ্ঠ 'ধর্ম গার্ডিয়ান' যৌথ সেনা মহড়া কোন দুই দেশের মধ্যে পরিচালিত হয়েছে — ভারত ও জাপান।

৭১। 'চেন্নাই আন্তর্জাতিক বিমানবন্দর'এ 'উড়ান যাত্রী ক্যাফে' উদ্বোধন করলেন কে — কেন্দ্রীয় বেসামরিক বিমান পরিবহণ মন্ত্রী রাম মোহন নাইডু।

## খেলাধূলা

৭২। নবম 'এশিয়ান শীতকালীন গেমস' কোথায় হয়েছে — চিনের হারবিন (৭ থেকে ১৪ ফেব্রুয়ারি)।

৭৩। ষষ্ঠ "পুরুষদের হকি ইন্ডিয়া লিগ ২০২৪-'২৫"এর শিরোপা জিতল কোন দল — শ্রাচী রাঢ় বেঙ্গল টাইগার্স (হায়দরাবাদ তুফান্স'কে ৪-৩ ব্যবধানে হারিয়ে)।

৭৪। পেশাদার টেনিস থেকে অবসরের ঘোষণা করলেন কোন দেশের সিমোনা হালেপ — রোমানিয়া।

৭৫। প্রথমবারের মতো 'বিশ্ব পিকলবল লিগ' শিরোপা জিতল কোন দল — বেঙ্গালুরু জওয়ানস (পুণে ইউনাইটেড'কে ৩-১ ব্যবধানে হারিয়ে)।

৭৬। ক্রীড়া জগতের নিউজ সাইট 'স্পোর্টিকো'র বিচারে, ২০২৪ সালের শীর্ষ ১০০ জন সর্বোচ্চ বেতনভোগী ক্রীড়াবিদের তালিকায় শীর্ষে রয়েছেন কে — পর্তুগিজ পেশাদার ফুটবলার ক্রিশ্চিয়ানো রোনাল্ডো (২৬০ মিলিয়ন মার্কিন ডলার আয় করেছেন তিনি)।

৭৭। চতুর্থ 'দক্ষিণ এশীয় সিনিয়র অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ' কোথায় হয়েছে — রাঁচির 'বীরসা মুন্ডা অ্যাথলেটিক্স স্টেডিয়াম' (৩ থেকে ৫ মে)।

৭৮। সারা বিশ্বের জনসাধারণের ভোটে ২০২৪ সালের বিবিসি 'বর্ষসেরা ইন্ডিয়ান স্পোর্টসওম্যান'এর পুরস্কার



জিতলেন কে — শ্যুটার মনু ভাকের।

৭৯। ভারতের কোন প্রাক্তন ক্রিকেটারকে এবছর পুরুষদের চ্যাম্পিয়ন্স ট্রফির ৪ জন দূতের মধ্যে একজন হিসাবে বেছে নিয়েছিল 'আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল' — শিখর ধাওয়ান।

৮০। একদিনের আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণা করলেন কোন দেশের অল-রাউন্ডার মার্কাস স্টইনিস — অস্ট্রেলিয়া।

৮১। ২০২৪ সালের বিবিসি 'বর্ষসেরা ইন্ডিয়ান প্যারা-স্পোর্টসওম্যান'এর পুরস্কার জিতলেন কে — শ্যুটার অবনী লেখারা।

৮২। সম্প্রতি প্রয়াত মিলিন্দ রেগে (৭৬ বছর) কে ছিলেন — মুম্বই ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক।

৮৩। এবছর ৩৪ তম আইটিটিএফ-এটিটিইউ এশিয়ান কাপ টেবল টেনিস টুর্নামেন্ট কোথায় হয়েছে — চিনের শেনজেন।

৮৪। আইসিসি'র সদ্য প্রকাশিত র‍্যাঙ্কিং অনুযায়ী, একদিনের ক্রিকেটে পুরুষ ব্যাটারদের তালিকায় এক নম্বরে উঠে এলেন কে — শুভমন গিল (তাঁর রেটিং পয়েন্ট ৭৯৬)।

সঙ্কলক : পলি দেওয়ান

## প্রগতি ITI-এ ভর্তি
বহরমপুর ও কৃষ্ণনগরে

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২৫ সেশনে বিনা ডোনেশনে ভর্তি চলছে

কোর্স : ইলেকট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700

## মুক্ত বিদ্যালয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক কোর্সে ভর্তি

বোর্ড অফ ওপেন স্কুলিং এন্ড স্কিল এডুকেশন অনুমোদিত পাঠকেন্দ্র কোটালপুর হাই স্কুল, ভায়া কেশব, হুগলি (কোড B3302) এ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজিস্ট্রেশন শুরু হয়েছে। অনলাইন মোডে পরীক্ষা হবে মার্চ, ২৬-এ। খুব সহজেই উচ্চ নম্বর নিয়ে পাশ করে পশ্চিমবঙ্গ সহ যেকোনো কলেজে নার্সিং, ফার্মেসি, ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল, প্যারামেডিক্যালে ভর্তি হতে পারবেন। ভর্তির জন্য যোগাযোগ করুন স্কুলে। অথবা ফোন করুন : 7003156422

## ADMISSION OPEN FOR JOB ORIENTED COURSES

**SRIMATI TECHNO INSTITUTE**
INDUSTRIAL TRAINING & MENTORING
JOIN TO BE A COMPLETE PROFESSIONAL

CALL US 92300 76099 / 92300 62679
www.srimatitechno.org

**ITI Courses**
- Electrician • Fitter • Welder
- Refrigeration & AC Mechanic
- Automobile Mechanic

Placement Assistance

**Safety Management Courses**
- Diploma in Fire & Safety Mgmt.
- Adv. Diploma in Fire & Safety Mgmt.
- B.Sc(Fire & Industrial Safety) 3Yrs
- B.Sc. Hons. in (Fire & Industrial Safety) 4Yrs

**Short Term Courses**
- Mobile & Smart Phone Tech.
- CCTV Technician

**Art & Design Courses**
- Fashion Design & Tech.
- Interior Design (AutoCAD, 3Ds Max with V-Ray)
- Animation & Multimedia

**Beauty & Wellness**
- Beautician (Skin & Hair)
- Professional Make-up
- Bridal Make-up

**IT Courses**
- Computer Hardware & Net.
- AutoCAD • FA with GST(Tally Prime)
- DTP • 3Ds Max with V-Ray
- Web Tech. • Office Management
- Audio & Video Editing
- Digital Marketing

**SRIMATI'S HIGHLIGHTS**
- কর্পোরেট সেমিনার এবং ইন্টার্নশিপ • মক ইন্টারভিউ সেশন • পৃথক বিভাগ অনুযায়ী কর্মশালা • ইন্ডাস্ট্রি দ্বারা প্রশিক্ষিত ফ্যাকাল্টি • সিমুলেশন ভিত্তিক প্রশিক্ষণ • অডিও-ভিজুয়াল প্রশিক্ষণ • সেমিনার এবং ফ্যাশন শো • ফ্লেক্সিবল ব্যাচ টাইমিং • গ্রন্থাগার • ইন্ডিভিজুয়াল কেয়ার • ওয়াই-ফাই ক্যাম্পাস • রেলওয়ে কনসেশন • নিয়মিত মূল্যায়ন

HO : 114/2A, Hazra Rd, Nr. Kalighat Fire Brigade, Kol -26

BRANCH Open — BARUIPUR 92300 62678

9.00AM To 8.00PM (Mon to Saturday) Follow us | www.srimatitechno.org



Join **BNG** Hotel Management Institute, Kolkata

World's Most Popular and Job Oriented Course

HOTEL, HOSPITALITY & TOURISM MANAGEMENT COURSES

| Program Duration | Total FEE | |
|---|---|---|
| 1 Year Learn & Earn From Day 1 | ~~50,000/-~~ | 25,000/- |

INSTANT LOAN

9674062259
9830796307

BNG

ভারতবর্ষের প্রথম পশ্চিমবঙ্গ যোগ ও ন্যাচারোপ্যাথি কাউন্সিল (পশ্চিমবঙ্গ সরকার, স্বাস্থ্য বিভাগ, আয়ুষ শাখা) অনুমোদিত

পশ্চিমবঙ্গ যোগ ও ন্যাচারোপ্যাথি কাউন্সিল যোগ ও ন্যাচারোপ্যাথি এক (০১) বছরের

**পেশাদার ট্রেনিং কোর্স**

9830289218, 9062083675
Asian Yoga Research Institute & VTC
Thakurpukur, 135/16 Jagirghat Road, Kol-63

## Clinical Research Centre (CRC), JU
Kolkata – 700 032

In Collaboration with Manipal Hospital Ltd., Kolkata announces Certificate Course in **"Dialysis Technician"**.
**Duration :** 9 months,
**Eligibility :** H.S (Science) and Above.
**Last Date of Application** 21 August 2025.
**100% Job Assistance.**
**Cont. : 9088401354**

# গ্র্যাজুয়েশন শেষ?
## এবার ভবিষ্যতের প্রস্তুতি শুরু হোক!
সরকারি চাকরি পাওয়ার প্রথম পদক্ষেপ এখন থেকেই!

**আজই যোগাযোগ করুন সঠিক গাইডেন্স-এর জন্য!**

সাথে পাচ্ছেন এক্সক্লুসিভ সুবিধা
- কেরিয়ার কাউন্সেলিং
- স্ট্র্যাটেজিক অ্যাকাডেমিক গাইডেন্স
- এক্সাম ফর্ম ফিলআপ সহায়তা
- স্যাম্পল নোটস, মক টেস্ট, কারেন্ট অ্যাফেয়ার্স ম্যাগাজিন এবং আরও অনেক কিছু...

সামনে রয়েছে ২৫,০০০+ পদে সরকারি চাকরির সুযোগ!
তাই আর দেরি নয় — আজই শুরু হোক আপনার স্বপ্নপূরণের পথ!

**RICE EDUCATION**



"প্রথম চেষ্টাতেই WBCS!"
আমি সবসময়ই স্বপ্ন দেখতাম এগজিকিউটিভ পদে পৌঁছানোর। সেই স্বপ্ন পূরণ হয়েছে প্রথম চেষ্টাতেই, কারণ আমার ভিতরে ছিল নিরন্তর প্যাশন আর অটুট ইচ্ছাশক্তি। ২০২২ সালকে আমি নিজের জীবনের টার্নিং পয়েন্ট বানিয়েছিলাম। রাইসে ভর্তি হয়ে নিজেকেই একটা প্রতিশ্রুতি দিয়েছিলাম— "Now or Never!"
হান্ড্রেড পার্সেন্ট ডেডিকেশন দিয়ে প্রতিটি দিন পড়াশোনায় কাটিয়েছি। সময় নষ্ট করিনি একটুও। তবুও একসময় হতাশা এসেছিল। ৪-৫ বছর চেষ্টা করেও সফল না হওয়ায় মনে হয়েছিল হয়তো পারব না... হাল ছেড়ে দেওয়ার ভাবনাও এসেছিল। কিন্তু রাইসের গাইডেন্স আর পর্যাপ্ত প্রস্তুতির সময় পাওয়ার ফলে প্রিলিতে আমার পারফরম্যান্স ছিল অসাধারণ। একটা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ছিল সোশ্যাল মিডিয়া থেকে সম্পূর্ণ দূরে থাকা। তিন বছর আমি ফেসবুক, ইনস্টাগ্রাম—সবকিছু থেকে নিজেকে সরিয়ে রেখেছিলাম।
আমি বলব, WBCS একটা টেস্ট ম্যাচের মতো—এখানে মিথ বা শর্টকাট নেই। চেষ্টা করলে একবারেই সফল হওয়া সম্ভব। আর ভাষা? আমার অপশনাল ছিল Sociology In Bengali। অনেকে ভয় পায় বাংলা ভাষায় পরীক্ষা দিতে, কিন্তু আমি নিজে প্রমাণ করেছি—ভাষা কোনও বাধা নয়, যদি কনসেপ্ট ও কনটেন্ট পরিষ্কার থাকে।
ইংরেজি নিয়ে আমিও ভীত ছিলাম। কিন্তু রাইসের স্যারদের সাহায্যে সেই ভয় উবে গিয়েছিল। সবশেষে আমি এটুকুই বলব— যেটাই করো, মন দিয়ে করো। আত্মবিশ্বাস আর পরিশ্রম—এই দু'টোই তোমার ভবিষ্যৎ গড়ে দেবে।

20
ROUSAN HABIB
WBCS 2022 Gr-A, Executive



"পাঁচবারের চেষ্টায় WBCS—জেদ ছিল, বিশ্বাস ছিল, তাই পেরেছি।"
আমার র‍্যাঙ্ক ৮৯। ২০১৬ সাল থেকে আমি প্রতিনিয়ত পরিশ্রম করে গেছি—এক মুহূর্তের জন্যও থামিনি। অবশেষে ২০২২ সালে এল কাঙ্ক্ষিত সাফল্য।
এই দীর্ঘ পথচলায় অনেকবার মনে হয়েছে, হয়তো পারব না।
হতাশা এসেছে, ক্লান্তি এসেছে।
কিন্তু এমন সময় নিজেকে আয়নার সামনে দাঁড় করিয়েছি— নিজেকেই প্রশ্ন করেছি, "কি চাই জীবনে?"
যখন চারদিক থেকে হাল ছেড়ে দেওয়ার কথা এসেছে, তখন ভেতরের শক্তিটাই আমাকে চালিয়ে নিয়ে গেছে। আমি জানতাম, এই লড়াইটাই আমাকে তৈরি করছে। সাফল্যের এই গল্প এখানেই শেষ নয়। আমার উচ্চাশা এখনও বেঁচে আছে। যতদিন না নিজের লক্ষ্য পূরণ করতে পারছি, ততদিন আমার লড়াই চলবে।
আমি আগামী প্রজন্মের পরীক্ষার্থীদের বলব—তোমার ভেতরে যদি থাকে কঠোর পরিশ্রমের মানসিকতা, অটুট ডেডিকেশন আর অবিচল ধৈর্য— তবে তুমি নিশ্চয়ই সফল হবে।
নিজের উপর বিশ্বাস রাখো।
আমি পেরেছি, তুমিও পারবে।

15
SANJAY MAHANTY
WBCS 2022 Gr-A, WB Food & Supplies Service, Roll-0407620, CML-89

Classroom | Online | Residential

IAS | WBCS | PSC | SSC | Rail | Police | Bank | TET | Insurance

RICE IAS Centre, Sealdah : 81008 19447, 81009 71442

Head Office - Belgharia (Dishari House) 84799 02085
Sealdah (City Office) 84799 17959 / 84799 18013

Arambag : 87775 19273 | Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 | Gangarampur : 86977 46059 | Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk : 84799 17957

Seats for the Residential Program at Adamas Knowledge City Barasat are now full due to overwhelming response

Helpline 62921 90230 | riceeducation.in

RICE Education-এর প্রাক্তন শিক্ষার্থী যারা এখনও সাফল্যের জন্য প্রস্তুতি নিচ্ছেন, আমরা আপনাদের পাশে আছি। আজই যোগাযোগ করুন!


Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from ... P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : ...